

বিশেষ সাময়িকী ২০১৪



অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিশেষ সাময়িকী ২০১৪



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১ তলা)

১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০

ফোন : ৯৫৬৮১০১-২, ৯৫৬১৫২৫

ফ্যাক্স : (৮৮)-০২-৯৫৬৩৭২১

Website: <http://www.secbd.org>, <http://www.sec.gov.bd>

E-mail: secbd@bdmail.net



প্রতিবেদন

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



এই বিশেষ সাময়িকী
২০১৪ কমিশনের গত
প্রায় চার বৎসরের
উল্লেখযোগ্য কর্ম
প্রচেষ্টার প্রতিফলনের
সংক্ষিপ্ত একটি প্রয়াস
মাত্র। আশা করি এই
সাময়িকীটির
তথ্য-উপাত্তগুলি স্টেক
হোল্ডার, শিক্ষাবিদ এবং
গবেষকদের গবেষণার
কাজে উল্লেখযোগ্য
অবদান রাখবে।

দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে শিল্প প্রতিষ্ঠানের বিকাশ, কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থিক শৃঙ্খলা ও স্থিতিশীলতা বজায় রাখার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মুদ্রাবাজার ও পুঁজিবাজার একটি দেশের আর্থিক ব্যবস্থার প্রধান দু'টি শাখা হলেও দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে পুঁজিবাজারের সম্ভাবনাকে কাজে লাগানোর যথেষ্ট অবকাশ এখনও রয়ে গেছে। বাংলাদেশে যেখানে বাজার পুঁজি ও জিডিপি অনুপাত মাত্র ২৫% এর কাছাকাছি সেখানে অনেক উন্নত দেশে তা শতভাগেরও বেশী। পুঁজিবাজারের এই সম্ভাবনাকে কাজে লাগাতে হবে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের হাতিয়ার হিসাবে। তবে আমাদের বাজারের আর্থিক শৃঙ্খলা, স্থিতিশীলতা ও উন্নয়ন সমন্বিত রাখার জন্য প্রয়োজন রয়েছে ব্যাপক সংস্কার কার্যক্রমের, যা বর্তমান কমিশন নিরলসভাবে চালিয়ে যাচ্ছে গত প্রায় চার বৎসর যাবৎ। এরই ধারা বাহিকতায় আন্তর্জাতিক মানের সার্ভিলেন্স সিস্টেম স্থাপন, স্টক এক্সচেঞ্জসমূহের ডিমিউচ্যালাইজেশন, পুঁজিবাজারের জন্য বিশেষ ট্রাইবুনাল গঠন, পুঁজিবাজার বিষয়ক বিভিন্ন আইনের সংস্কার ও নতুন বিধান প্রণয়ন, কমিশনের জন্য নিজস্ব ভবন নির্মাণ ও এর জনবল কাঠামো শক্তিশালীকরণ বিশেষভাবে উল্লেখযোগ্য। কমিশনের এই সংস্কার কার্যক্রম আন্তর্জাতিক মহলেরও স্বীকৃতি অর্জন করেছে। International Organization of Securities Commissions (IOSCO) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে এর ব্যাপক সংস্কার কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে IOSCO 'A' ক্যাটাগরী স্ট্যাটাস প্রদান করে কমিশন তথা বাংলাদেশকে আন্তর্জাতিক অঙ্গনে সম্মানিত করেছে। এর ফলশ্রুতিতে এ দেশের প্রতি বৈদেশিক বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি পেয়েছে এবং এ দেশে বৈদেশিক বিনিয়োগ বৃদ্ধির ক্ষেত্র তৈরী হয়েছে যা দেশের জিডিপি বৃদ্ধিরও সম্ভাবনাকে উজ্জ্বল করেছে। আর এই সকল কর্মকাণ্ডে সরকারের দূরদর্শিতা ও সহায়তা, বিশেষ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত এর আন্তরিক সহযোগিতা ও সমর্থনের কারনে কমিশনের পক্ষে এসকল কাজ করা সম্ভব হয়েছে। তাই মাননীয় প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর সরকারের সংশ্লিষ্ট সকলকে এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলকে আন্তরিক মোবারকবাদ জানাই।


ড. এম. খায়রুল হোসেন



সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা নং
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন	০৫
গত প্রায় চার বছরে কমিশনের বিশেষ অর্জন :	২০
কমিশন এর IOSCO 'A' ক্যাটাগরী সদস্য পদ অর্জন	২১
IOSCO 'A' ক্যাটাগরী স্ট্যাটাস অর্জন করার কমিশনকে মাননীয় প্রধানমন্ত্রীর অভিনন্দন	২৫
IOSCO 'A' ক্যাটাগরী স্ট্যাটাস অর্জন করার কমিশনকে স্টক এক্সচেঞ্জ এর অভিনন্দন	২৯
'A' ক্যাটাগরী সদস্যপদ অর্জন করার IOSCO এর বাৎসরিক সাধারণ সভায় বিএসইসি কে সম্বর্ধনা জ্ঞাপন	৩০
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিএসইসি ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন	৩২
স্টক এক্সচেঞ্জ ডিমিউচুয়ালাইজেশন	৩৮
কমিশনে আধুনিক সার্ভাইজাল সিস্টেম স্থাপন	৪৩
IOSCO এর এনফোর্সমেন্ট এন্ড কো-অপারেশন উপদেষ্টা পদে বিএসইসি'র নিবন্ধী পরিচালক জনাব ফরহাদ আহমেদ এর মনোনয়ন	৪৭
পুঁজিবাজার বিশ্লেষণ ও পর্যালোচনা	৪৮
পুঁজিবাজারের সংস্কার কার্যক্রম (মে ২০১১ - ডিসেম্বর ২০১৪)	৫০
পুঁজিবাজার তদন্ত কমিটি-২০১১ এর সুপারিশ বাস্তবায়ন	৫৪
সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণ	৫৮
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর মামলা সংক্রান্ত তথ্যাদি	৬০
২০০৯-২০১৪ সালে পুঁজিবাজার থেকে ব্যবসা ও শিল্প-কারখানায় পুঁজির জোগান	৬১
পুঁজিবাজার উন্নয়নে দীর্ঘ মেয়াদি পরিকল্পনা	৬২
কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস	৭১
কমিশন এর নতুন লোগো প্রবর্তন	৯১
পুঁজিবাজার বিষয়ক স্পেশাল ট্রাইবুনাল প্রতিষ্ঠা	৯৫
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন)আইন, ২০১২	৯৯
Securities and Exchange Ordinance 1969 এর সংশোধন করে প্রণীত আইন	১০৫
এক্সচেঞ্জের ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩	১১৩
ডিএসই ডিমিউচুয়ালাইজেশন কিম	১৩১
সিএসই ডিমিউচুয়ালাইজেশন কিম	১৮৯
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০১৪ এর ভূমিকা এবং এর উল্লেখযোগ্য সংযোজিত অংশ	২৩৭
পুঁজিবাজারে স্থিতিশীলতা আনয়ন ও ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে গৃহীত বিভিন্ন পদক্ষেপ	২৩৯
ক্ষুদ্র বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের বিশেষ প্রনোদনা ক্ষীম	২৪৩





বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন





৮ই জুন, ১৯৯৩ তারিখে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর মাধ্যমে, যার মূল লক্ষ্য হ'ল সিকিউরিটিজে বিনিয়োগকারীগণের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদসংক্রান্ত বিষয়াবলী বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। তবে ২০১০ সালের ডিসেম্বরে পুঁজিবাজারের অস্বাভাবিক উত্থান-পতনের ফলে বাজারের বিভিন্ন দুর্বল দিকগুলিকে সংস্কার ও পরিবর্তন করা আবশ্যিক হয়ে পড়ে। সেজন্য পুঁজিবাজার তদন্ত কমিটি ২০১১ গঠন করা হয়। কমিটির সুপারিশ বাস্তবায়নের অংশ হিসাবে কমিশন পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা দেয়। এই লক্ষ্যে সরকার মে, ২০১১ তে ড. এম. খায়রুল হোসেনকে চেয়ারম্যান এবং প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব আরিফ খান ও জনাব মোঃ আঃ সালাম সিকদার কে সদস্য হিসাবে নিয়োগ প্রদান করে নতুনভাবে কমিশন গঠন করে এবং পুঁজিবাজারের বিভিন্ন সংস্কার ও পুনর্গঠনের তাগিদ দেয়। পরবর্তীতে সংশোধিত আইনে কমিশনের সদস্য পদবী পরিবর্তন করে কমিশনার পদবী করা হয়। উক্ত কমিশনের চেয়ারম্যান ও চার কমিশনার তাঁদের তিন বছরের প্রথম মেয়াদের দায়িত্ব পরিপূর্ণভাবে সম্পন্ন করেন। সরকার বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন, ২০১২ মোতাবেক মে, ২০১৪ তে তাঁদের সকলকে স্ব স্ব অবস্থানে আরও চার বছরের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে ৬৫ বৎসর বয়স অনতিক্রম সাপেক্ষে) দ্বিতীয় মেয়াদে নিয়োগ প্রদান করে।

আন্তর্জাতিক সংস্থা International Organization of Securities Commission (IOSCO) পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে সংস্কার কার্যক্রমে আন্তর্জাতিক মান অর্জন করায় ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে 'A' ক্যাটাগরী সদস্যপদ/স্ট্যাটাস প্রদান করে।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান



প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী
কমিশনার



জনাব মোঃ আমজাদ হোসেন
কমিশনার



জনাব আরিফ খান
কমিশনার



জনাব মোঃ আঃ সালাম সিকদার
কমিশনার





ড. এম. খায়রুল হোসেন
চেয়ারম্যান

ড. এম. খায়রুল হোসেন ১৫ মে, ২০১১ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ কমিশনের চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। তাঁর তিন বছরের প্রথম মেয়াদ সম্পন্ন হওয়ার পর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন, ২০১২ মোতাবেক সরকার তাঁকে কমিশনের চেয়ারম্যান হিসাবে দ্বিতীয় মেয়াদে আরও চার (৪) বছরের জন্য নিয়োগ প্রদান করে এবং বর্তমানে তিনি কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছেন।

ড. এম. খায়রুল হোসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ যোগদানের পূর্বে তিনি রষ্ট্রায়ত্ত্ব বিনিয়োগ সংস্থা ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে কর্মরত ছিলেন (সেপ্টেম্বর ২০০৯ থেকে মে ২০১১)। তিনি মুন্সীগঞ্জ জেলার লৌহজং উপজেলার গাওদিয়া গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। Plekhanov Russian University of Economics থেকে তিনি ১৯৮৩ সালে পিএইচডি ডিগ্রি লাভ করেন। ইতোপূর্বে তিনি একই প্রতিষ্ঠান থেকে অর্থনীতিতে এম.এস. ডিগ্রি লাভ করেন। এছাড়া তিনি সিনিয়র ফুলব্রাইট স্কলারশিপ প্রোগ্রামের আওতায় যুক্তরাষ্ট্রের টেক্সাস প্রেরিরিভিউ এ অ্যান্ড এম ইউনিভার্সিটিতে রেগুলেটরি ফ্রেমওয়ার্ক অব স্টক মার্কেটস বিষয়ে পোস্ট ডক্টরাল ফেলোশিপ করেন। ড. হোসেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয় ফিন্যান্স বিভাগের চেয়ারম্যান, হাজী মুহম্মদ মুহসীন হলের প্রভোস্ট, Bangladesh Economic Association ও Statistical Association এর আজীবন সদস্য এবং Bangladesh Finance Association এর একজন সম্মানিত সদস্য। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের নির্বাচনী বোর্ডের সদস্য, ঢাকা স্টক এক্সচেঞ্জের পরিচালনা পর্ষদের কাউন্সিলরসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার পাশাপাশি তিনি বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে পার্ট-টাইম অধ্যাপনা করেছেন।

পুঁজিবাজারকে স্বচ্ছ, স্থিতিশীল ও সুশৃঙ্খল ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার লক্ষ্যে তিনি অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন। কমিশনের সকল কমিশনার ও কর্মকর্তাদের মেধা, দক্ষতা ও অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে তাঁর নেতৃত্বে অনেক গুরুত্বপূর্ণ রিফর্ম সাধিত হয়। তন্মধ্যে কমিশনকে অধিকতর ক্ষমতায়ন ও আন্তর্জাতিক মানদণ্ডে উন্নীত করার লক্ষ্যে Securities and Exchange Ordinance, 1969 ও সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর সংশোধন, দেশের পুঁজিবাজারের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে কমিশনের ১০-বছর মেয়াদী Master Plan প্রণয়ন, বুক বিল্ডিং পদ্ধতি ও প্রাইভেট প্রেসমেন্ট বিধিমালা সংস্কার সাধন, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরামর্শে স্টক এক্সচেঞ্জসমূহে আন্তর্জাতিক উপদেষ্টা নিয়োগের মাধ্যমে পদ্ধতিগত ও কাঠামোগত পরিবর্তন সাধন করে নতুন সূচক প্রবর্তন করার পরামর্শ প্রদান, বাজার পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান প্রক্রিয়া জোরদার করার লক্ষ্যে আন্তর্জাতিক মানের সার্ভাইল্যান্স সিস্টেম স্থাপন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা ২০০১ এর সংশোধন, লিস্টেড কোম্পানির প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে কর্পোরেট গভর্নেন্স গাইডলাইনস যুগোপযোগীকরণ ও স্টক এক্সচেঞ্জসমূহে কর্পোরেট ফাইন্যান্স ডিপার্টমেন্ট প্রতিষ্ঠাকরণ বিশেষ উল্লেখযোগ্য। তাঁরই প্রচেষ্টায় বিএসইসির নিজস্ব ভবন নির্মাণ কাজ শুরু হয়ে দ্রুত বাস্তবায়িত হচ্ছে, যার ভিত্তিপ্রস্তর স্থাপন করে ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রণ, এক্সচেঞ্জসমূহে কার্যকর প্রাতিষ্ঠানিক সুশাসন প্রতিষ্ঠা, সিকিউরিটিজ এ বিনিয়োগকারীদের স্বার্থ



সংরক্ষণের লক্ষ্যে তাঁর নেতৃত্বে স্টক এক্সচেঞ্জসমূহে Demutualization প্রক্রিয়া সম্পন্ন হয়। উপরোক্তবিধিত রিফর্মসহ পুঁজিবাজার বিকাশের লক্ষ্যে ব্যাপক কার্যক্রম গ্রহণ করায় International Organization of Securities Commissions (IOSCO), যুক্তরাষ্ট্রসহ উন্নত রাষ্ট্রসমূহের মত, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে “A” ক্যাটাগরীতে উন্নীত করেছে।

ড. হোসেন দেশের আর্থ-সামাজিক সমস্যাবলী নিয়ে অনেক গবেষণাকর্ম সম্পাদন করেছেন এবং প্রবন্ধ লিখেছেন। এ পর্যন্ত জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে আর্থ-সামাজিক অবস্থা, শিক্ষা, স্বাস্থ্য, শিল্প, অর্থ, ব্যাংকিং ও পুঁজিবাজার ইত্যাদি বিষয়ের উপর তাঁর ৬০টির অধিক প্রবন্ধ ও গবেষণামূলক প্রতিবেদন প্রকাশিত হয়েছে। তিনি বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান এবং বিশ্বব্যাংক, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক, CIDA, SIDA, NORAD, UNICEF, ESCAP, WFP, ILO, SEDF, IFC প্রভৃতি আন্তর্জাতিক প্রতিষ্ঠানে কনসালট্যান্ট হিসাবে কাজ করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে যথেষ্ট সুনাম কুড়িয়েছেন।

ড. এম. খায়রুল হোসেন লেখাপড়ার উদ্দেশ্যে, পুঁজিবাজার উন্নয়নের কলাকৌশল সম্পর্কে জ্ঞান আহরণের জন্য, বিভিন্ন আন্তর্জাতিক কনফারেন্স ও সেমিনারে অংশগ্রহণের জন্য এবং কর্মপোলক্ষ্যে, কখনও আমন্ত্রিত অতিথি হিসেবে অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, বেলজিয়াম, ব্রাজিল, চীন, ফ্রান্স, সুইজারল্যান্ড, লুক্সেমবার্গ, জার্মানি, ভারত, ইতালি, নেদারল্যান্ডস, পোল্যান্ড, রাশিয়া, স্পেন, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রসহ বহু দেশ সফর করেছেন।





প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী কমিশনার

প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী ৪ মে, ২০১১ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ সদস্য হিসেবে যোগদান করেন। তাঁর তিন বছরের প্রথম মেয়াদ সম্পন্ন হওয়ার পর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন, ২০১২ মোতাবেক সরকার তাঁকে কমিশনের কমিশনার হিসাবে দ্বিতীয় মেয়াদে চার (৪) বছরের জন্য নিয়োগ প্রদান করে এবং বর্তমানে তিনি কমিশনের কমিশনার হিসাবে দায়িত্ব পালন করছেন।

কমিশনে যোগদানের পূর্বে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস- বিভাগে প্রফেসর হিসেবে কর্মরত ছিলেন। তিনি চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলাধীন ওয়াহেদপুর গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা সন্তানের জনক। তাঁর স্ত্রী লুৎফুন নাহার বেগম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজতত্ত্ব বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপক। প্রফেসর হেলাল উদ্দিন নিজামী ১৯৮০ সালে বাণিজ্য বিভাগে এস.এস.সি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হন। ১৯৮২ সালে কুমিল্লা বোর্ডে এইচ.এস.সি পরীক্ষায় বাণিজ্য বিভাগে মেধা তালিকায় নবম স্থান অধিকার করেন।

১৯৮৩-১৯৮৫ শিক্ষাবর্ষে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে একাউন্টিং-এ বি.কম (অনার্স) (১৯৮৭ সনে অনুষ্ঠিত)-এ প্রথম শ্রেণীতে সপ্তম স্থান অধিকার করেন। ১৯৮৬ শিক্ষাবর্ষে (১৯৮৯-৯০ সনে অনুষ্ঠিত) তিনি একই বিশ্ববিদ্যালয় থেকে ফিন্যান্স বিষয়ে এম.কম-এ প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেন। ১৯৯৫ সালে জনাব হেলাল উদ্দিন নিজামী একই বিভাগ থেকে “ব্যাংকিং” ডিসিপ্লিনে (অভিসন্দর্ভ এর বিষয় - Productivity of Nationalized Commercial Banks in Bangladesh) এম.ফিল ডিগ্রি অর্জন করেন। ২০০০ সনে তিনি ব্যাংকিং-এর এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (AIT) থেকে জার্মান সরকারের (DAADC Scholarship) বৃত্তি নিয়ে তিনি International Business-এ এম.বি.এ ডিগ্রি অর্জন করেন। সেখানে তিনি Financial Sector Reforms in Bangladesh-এর উপর অভিসন্দর্ভ গবেষণা-কর্ম সম্পাদন করেন। এরপর ২০০৮ সালে বাণিজ্য মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে (World Bank-এর অর্থায়নে) তিনি লন্ডনের ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব ইংল্যান্ড এন্ড ওয়েল্শ (ICAEW) থেকে International Financial Reporting Standard (IFRS)-বিষয়ে Trainers Training Program (দুই মাস মেয়াদের) -এ অংশগ্রহণ এবং প্রশিক্ষণ লাভ করেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে যোগদানের পূর্বে ১৯৯১ সালে তিনি বিআইবিএম (Bangladesh Institute of Bank Management (BIBM))-এ স্ক্যাকাল্টি মেম্বর হিসেবে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে ১৯৯২ সালে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে হিসাব বিজ্ঞান বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। ২০০৯ সালের মে মাসে তিনি অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। দীর্ঘ ১৯ বছরে শিক্ষকতা জীবনে তিনি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নীতি-নির্ধারণী ও নির্বাহী পর্ষদে প্রতিনিধিত্ব করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। ২০০১ সাল থেকে অদ্যাবধি তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। প্রফেসর হেলাল উদ্দিন নিজামী বর্তমানে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর মনোনীত প্রতিনিধি হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত প্রিমিয়ার বিশ্ববিদ্যালয় এর সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। এছাড়াও, তিনি জুন ২০১১ থেকে Institute of Chartered Secretaries of Bangladesh (ICSB)- এর Council Member (Councilor) হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ২০০৩ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ছিলেন।



এছাড়া তিনি ২০০৬-২০০৯ সালের মাঝামাঝি সময় পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রগতিশীল শিক্ষক সমাজের সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৬ সাল থেকে কমিশনের সদস্য হিসেবে যোগদানের পূর্ব পর্যন্ত “পেশাজীবী সমন্বয় পরিষদ”, চট্টগ্রাম এর সাধারণ সম্পাদক হিসেবে সকল প্রগতিশীল, সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে সংশ্লিষ্ট ছিলেন। তিনি বৃহত্তর চট্টগ্রাম জেলার “ফোরাম ফর সেকুলার বাংলাদেশ”-এর দীর্ঘ সময় পর্যন্ত সভাপতির দায়িত্ব পালন করেন।

কমিশনে যোগদানের পূর্বে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগে “Impact of Management Styles on the Organizational Effectiveness of the Corporate Sector in Bangladesh”-বিষয়ে Ph.D গবেষণা কর্মে নিয়োজিত ছিলেন। প্রফেসর হেলাল নিজামী Independent University, Bangladesh (চট্টগ্রাম ক্যাম্পাস)-সহ আরও কয়েকটি বিশ্ববিদ্যালয়ে খন্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োজিত ছিলেন। তিনি Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) চট্টগ্রাম চ্যাপ্টার-এ খন্ডকালীন ফ্যাকাশি হিসাবেও দায়িত্ব পালন করেন। দেশীয় বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের জার্নাল ছাড়াও বিভিন্ন বিদেশী আন্তর্জাতিক জার্নালে তার বহুমুখী গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়। তার মধ্যে TATA McHraw-Hill (India), IIR (USA), IEEE (USA), Euro Asian Management (JEAM-AIT, Bangkok and France), ENBS (UK) উল্লেখযোগ্য। প্রফেসর নিজামী India, UK, Australia, Hong Kong, Taiwan, USA, Canada, Spain, Luxembourg, Japan -এ বিভিন্ন বিদেশী বিশ্ববিদ্যালয় ও IOSCO (International Organization of Securities Commissions) আয়োজিত পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।





মোঃ আমজাদ হোসেন
কমিশনার

জনাব মোঃ আমজাদ হোসেন ৩০ মে, ২০১১ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ সদস্য হিসাবে যোগদান করেন। তাঁর তিন বছরের প্রথম মেয়াদ সম্পন্ন হওয়ার পর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন, ২০১২ মোতাবেক সরকার তাঁকে কমিশনের কমিশনার হিসাবে দ্বিতীয় মেয়াদে আরও চার (৪) বছরের জন্য নিয়োগ প্রদান করে এবং বর্তমানে তিনি কমিশনের কমিশনার হিসাবে দায়িত্ব পালন করছেন।

কমিশনে যোগদানের পূর্বে জনাব মোঃ আমজাদ হোসেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক হিসাবে কর্মরত ছিলেন। অতপর গত ৩০ এপ্রিল, ২০১১ তারিখে তিনি বাংলাদেশ ব্যাংক থেকে অবসর গ্রহণ করেন। তিনি ১ লা মে ১৯৫৩ সালে কুষ্টিয়া জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে তিনি ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী সম্পন্ন করেন এবং তিনি উক্ত বিষয়ে প্রথম শ্রেণীতে দ্বিতীয় স্থান অধিকার করেন।

জনাব আমজাদ ১৯৭৯ সালে জনতা ব্যাংকে শিক্ষানবীশ কর্মকর্তা হিসাবে কর্মজীবন শুরু করেন। এর পর ১৯৮১ সালে তিনি বাংলাদেশ ব্যাংক অফিসার ক্লাস-১ হিসাবে যোগদান করেন। সুদীর্ঘ তিন যুগের কর্মজীবনে জনাব আমজাদ অতি সুনাম ও দক্ষতার সাথে বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগে তাঁর দায়িত্ব পালন করেছেন। তিনি সেখানে ফরেন রিজার্ভ এন্ড ট্রেজারি ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট, ফরেন এক্সচেঞ্জ ইনভেস্টমেন্ট ডিপার্টমেন্ট, একাউন্টস ও ব্যালেন্সিং ডিপার্টমেন্ট এবং বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি ইত্যাদিতে দায়িত্ব পালন করেন। বাংলাদেশ ব্যাংকের বরিশাল এবং সিলেট অফিসের প্রধান হিসাবেও তিনি দায়িত্ব পালন করেছেন। কেন্দ্রীয় ব্যাংক থেকে অবসর গ্রহণের আগে তিনি ব্যাংকের পরিদর্শন বিভাগ, এন্টি মানি লন্ডারিং বিভাগ এবং ডিজিটেল বিভাগের নির্বাহী পরিচালক হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি বাংলাদেশ ব্যাংকের মহাব্যবস্থাপক থাকা অবস্থায় আল আরাফা ইসলামী ব্যাংক লিমিটেড এবং ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদে পর্যবেক্ষক হিসাবেও দায়িত্ব পালন করেছেন। ব্যাংকিং সেक्टरেও তাঁর অবদান অত্যন্ত প্রসংশনীয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ কমিশনার হিসাবে কমিশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে কমিশনের কার্যক্রমকে গতিশীল করেছেন এবং পুঁজিবাজার উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন। তিনি বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার এবং কনফারেন্সে যোগদানের জন্য ফ্রান্স, স্পেন, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্র, সুইজারল্যান্ড, নরওয়ে, ইংল্যান্ড, মালয়েশিয়া, ভারত, শ্রীলংকা, মায়ানমার, ইরান সহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন।





আরিফ খান, এফসিএমএ, সিএফএ
কমিশনার

জনাব আরিফ খান, এফসিএমএ, সিএফএ ৩০ মে, ২০১১ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ সদস্য হিসাবে যোগদান করেন। তাঁর তিন বছরের প্রথম মেয়াদ সম্পন্ন হওয়ার পর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন, ২০১২ মোতাবেক সরকার তাঁকে কমিশনের কমিশনার হিসাবে দ্বিতীয় মেয়াদে চার (৪) বছরের জন্য নিয়োগ প্রদান করে এবং বর্তমানে তিনি কমিশনের কমিশনার হিসাবে দায়িত্ব পালন করছেন।

কমিশনে যোগদানের পূর্বে একুশ বছর জনাব আরিফ খান বাংলাদেশের ব্যাংকিং এবং আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন। তিনি ইনস্টিটিউট অব কন্স্ট্রাক্শন ম্যানেজমেন্ট একাউন্টেন্টস অব বাংলাদেশের একজন সম্মানিত ফেলো মেম্বর এবং বর্তমানে নির্বাচিত কাউন্সিল সদস্য। কর্মজীবন শুরু করার আগে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এবং ব্যাংকিং বিভাগ থেকে মাস্টার্স ডিগ্রী অর্জন করেন।

তাঁর কর্মজীবন শুরু হয় ১৯৯১ সালে বর্তমান এবি ব্যাংকের শিক্ষানবীশ কর্মকর্তা হিসাবে যোগদানের মাধ্যমে। দীর্ঘ একুশ বছরের কর্মজীবনের মধ্যে পনের বছর তিনি আইডিএলসি ফিন্যান্স লিমিটেড, দেশের স্বনাম খ্যাত একটি আর্থিক প্রতিষ্ঠানে কাজ করেছেন। কর্মজীবনের বিভিন্ন পর্যায়ে তিনি আইডিএলসির এসএমই বিভাগ, পার্সোনাল ফাইন্যান্স বিভাগ এবং মার্চেন্ট ব্যাংকিং বিভাগের প্রধান ছিলেন। তিনি আইডিএলসির Deputy Managing Director (DMD) হিসাবেও দায়িত্ব পালন করেন।

তিনি আইডিএলসি সিকিউরিটিজ প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখেন এবং এর চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। তাঁর নেতৃত্বে এই প্রতিষ্ঠান তিন বছরের মধ্যে দেশের সর্বোচ্চ পাঁচ সিকিউরিটিজ হাউজের অন্যতম হিসেবে স্থান করে নেয়।

জনাব আরিফ খান পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট থেকে এমবিএ ডিগ্রী অর্জন করেন। তিনি যুক্তরাষ্ট্রের সিএফএ ইনস্টিটিউট এর একজন সম্মানিত চার্টার্ড হোস্টার। তিনি বাংলাদেশ ব্যাংকের “ডোমেস্টিক ফ্যাক্টরিং অপারেশন ইন বাংলাদেশ” এবং “এ্যাসেট লায়াবিলিটি ম্যানেজমেন্ট ফর এনবিএফআই” সংক্রান্ত কোর কমিটির সদস্য হিসাবে কাজ করেছেন। এছাড়াও তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগে, Institute of Business Administration (IBA), এবং আইসিএমএবি-তে খন্ডকালীন শিক্ষক হিসাবেও দায়িত্ব পালন করেছেন। তিনি বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার এবং কনফারেন্সে যোগদানের জন্য যুক্তরাষ্ট্র, হংকং, ভারত, সিঙ্গাপুর, স্পেন, ফ্রান্স এবং ইংল্যান্ড সহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন।





মোঃ আঃ সালাম সিকদার কমিশনার

জনাব মোঃ আঃ সালাম সিকদার ১৪ জুলাই, ২০১১ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ সদস্য হিসাবে যোগদান করেন। তাঁর তিন বছরের প্রথম মেয়াদ সম্পন্ন হওয়ার পর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) আইন, ২০১২ মোতাবেক সরকার তাঁকে কমিশনের কমিশনার হিসাবে দ্বিতীয় মেয়াদে আরও চার (৪) বছরের জন্য নিয়োগ প্রদান করে এবং বর্তমানে তিনি কমিশনের কমিশনার হিসাবে দায়িত্ব পালন করছেন।

জনাব সালাম বাংলাদেশ সিভিল সার্ভিস (জুডিশিয়াল) ক্যাডারের সদস্য হিসাবে সর্বশেষ বরিশালের জেলা জজ থাকা অবস্থায় চাকুরী হতে ২৮ জানুয়ারী ২০১১ তারিখে অবসর গ্রহণ করেন। তিনি পিরোজপুর জেলা সদরের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ২৯ জানুয়ারী ১৯৫২ তারিখে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৮ সনে এস.এস.সি, ১৯৭০ সনে এইচ.এস.সি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ১৯৭৩ সনে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে অনার্স স্নাতক এবং ১৯৭৪ সনে স্নাতকোত্তর এবং ১৯৭৭ সনে এল.এল.বি ডিগ্রী লাভ করেন। পরবর্তীকালে জনাব মোঃ আঃ সালাম সিকদার ১৯৭৯-১৯৮০ সাল পর্যন্ত পিরোজপুর কলেজে অধ্যাপনা করেন এবং ১৯৮১ সালে পিরোজপুর জেলা বারের সদস্য হিসাবে আইন ব্যবসা শুরু করেন। তিনি ২০ এপ্রিল ১৯৮৩ তারিখ বাংলাদেশ সিভিল সার্ভিস (জুডিশিয়াল) ক্যাডারে সহকারী জজ হিসাবে যোগদান করেন। অতঃপর পদোন্নতি ক্রমে সাব জজ, অতিরিক্ত জেলা জজ এবং জেলা জজ হিসাবে বরিশাল, ঢাকা সহ বাংলাদেশের বিভিন্ন জেলায় কর্মরত ছিলেন। চাকুরীকালে তিনি বিচার প্রশাসন, সার্ভে এন্ড সেটেলমেন্ট, বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ (Special Foundation Course) সহ অনেক প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

জনাব মোঃ আঃ সালাম সিকদার একজন মুক্তিযোদ্ধা। ১৯৭১ সনে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় ভারতের বিহার রাজ্যে চাকুলিয়া ট্রেনিং সেন্টারে অস্ত্র প্রশিক্ষণ নেন এবং ৯ নং সেক্টরে সক্রিয়ভাবে পাকিস্তানী মিলিটারীদের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে অংশ গ্রহণ করেন।

তিনি বিভিন্ন আন্তর্জাতিক সেমিনার এবং কনফারেন্সে যোগদানের জন্য যুক্তরাষ্ট্র, ভারত, স্পেন, সুইজারল্যান্ড এবং ফ্রান্স সহ বিভিন্ন দেশ ভ্রমণ করেন।



কমিশনের প্রধান কার্যাবলী

দেশের শিল্পায়ন তথা অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের জন্য শিল্প প্রতিষ্ঠান বিকাশের অনুকূল দীর্ঘমেয়াদী অর্থায়নের উৎস হিসাবে পুঁজিবাজার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। কমিশন প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে পুঁজিবাজারের আইনগত কাঠামোর উন্নয়ন, সিকিউরিটিজের ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে অটোমেশন পদ্ধতির প্রবর্তন, সেন্ট্রাল ডিপজিটরী প্রতিষ্ঠার মাধ্যমে ইলেকট্রনিক পদ্ধতিতে বিনিয়োগকারীদের শেয়ার সংরক্ষণ ও হস্তান্তর, বিনিয়োগকারীদের জন্য ওয়েব-ভিত্তিক সিকিউরিটিজের তাৎক্ষণিক বাজারমূল্য ও ইনডেক্স তথ্য প্রাপ্তির সুবিধা এবং বিএসইসি, স্টক এক্সচেঞ্জ, বিআইসিএম ও বাজার মধ্যস্থতাকারী কর্তৃক সাধারণ বিনিয়োগকারীদের জন্য পুঁজিবাজার বিষয়ক নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদি পুঁজিবাজারের উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করেছে। পুঁজিবাজারের সংস্কার ও উন্নয়নের জন্য কমিশন একটি দীর্ঘমেয়াদী ১০-সালার পরিকল্পনা প্রনয়ন করেছে, যা পর্যায়ক্রমে বাস্তবায়িত হচ্ছে। উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হলে পুঁজিবাজারের মৌলিক সমস্যাগুলি দূরীভূত হবে এবং এতে দীর্ঘমেয়াদে বাজারের স্থিতিশীলতা ও গভীরতা বৃদ্ধি পাবে।

পুঁজিবাজার একদিকে যেমন শিল্প প্রতিষ্ঠানের জন্য দীর্ঘমেয়াদি পুঁজি সরবরাহের ব্যবস্থা করে থাকে, অন্যদিকে জনসাধারণ তথা বিনিয়োগকারীদের জন্য তাদের সম্ভাব্য সিকিউরিটিজে বিনিয়োগের সুযোগ সৃষ্টি করে দেয়। প্রতিযোগিতামূলক ক্রয়-বিক্রয় আদেশের মাধ্যমে স্টক এক্সচেঞ্জসমূহ প্রতিনিয়ত সিকিউরিটিজের বাজার দর আবিষ্কার করে থাকে এবং সিকিউরিটিজ বিক্রির ব্যবস্থার মাধ্যমে বিনিয়োগকারীদের তারল্যের যোগান দেয়। প্রাইমারী মার্কেট শিল্প প্রতিষ্ঠানের জন্য সরাসরি অর্থ জোগায় আর সেকেন্ডারী মার্কেট প্রতিনিয়ত সিকিউরিটিজের বাজার দর আবিষ্কার করে ও তারল্য জোগায়, ফলে পুঁজিবাজারের সার্বিক ক্রিয়াক্রম সচল থাকে। সেকেন্ডারী মার্কেটে ব্রোকার/ডিলাররা বিনিয়োগকারীদের ক্রয়/বিক্রয় নির্দেশ পরিপালন করে থাকে। মার্চেন্ট ব্যাংকাররা নতুন নতুন সিকিউরিটিজ বাজারে আনার জন্য কাজ করে থাকে। বর্তমানে স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত সকল সিকিউরিটিজ ইলেকট্রনিক আকারে সিডিবিএল এ অন্তর্ভুক্ত, ফলে প্রত্যেক বিও হিসাবধারীর হিসাবে তার সিকিউরিটিজ এর হিসাব সঠিকভাবে সংরক্ষিত হয়।

পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান হচ্ছে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ, (সিডিবিএল), স্টক ডিলার / ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার, অ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানি, সিকিউরিটি কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং এজেন্সী ইত্যাদি। কমিশন ইস্যুয়ার কোম্পানি ও পুঁজিবাজারের সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট আইন,বিধি ও গাইডলাইনের যথাযথ পরিপালন নিশ্চিত করে থাকে।

সিকিউরিটিজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে কমিশন তার সকল কাজ পরিচালনা করে থাকে। কমিশনের উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

- বিধিমোতাবেক সিকিউরিটিজ ইস্যুকরণ;
- বাজার তদারকী ও সার্ভেইল্যান্স, কর্পোরেট গভর্নেন্স, এনফোর্সমেন্ট কার্যাবলী এবং বিনিয়োগকারীদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণ কার্যক্রম ইত্যাদির মাধ্যমে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ;
- বাজার সংস্কার এর মাধ্যমে বাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রণ;
- স্টক এক্সচেঞ্জ ও অন্যান্য সিকিউরিটিজ সংক্রান্ত ব্যবসা নিয়ন্ত্রণ;
- স্টক ব্রোকার, সাব-ব্রোকার, শেয়ার ট্রান্সফার এজেন্ট, মার্চেন্ট ব্যাংকার ও ইস্যু ম্যানেজার, ট্রাস্ট ডিভের ট্রাস্টি, ইস্যু রেজিস্ট্রার, অবলেকথ, পোর্টফোলিও ম্যানেজার বিনিয়োগ পরামর্শক এবং অন্যান্য বাজার মধ্যস্থতাকারীদের ব্যবসা নিয়ন্ত্রণ;
- সকল প্রকার মিউচুয়াল ফান্ড সহ যৌথ বিনিয়োগ ফ্রীমের ব্যবসা নিবন্ধন, মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- সিকিউরিটিজ বাজারের সকল অনুমোদিত স্বশাসিত ব্যবসা মনিটরিং এবং নিয়ন্ত্রণ;
- শেয়ার বাজারের অনৈতিক, প্রতারণামূলক ও অস্বচ্ছ যেকোন লেনদেন এর প্রচলন নিষিদ্ধ ও রোধকরণ;
- বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের বিনিয়োগকারীদের প্রশিক্ষণ দানের মাধ্যমে শিক্ষামূলক জ্ঞানের উন্নয়ন;
- ইনসাইডার ট্রেডিং ব্যবসা নিষিদ্ধকরণ;
- পর্যাপ্ত পরিমাণ শেয়ার অধিগ্রহণ, কোম্পানির ব্যবস্থাপনা গ্রহণ সংক্রান্ত নিয়ন্ত্রণ;
- তদন্ত ও পরিদর্শন পরিচালনাকরণ;
- কমোডিটি ফিউচার কন্ট্রোল বা অপশন কন্ট্রোল ব্যবসার লাইসেন্স প্রদান ও নিয়ন্ত্রণ;
- গবেষণা পরিচালনা ও তথ্য প্রকাশ।



কমিশনের প্রাক্তন ও বর্তমান চেয়ারম্যানগণ

ক্রমিক নং	নাম	কার্যকাল
০১.	জনাব সুলতান উজ্জামান খান	০৮ জুলাই ১৯৯৩ হতে ০৭ জুলাই ১৯৯৬
০২.	জনাব আলমগীর কবির	০৮ জুলাই ১৯৯৬ হতে ০৫ আগস্ট ১৯৯৬ (ভারপ্রাপ্ত)
০৩.	ডঃ মোহাম্মদ হারুনুর রশীদ	০৬ আগস্ট ১৯৯৬ হতে ১৫ জুলাই ১৯৯৭
০৪.	জনাব এম. এ. সাঈদ	১৬ জুলাই ১৯৯৭ হতে ২৩ মে ২০০০
০৫.	জনাব মনির উদ্দিন আহমদ	২৪ মে ২০০০ হতে ১১ জুলাই ২০০০ (ভারপ্রাপ্ত) ১২ জুলাই ২০০০ হতে ১১ জুলাই ২০০৩
০৬.	জনাব কে. ইফতিখার আহমেদ	১২ জুলাই ২০০৩ হতে ১৭ অক্টোবর ২০০৩ (ভারপ্রাপ্ত)
০৭.	জনাব সালেহ আহমেদ চৌধুরী	১৮ অক্টোবর ২০০৩ হতে ৩১ অক্টোবর ২০০৩ (ভারপ্রাপ্ত)
০৮.	ডঃ এ. বি. মিজ্ঞা আজিজুল ইসলাম	০১ নভেম্বর ২০০৩ হতে ২২ ফেব্রুয়ারি ২০০৬
০৯.	জনাব সালেহ আহমেদ চৌধুরী	২৩ ফেব্রুয়ারি ২০০৬ হতে ১৪ মার্চ ২০০৬ (সাময়িক ভারপ্রাপ্ত)
১০.	জনাব ফারুক আহমদ সিদ্দিকী	১৫ মার্চ ২০০৬ হতে ১৪ মার্চ ২০০৯
১১.	জনাব মনসুর আলম	১৫ মার্চ ২০০৯ হতে ০৩ মে ২০০৯ (ভারপ্রাপ্ত)
১২.	জনাব মোঃ জিয়াউল হক খন্দকার	০৪ মে ২০০৯ হতে ১৫ মে ২০১১
১৩.	ড. এম. খায়রুল হোসেন	১৫ মে ২০১১ হতে বর্তমান



কমিশনের প্রাক্তন ও বর্তমান সদস্য/কমিশনারগণ

ক্রমিক নং	নাম	কার্যকাল
০১	জনাব আলমগীর কবির (সদস্য)	০৮ নভেম্বর ১৯৯৩ হতে ৩১ ডিসেম্বর ১৯৯৭
০২	ডঃ এ কে এম সাহাবুব আলম (সদস্য)	১৩ নভেম্বর ১৯৯৩ হতে ৩১ ডিসেম্বর ১৯৯৭
০৩	জনাব সৈয়দ আমিরুল মূলক (খন্ডকালীন সদস্য)	১৯৯৩-১৯৯৪
০৪	জনাব কামালুদ্দিন আহমেদ (খন্ডকালীন সদস্য)	১৯৯৩-১৯৯৪
০৫	ডঃ এ টি এম শামসুল হুদা (খন্ডকালীন সদস্য)	১৯৯৪-১৯৯৬
০৬	জনাব মাহবুবুর রহমান খান (খন্ডকালীন সদস্য)	১৯৯৪-১৯৯৬
০৭	জনাব ফায়েজ উদ্দিন আহমেদ (সদস্য)	২৯ জানুয়ারি ১৯৯৭ হতে ১৮ জানুয়ারি ২০০০
০৮	জনাব মোহাম্মদ ইমদাদুল হক (সদস্য)	০১ ফেব্রুয়ারি ১৯৯৭ হতে ১৮ জুন ২০০০
০৯	ডঃ এ কে এম আব্দুল মবিন (খন্ডকালীন সদস্য)	১৯৯৬-১৯৯৮
১০	ডঃ মোহাম্মদ সোহরাব উদ্দিন (খন্ডকালীন সদস্য)	১৯৯৬-১৯৯৮
১১	জনাব মনির উদ্দিন আহমেদ (সদস্য)	১৯ আগস্ট ১৯৯৯ হতে ১২ জুলাই ২০০০
১২	ডঃ ইফতিখার গণিচৌধুরী (সদস্য)	২৮ মার্চ ২০০০ হতে ৩১ জুলাই ২০০২
১৩	জনাব কে ইফতিখার আহমেদ (সদস্য)	১৮ অক্টোবর ২০০০ হতে ১৭ অক্টোবর ২০০৩
১৪	জনাব সালেহ আহমেদ চৌধুরী (সদস্য)	০৮ সেপ্টেম্বর ২০০২ হতে ১৬ নভেম্বর ২০০৬
১৫	জনাব মোহাম্মদ আলী খান (সদস্য)	২৭ ফেব্রুয়ারি ২০০৩ হতে ৩০ ডিসেম্বর ২০০৮
১৬	জনাব আব্বাস উদ্দিন খান (সদস্য)	০৫ ফেব্রুয়ারি ২০০৪ হতে ০৪ ফেব্রুয়ারি ২০০৭
১৭	জনাব মুনসুর আলম (সদস্য)	১১ জুন ২০০৭ হতে ১১ জানুয়ারি ২০১১
১৮	জনাব মোঃ ইয়াছিন আলী (সদস্য)	১৭ নভেম্বর ২০০৮ হতে ০৮ মে ২০১১
১৯	জনাব মোঃ অনিসুজ্জামান (সদস্য)	১৫ এপ্রিল ২০০৯ হতে ০৭ মে ২০১১
২০	প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী (কমিশনার)	০৪ মে ২০১১ হতে বর্তমান
২১	জনাব মোঃ আমজাদ হোসেন (কমিশনার)	৩০ মে ২০১১ হতে বর্তমান
২২	জনাব আরিফ খান (কমিশনার)	৩০ মে ২০১১ হতে বর্তমান
২৩	জনাব মোঃ আঃ সালাম শিকদার (কমিশনার)	১৪ জুলাই ২০১১ হতে বর্তমান



কমিশনের নির্বাহী পরিচালকগণ

জনাব মোহাম্মদ আব্দুল হান্নান জোয়ারদার
(বর্তমানে বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল
মার্কেট এর নির্বাহী প্রেসিডেন্ট হিসাবে লিয়েনে কর্মরত)

জনাব ফরহাদ আহমেদ

মিসেস রুকসানা চৌধুরী

জনাব এ.টি.এম. তারিকুজ্জামান
(বর্তমানে শিক্ষা ছুটিতে বিদেশে)

জনাব মোঃ আনোয়ারুল ইসলাম

জনাব মোঃ সাইফুর রহমান

জনাব মোঃ আশরাফুল ইসলাম

জনাব এম. হাছান মাহমুদ

জনাব মাহবুবুল আলম

কমিশনের বিভাগীয় প্রধানগণ

জনাব ফরহাদ আহমেদ

নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ, এনফোর্সমেন্ট)

মিসেস রুকসানা চৌধুরী

নির্বাহী পরিচালক (সিএমআরআরসি, আইন)

জনাব মোঃ আনোয়ারুল ইসলাম

নির্বাহী পরিচালক (এসআরএমআইসি, কর্পোরেট ফাইন্যান্স)

জনাব মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক (এসআরআই, সার্ভিসেস)

জনাব মোঃ আশরাফুল ইসলাম

নির্বাহী পরিচালক (এমআইএস, আরএন্ডডি, সিডিএস)

জনাব এম. হাছান মাহমুদ

নির্বাহী পরিচালক (মিউচুয়াল ফান্ড ও এসপিডি)

জনাব মাহবুবুল আলম

নির্বাহী পরিচালক (ক্যাপিটাল ইস্যু, নিবন্ধন)



কমিশনের পরিচালকগণ

ক্রমিক নং	নাম	পদবী
১।	জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী	পরিচালক (আইন)
২।	জনাব কামরুল আনাম খান	পরিচালক (ক্যাপিটাল ইস্যু)
৩।	জনাব মোহাম্মদ রেজাউল করিম	পরিচালক (ক্যাপিটাল ইস্যু, সিএমআরআরসি)
৪।	জনাব মোহাম্মদ শফিউল আজম	পরিচালক (নিবন্ধন)
৫।	জনাব রিপন কুমার দেবনাথ,	পরিচালক (সিএমআরআরসি)
৬।	জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী	পরিচালক (এনফোর্সমেন্ট)
৭।	জনাব মোঃ জাহাঙ্গীর আলম	পরিচালক (সার্ভাইল্যান্স)
৮।	জনাব মোঃ মাহমুদুল হক	পরিচালক (প্রশাসন)
৯।	জনাব প্রদীপ কুমার বসাক	পরিচালক (ক্যাপিটাল ইস্যু)
১০।	জনাব রাজিব আহমেদ	পরিচালক (এমআইএস)
১১।	জনাব মোঃ আবুল কালাম	পরিচালক (কর্পোরেট ফাইন্যান্স, অর্থ)
১২।	জনাব মোঃ মনজুর রহমান	পরিচালক (এসআরএমআইসি)
১৩।	জনাব মোহাম্মদ আবুল হাসান	পরিচালক (প্রশাসন)
১৪।	জনাব শেখ মাহবুব উর রহমান	পরিচালক (এসআরআই)
১৫।	মিসেস ফারহানা ফারুকী	কমিশন সচিব ও পরিচালক (কমিশন সচিবালয়, আন্তর্জাতিক সম্পর্ক)





গত প্রায় চার বছরে কমিশনের বিশেষ অর্জন



কমিশন এর IOSCO ‘A’ ক্যাটাগরী সদস্য পদ অর্জন

২০ ডিসেম্বর ২০১৩ তারিখে ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অব সিকিউরিটিজ কমিশন (IOSCO) MMoU স্বাক্ষরকারী হওয়ার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আবেদন অনুমোদন করে। স্পেনের মাদ্রিদে অবস্থিত IOSCO এর প্রধান কার্যালয় থেকে এ বিষয়ে বিএসইসিকে আনুষ্ঠানিকভাবে জানানো হয়। ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন MMoU তে স্বাক্ষর করেন। এর ফলে বিএসইসি “B” ক্যাটাগরী থেকে “A” ক্যাটাগরীতে উন্নীত হয়।

IOSCO এর MMoU তে স্বাক্ষর বাংলাদেশকে এবং তার পুঁজিবাজারকে অন্য এক উচ্চতায় নিয়ে যায়। বিগত কয়েক বছরে সরকারের সক্রিয় সহযোগিতায় যে সংস্কার কার্যক্রম অব্যাহত ছিল তারই স্বীকৃতিস্বরূপ এই অর্জন সম্ভব হয়েছে। বাংলাদেশ তথা বিএসইসি এই অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে সম্মান ছাড়াও নিম্নলিখিত সুবিধা লাভ করেছেঃ

- ক) বিএসইসি আন্তর্জাতিকভাবে এনফোর্সমেন্ট এর জন্য বৃহত্তর সহযোগীতা পাওয়ার এবং প্রদান করার সক্ষমতা লাভ করে;
- খ) বিএসইসি IOSCO এর বিভিন্ন নেতৃস্থানীয় পদে নিয়োগ/ নির্বাচনের যোগ্যতা অর্জন করে;
- গ) বিএসইসি IOSCO এর নীতিনির্ধারনী কমিটিতে অর্ন্তভুক্তির যোগ্যতা অর্জন করে;
- ঘ) গত ২ বছরে যে সমস্ত সংস্কার সাধন করা হয়েছে বিশেষত ডিমিউচ্যুয়লাইজেশন এবং বর্তমানে IOSCO এর “A” ক্যাটাগরীতে উন্নীত হওয়া বাংলাদেশের পুঁজিবাজারের গুনগত উৎকর্ষতা বহুগুণে বৃদ্ধি করেছে। যার ফলে বাংলাদেশের পুঁজিবাজার আন্তর্জাতিক পরিমন্ডলে দৃষ্টি আকর্ষণ করতে সমর্থ হয়েছে।

বিএসইসি বিভিন্ন দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা সমূহের সমন্বয়ে গঠিত শীর্ষস্থানীয় আন্তর্জাতিক প্রতিষ্ঠান IOSCO এর সাধারণ সদস্য হিসাবে ১৯৯৫ সালে যোগদান করে। IOSCO তার সদস্য বিভিন্ন দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা সমূহের মধ্যে সুসম্পর্ক বজায় রাখা, তথ্য আদান প্রদানসহ পারস্পরিক সহযোগিতা বজায় রাখার ক্ষেত্রে ভূমিকা পালন করে থাকে।

কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন ২০১২ সালে মাদ্রিদে IOSCO এর সদর দপ্তর পরিদর্শনের সময় বিএসইসি’র ‘B’ Category থেকে উত্তোরণের বিষয়টি বিস্তারিতভাবে IOSCO এর নীতি নির্ধারকদের সাথে আলোচনা করেন এবং দেশে ফিরে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করেন। যেহেতু ২০০৯ সালে প্রথমবার আবেদনের সময় IOSCO থেকে একজন বিদেশী পরামর্শক দেয়া হয়েছিল তাই এইবারও প্রস্তাব করা হয় একজন বিদেশী পরামর্শক নিয়োগের। কিন্তু কোন বিদেশী সাহায্য ছাড়া কমিশন নিজস্ব মেধা ব্যবহার করে এই কাজ সম্পন্ন করতে সক্ষম হয়।



বিএসইসি কর্তৃক পুনঃআবেদন করার পর পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য IOSCO তা Verification Team (VT3) এর নিকট প্রেরণ করে। VT3 যথাক্রমে ব্রাজিল, জার্মানি এবং হংকং এর পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা CVM-Brazil, BaFin- Germany এবং SFC – Hong Kong এর দ্বারা গঠিত। VT3 শুধুমাত্র যে বাংলাদেশের পুঁজিবাজারের সকল আইন কানুন পর্যালোচনা করেছে তাই নয়, তারা আন্তর্জাতিক মানদণ্ডে বিএসইসি এর সক্ষমতাও বিচার করেছে। জুন ২০১৩ এ VT3 বাংলাদেশকে MMoU স্বাক্ষর এর যোগ্যতা অর্জনকারী বলে ঘোষণা করে। পরবর্তীতে VT3- এর সুপারিশ এর ভিত্তিতে Screening Group (SG) ৯-১০ জুলাই ২০১৩ তারিখে তেল-আবিবে অনুষ্ঠিত বৈঠকে তা বিবেচনা করে। কিন্তু উক্ত সভায় Screening Group বিভিন্ন বিষয় উত্থাপন করলে BSEC কে পুনরায় তার অবস্থান ব্যাখ্যা করতে হয়। নভেম্বর ২০১৩ তে ইস্তাভুলে অনুষ্ঠিত Screening Group (SG) এর বৈঠকে উক্ত আবেদন অনুমোদিত হয়। পরবর্তীতে IOSCO এর Decision Making Group এই আবেদন অনুমোদন করে এবং বাংলাদেশের আবেদন গৃহীত হয়।

কমিশনের শ্রেণী পরিবর্তনের ক্ষেত্রে IOSCO এর অন্যতম চাহিদা ছিল সংস্থাটির আইনি ক্ষমতার পরিধি, সক্ষমতা ও গোপনীয়তা রক্ষার আইনগত ভিত্তি। পাশাপাশি বিএসইসি'র বর্তমান চেয়ারম্যান, কমিশনার ও কর্মকর্তা/কর্মচারীদের মতো সাবেক চেয়ারম্যান, কমিশনার ও কর্মকর্তা/কর্মচারীদের বেলায় গোপন তথ্য ফাঁসের ক্ষেত্রে আইনি কোন ব্যবস্থা আছে কি না, এটিকে বেশ গুরুত্বের সাথে বিবেচনায় নেয় IOSCO। সংস্থাটির চাহিদার পরিপ্রেক্ষিতেই সংশোধিত আইনে বিএসইসি সাবেক কর্মকর্তাদের মাধ্যমে তথ্য ফাঁস হলে সেটিকে শাস্তির আওতায় নিয়ে আসে। কমিশনের এই কাজে পূর্ণ সমর্থন এবং সহযোগীতার হাত বাড়িয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রী ও সরকার। বিশেষত স্বল্পতম সময়ে IOSCO এর চাহিদা অনুযায়ী সিকিউরিটিজ আইন সংশোধনে মাননীয় প্রধানমন্ত্রী ব্যক্তিগত উদ্যোগ গ্রহণ না করলে এতো অল্প সময়ে এই অর্জন সম্ভব হতো না। স্বল্পতম সময়ে মহান জাতীয় সংসদ আইনে প্রয়োজনীয় সংশোধন করে কমিশন তথা দেশের এই প্রান্তিকে সম্ভবপর করেছেন। এই প্রান্তিতে কমিশন সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাচ্ছে।



International Capital
in Bangladesh

International Capital
in Bangladesh

International Capital
in Bangladesh

International Capital
in Bangladesh



**Resolution of the Decision Making Group
on an application to become a signatory of the
IOSCO MMOU**

The Decision Making Group has, after consultation with the Chairman of
the relevant Regional Committee, resolved to accept the application of

Bangladesh Securities and Exchange Commission

to become an MMOU signatory, based on the Screening Group's recommendations.

Chair, IOSCO Board

Chair, MMOU Monitoring Group

Chair, SEBI Committee

Date: 20 Dec 2013

বিএসইসি'র IOSCO 'A' ক্যাটাগরী সদস্য পদ প্রাপ্তি





IOSCO

International Organization of Securities Commissions
Organisation Internationale des Comités de Valeurs
Organizaçao Internacional das Comissões de Valores
Organización Internacional de Comisiones de Valores

IOSCO MOU

APPENDIX A

Name of the Signatory:

Bangladesh Securities and Exchange Commission

Name and Signature of the Authorized Representative:

Dr. M. Khairul Hossain, Chairman

Date of Signature:

22 December 2013

Calle Dipenda 12
28008 Madrid
ESPAÑA
Tel: (34.91) 417.88.60 • Fax: (34.91)
888.93.08
mail@iosco.org • www.iosco.org

IOSCO MoU স্বাক্ষর করেন BSEC এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন



IOSCO 'A' ক্যাটাগরী স্ট্যাটাস অর্জন করায় কমিশনকে মাননীয় প্রধানমন্ত্রীর অভিনন্দন

২২ ডিসেম্বর ২০১৩ তারিখে International Organization of Securities Commissions (IOSCO) 'A' ক্যাটাগরী সদস্যপদ অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক স্বীকৃতি প্রাপ্তির প্রেক্ষাপটে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর নেতৃত্বে চার কমিশনারসহ ৫০ সদস্যের একটি প্রতিনিধি দল মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিতকে সংগে নিয়ে ফেব্রুয়ারী ২৬, ২০১৪ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ের চামেলী হলে BSEC এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর নেতৃত্বাধীন প্রতিনিধি দলের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন





মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যালয়ের চামেলী হলে BSEC এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর নেতৃত্বাধীন প্রতিনিধি দলের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন

প্রতিনিধি দলে BSEC এর কমিশনারবৃন্দ অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব আরিফ খান, জনাব মোঃ আঃ সালাম সিকদার, সকল নির্বাহী পরিচালক, পরিচালক এবং উপ-পরিচালকগণ উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের চামেলী হলের উক্ত অনুষ্ঠানে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত, প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা ড. মশিউর রহমান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।



সৌজন্য সাক্ষাতের প্রাক্কালে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানান





কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কমিশন কর্তৃক অর্জিত IOSCO 'A' ক্যাটাগরীর সদস্যপদ সনদের একটি প্রতিলিপি উপহার দেন

কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কমিশন কর্তৃক অর্জিত IOSCO 'A' ক্যাটাগরীর সদস্যপদ সনদের একটি প্রতিলিপি উপহার দেন এবং IOSCO 'A' ক্যাটাগরী সদস্যপদ অর্জনে পুঁজিবাজারের প্রয়োজনীয় সংস্কার, কমিশনের প্রাকযোগ্যতার শর্তাবলী পূরণে ও পরিপালনে মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত প্রচেষ্টা ও তার সরকারের সার্বিক সহযোগিতার জন্য গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন ও অভিনন্দন জানান।



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনকে IOSCO 'A' ক্যাটাগরী সদস্যপদ অর্জন করায় জেরি প্রদানের মাধ্যমে অভিনন্দন জানান





মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কমিশনের প্রতিনিধি দলের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করছেন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কমিশনের IOSCO 'A' ক্যাটাগরী সদস্যপদ অর্জন করায় গভীর সন্তোষ প্রকাশ করেন। তিনি আরও উল্লেখ করেন এ অর্জন আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল করবে। এর ফলে বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকর্ষিত হবে এবং ভবিষ্যতে এর আরও সম্প্রসারণ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। মাননীয় প্রধানমন্ত্রী কমিশনের চেয়ারম্যান তথা কমিশনকে একটি ট্রেস্ট প্রদানের মাধ্যমে এই বিশেষ অর্জনের জন্য অভিনন্দন জানান। পরিশেষে, মাননীয় প্রধানমন্ত্রী বিএসইসি প্রতিনিধি দলের সাথে ফটোসেশনে অংশগ্রহণ করেন।



কমিশনের প্রতিনিধি দলের সাথে ফটোসেশনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



IOSCO 'A' ক্যাটাগরী স্ট্যাটাস অর্জন করায় কমিশনকে স্টক এক্সচেঞ্জ এর অভিনন্দন

কমিশন IOSCO 'A' ক্যাটাগরী সদস্য পদ অর্জন করার পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসাবে আন্তর্জাতিক অঙ্গনে গৌরব অর্জন তথা দেশের ভাবমূর্তি উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার প্রেক্ষাপটে ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ কমিশনকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জ্ঞাপন করে।



কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন কে ফুলের তোড়া উপহার দিয়ে অভিনন্দন জ্ঞাপন করে ঢাকা স্টক এক্সচেঞ্জ



কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন কে ফুলের তোড়া উপহার দিয়ে অভিনন্দন জ্ঞাপন করে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ



‘A’ ক্যাটাগরী সদস্যপদ অর্জন করায় IOSCO এর বাৎসরিক সাধারণ সভায় বিএসইসিকে সম্বর্ধনা জ্ঞাপন

২৮ সেপ্টেম্বর ২০১৪ থেকে ২ অক্টোবর ২০১৪ পর্যন্ত ব্রাজিলের রিও-ডি-জেনেইরো শহরে অনুষ্ঠিত IOSCO এর বাৎসরিক সম্মেলনে বাংলাদেশ থেকে প্রতিনিধিত্ব করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং কমিশনার আরিফ খান। ‘A’ ক্যাটাগরী সদস্যপদে উন্নীত হওয়ায় IOSCO উক্ত সম্মেলনে বিএসইসিকে আনুষ্ঠানিকভাবে সম্বর্ধনা জ্ঞাপন করে। একই সাথে কমিশনের চেয়ারম্যানকে ‘A’ ক্যাটাগরীতে উন্নীত হওয়া সংক্রান্ত IOSCO এর Original সনদ প্রদান করে। IOSCO এর সকল কর্মকর্তা ও সদস্যদের উপস্থিতিতে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন Memorandum of Understanding (MMoU)-তে স্বাক্ষর করেন। সম্মেলনে অতি দ্রুততার সাথে ‘A’ ক্যাটাগরীতে উন্নীত হওয়ার লক্ষ্যে প্রতিবদ্ধকতা দূরীকরণের নিমিত্তে প্রয়োজনীয় বিধিবিধান এবং আইন সংশোধন ও সংযোজন করায় বিএসইসি এবং বাংলাদেশ সরকারকে IOSCO এর পক্ষ থেকে বিশেষভাবে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উল্লেখ্য যে, গত ২২ ডিসেম্বর, ২০১৩ তারিখে International Organization of Securities Commissions (IOSCO) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)কে ‘A’ ক্যাটাগরী সদস্যপদে উন্নীত করে। বাংলাদেশের এই অর্জনের ফলে বিশ্বের বিনিয়োগকারী প্রতিষ্ঠানসমূহসহ IOSCO এর সদস্য দেশসমূহের বাংলাদেশের পুঁজিবাজারের প্রতি আগ্রহ বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে।



২৮ সেপ্টেম্বর ২০১৪ থেকে ২ অক্টোবর ২০১৪ পর্যন্ত ব্রাজিলের রিও-ডি-জেনেইরো শহরে অনুষ্ঠিত এর বাৎসরিক সম্মেলনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন





ব্রাজিলের 'রিও-ডি-জেনেইরো' তে IOSCO-র MMoU-তে কমিশনের চেয়ারম্যান
ড. এম. খায়রুল হোসেন -কে স্বাক্ষর করতে দেখা যাচ্ছে



IOSCO-এর 'A' ক্যাটাগরীতে উন্নীত হওয়ায় IOSCO বোর্ডের চেয়ারম্যান এবং সেক্রেটারী জেনারেল আনুষ্ঠানিকভাবে
কমিশনের চেয়ারম্যান এর নিকট Original সনদ হস্তান্তর করেন

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিএসইসি ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন

১০ অগ্রহায়ণ ১৪২০, ইংরেজী ২৪ নভেম্বর ২০১৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় নির্মিতব্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। উক্ত অনুষ্ঠানের কিছু আলোকচিত্র নীচে উপস্থাপন করা হলঃ



বিএসইসি ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিএসইসি ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন





মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফ্রেন্ট উপহার সেনা কমিশনের চেয়ারম্যান
ড. এম. খায়রুল হোসেন



মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত কে ফ্রেন্ট উপহার সেনা কমিশনের চেয়ারম্যান
ড. এম. খায়রুল হোসেন



কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন কে ক্রস্টে উপহার সেন
মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত এর পাশে
কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এবং কমিশনারবৃন্দ প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী,
মোঃ আমজাদ হোসেন, আরিফ খান ও মোঃ আঃ সালাম সিকদার





বিএসইসি ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন শেষে বক্তব্য দেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

কমিশন ভবনের স্থাপত্য নকশার 3D ছবি



কমিশন ভবনের বর্ণনা

১। প্রকল্পের নাম	:	Construction of 10-Storied Building with One Basement for Bangladesh Securities and Exchange Commission (BSEC) at Sher-e Bangla Nagar, Dhaka
২। (ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ (খ) বাস্তবায়নকারী সংস্থা	:	অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও গণপূর্ত অধিদপ্তর
৩। প্রকল্পের প্রাকল্পিত ব্যয় (কোটি টাকা) (ক) মোট (খ) জিওবি (গ) প্রকল্প সাহায্য	:	মূল ৪৩.৮৬ কোটি টাকা ৪৩.৮৬ কোটি টাকা (বিএসইসি'র নিজস্ব তহবিল)
৪। প্রকল্পের অর্থ (ঋণ, অনুদান, ইকুইটি ইত্যাদি)	:	বিএসইসি'র নিজস্ব তহবিল
৫। প্রকল্পের বাস্তবায়নকাল (ক) আরম্ভ (খ) সমাপ্তি	:	মূল (প্রস্তাবিত) জানুয়ারি, ২০১৪ ডিসেম্বর, ২০১৫
৬। চলতি এতিবিতে অন্তর্ভুক্ত ও বরাদ্দ	:	প্রকল্পটি সংশোধিত এডিপি ২০১৩-২০১৪ এ মোট ১৯.৫২ কোটি টাকা বরাদ্দসহ অন্তর্ভুক্ত আছে।
৭। প্রকল্পের বৈশিষ্ট্য	:	বিএসইসি'র নির্মাণাধীন ভবনটি একটি বেসমেন্ট ও ১০টি ফ্লোর বিশিষ্ট। মোট ৮৯,২৫০ বর্গফুট বিশিষ্ট এই ভবনে একটি আন্তর্জাতিক সম্মেলন করার সুবিধা সম্পন্ন মাল্টিপারপাস কনফারেন্স রুম, এনফোর্সমেন্ট ও বিশেষ ট্রাইবুনালের বিচার কাজের জন্য এজলাস, অত্যাধুনিক লাইব্রেরী, ডে-কেয়ার সেন্টার, ক্যান্টিন, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, সৌর বিদ্যুৎ, তিনটি লিফ্ট প্রভৃতির ব্যবস্থা রাখা হয়েছে।



স্টক এক্সচেঞ্জ ডিমিউচ্যুয়ালাইজেশন

মহান জাতীয় সংসদ গত মে ২, ২০১৩ তারিখে বাংলাদেশে পুঁজিবাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রণ, এক্সচেঞ্জ সমূহের কার্যকর প্রাতিষ্ঠানিক সু-শাসন প্রতিষ্ঠা, সিকিউরিটিজ এ বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ এবং এতদসংক্রান্ত বিষয়াবলী নিশ্চিত করার জন্য বিধান প্রণয়নের লক্ষ্যে এক্সচেঞ্জস ডিমিউচ্যুয়ালাইজেশন আইন, ২০১৩ প্রণয়ন করে। ইতিপূর্বে স্টক এক্সচেঞ্জস ডিমিউচ্যুয়ালাইজেশন এর কনসেন্ট পেপার তৈরী করে উভয় স্টক এক্সচেঞ্জ এর প্রতিনিধিবৃন্দ ২৯ ডিসেম্বর ২০১১ তারিখে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন কে সংগে নিয়ে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এর সংগে সাক্ষাৎ করেন এবং সভায় মিলিত হন।



মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এর সংগে ডিমিউচ্যুয়ালাইজেশন এর কনসেন্ট পেপার নিয়ে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনসহ ঢাকা স্টক এক্সচেঞ্জ প্রতিনিধিবৃন্দের সাক্ষাৎ ও সভা





মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত এর সংশ্লিষ্ট ডিমিউচ্যালাইজেশন এর কনসেন্ট পেপার নিয়ে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেনসহ চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ প্রতিনিধিবৃন্দের সাক্ষাৎ ও সভা

স্টক এক্সচেঞ্জ ডিমিউচ্যালাইজেশন আইন এর খসড়া প্রস্তুতপূর্বক উভয় স্টক এক্সচেঞ্জ ১ জুলাই ২০১২ তারিখে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর নিকট উপস্থাপন করে। কমিশন উক্ত খসড়া আইন রিভিউপূর্বক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় তথা সরকারের নিকট প্রেরণ করে।



কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর নিকট ডিএসই এর ডিমিউচ্যালাইজেশন আইন এর খসড়া উপস্থাপন

মহান জাতীয় সংসদে এক্সচেঞ্জ ডিমিউচ্যালাইজেশন আইন, ২০১৩ পাশ হওয়ার পর আইনের ধারা ৫ অনুযায়ী স্টক এক্সচেঞ্জসমূহ ডিমিউচ্যালাইজেশন স্কিম তৈরী করে। ডিমিউচ্যালাইজেশন আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যেই উভয় স্টক এক্সচেঞ্জ ২৯ জুলাই ২০১৩ তারিখে কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী এর নিকট স্ব স্ব ডিমিউচ্যালাইজেশন স্কিম উপস্থাপন করে। সে সময় কমিশনের চেয়ারম্যান দাপ্তরিক কাজে বিদেশে অবস্থান করছিলেন। কমিশন প্রয়োজনীয় সংশোধনীসহ পরবর্তী সময়ে উক্ত স্কিম অনুমোদন করে।



ইতোমধ্যে এক্সচেঞ্জ সমূহের সংস্কারক ও সংঘবিধিতে প্রয়োজনীয় পরিবর্তন পূর্বক আরজেএসসি কর্তৃক নিবন্ধন সম্পন্ন হয়। ভিমিউচ্যালাইজ স্কীম সরকারী গেজেটে প্রকাশিত হয়। এরই ফলশ্রুতিতে ২১ নভেম্বর ২০১৩ তারিখে উভয় স্টক এক্সচেঞ্জে ভিমিউচ্যালাইজড হয়।

উভয় স্টক এক্সচেঞ্জের প্রত্যেক বিদ্যমান মেম্বার তথা প্রাথমিক শেয়ারহোল্ডারগণের বিও একাউন্টে তাদের প্রাপ্ত শেয়ারের ৪০% শেয়ার সিডিবিএল এ ভিম্যাট আকারে জমা হয়েছে। প্রত্যেকের বাকী ৬০% শেয়ার ব্লক হিসাবে জমা আছে যা এক্সচেঞ্জের ভিমিউচ্যালাইজেশন আইন, ২০১৩ এর ধারা ১৪ মোতাবেক ভিসপোজাল না হওয়া পর্যন্ত থাকবে। ভবিষ্যতে উভয় এক্সচেঞ্জে এর শেয়ার স্টক এক্সচেঞ্জে লেনদেনের জন্য তালিকাভুক্ত হতে পারবে।



কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী এর নিকট ভিএসই এর ভিমিউচ্যালাইজেশন স্কীম উপস্থাপন



কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর মো. হেলাল উদ্দিন নিজামী এর নিকট সিএসই এর ভিমিউচ্যালাইজেশন স্কীম উপস্থাপন



ডিমিউচ্যুয়ালাইজেশনের প্রধান উদ্দেশ্যসমূহ

গ্লোবলাইজেশনের ফলে ক্রমবর্ধমান প্রতিযোগিতার প্রেক্ষাপটে বিশ্বব্যাপী স্টক এক্সচেঞ্জ এর পুনর্গঠন এর প্রয়োজনীয়তা বৃদ্ধি পেয়েছে এবং অনেক সংখ্যক স্টক এক্সচেঞ্জ ডিমিউচ্যুয়ালাইজড হয়েছে। প্রযুক্তির উন্নয়ন, ক্রমবর্ধমান অর্থনৈতিক প্রতিযোগিতা, এবং আনুসঙ্গিক ব্যয় স্টক এক্সচেঞ্জগুলিকে তাদের এন্টারপ্রেনোরিয়াল স্ট্র্যাটেজি পরিবর্তন ও ডিমিউচ্যুয়ালাইজেশনের জন্য উত্থুদ্ধ করেছে। ডিমিউচ্যুয়ালাইজেশনের প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- স্টক এক্সচেঞ্জ এর মালিকানা ও ট্রেডিং রাইট আলাদা করা;
- এক্সচেঞ্জ এর শেয়ার হোল্ডারগণের লাভের অধিকারী হওয়া, যা এক্সচেঞ্জের দক্ষতা ও মূল্যমান বৃদ্ধির জন্য চাপ সৃষ্টি করবে;
- স্টক এক্সচেঞ্জ এ অধিকতর প্রাতিষ্ঠানিক সু-শাসন প্রতিষ্ঠিত করা।

ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর পরিচালনা পর্ষদ

ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এ পরিচালনা পর্ষদ হবে ১৩ সদস্য বিশিষ্ট, যার মধ্যে ৭ জন থাকবেন ইন্ডিপেনডেন্ট পরিচালক, শেয়ার হোল্ডার ও স্ট্র্যাটেজিক বিনিয়োগকারীদের মধ্য থেকে অন্ততঃ ১ জন স্ট্র্যাটেজিক বিনিয়োগকারী পরিচালকসহ নির্বাচিত ৫ জন পরিচালক এবং অপর ১ জন পরিচালক হবেন এক্স-অফিসিও; এক্সচেঞ্জের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা। ইন্ডিপেনডেন্ট পরিচালকগণের মধ্য হতে ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর চেয়ারম্যান নির্বাচিত হবেন। কমিশনের অনুমোদনক্রমে ইন্ডিপেনডেন্ট পরিচালকগণ ও বছরের জন্য এক বার মনোনীত হবেন এবং পুনঃঅনুমোদিত হলে পরবর্তী একটি টার্মের জন্য মনোনীত হবেন। এক বছরের গ্যাপ না থাকলে তাঁরা পরবর্তী মনোনয়নের জন্য উপযুক্ত হবেন না। নির্বাচিত পরিচালকগণও একাধারে ২টি টার্মের বেশী পরিচালক হওয়ার উপযুক্ত হবেন না। এক বছরের গ্যাপ থাকলে তাঁরাও পরবর্তীতে নির্বাচনের জন্য উপযুক্ত হবেন। এক্সচেঞ্জের ব্যবস্থাপনা পরিচালক কমিশনের অনুমোদনক্রমে অনধিক ৩ বছরের জন্য মনোনীত হবেন এবং বোর্ডের সুপারিশের প্রেক্ষিতে কমিশনের অনুমোদনক্রমে আর একটি টার্মের জন্য মনোনীত হতে পারবেন।

বোর্ডের কোরাম পূর্ণ হতে এক তৃতীয়াংশ সদস্য থাকতে হবে যার মধ্যে উপস্থিতিতে সংখ্যাগরিষ্ঠ থাকতে হবে ইন্ডিপেনডেন্ট পরিচালকগণের। বোর্ড কর্তৃক গঠিত যে কোন কমিটির কোরাম হবে ৩ সদস্যবিশিষ্ট যার মধ্যেও সংখ্যাগরিষ্ঠ থাকতে হবে ইন্ডিপেনডেন্ট পরিচালকগণের।

ইন্ডিপেনডেন্ট পরিচালকগণ তাঁদের অভিজ্ঞতা ও দক্ষতাকে কাজে লাগিয়ে বোর্ড কমিটিগুলিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন নিরপেক্ষতা প্রদান, প্রাতিষ্ঠানিক সুশাসন উন্নয়ন এবং ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধি নিশ্চিতকরণের মাধ্যমে। সকল বোর্ড কমিটিতে ইন্ডিপেনডেন্ট পরিচালকগণের সংখ্যাগরিষ্ঠতা এবং তাঁদের শক্তিশালী ভূমিকা কমিটির সিদ্ধান্ত গ্রহণ ও কার্যাবলী সম্পাদন নিশ্চিত করবে।

ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর পাঁচটি বোর্ড কমিটি

ডিমিউচ্যুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ এ অধিকতর প্রাতিষ্ঠানিক সুশাসন নিশ্চিতকরণের নিমিত্ত বিভিন্ন ধরনের পাঁচটি বোর্ড কমিটি গঠন করা হবে এবং কমিটিগুলিকে ক্ষমতা অর্পণ করা হবে। কমিটিগুলি নিম্নরূপঃ

- ক. নমিনেশন এন্ড রেমোনারেশন কমিটি
- খ. রেগুলেটরী অ্যাফেয়ার্স কমিটি
- গ. অডিট এন্ড রিস্ক ম্যানেজমেন্ট কমিটি
- ঘ. আপিলস কমিটি; এবং
- ঙ. কনফ্লিক্ট মিটিগেশন কমিটি

অন্যকিছু উল্লিখিত না থাকলে প্রত্যেকটি কমিটি এক্স-অফিসিও সদস্যসহ পাঁচ সদস্য বিশিষ্ট হবে, যার মধ্যে চেয়ারম্যানসহ তিনজন সদস্য থাকবেন ইন্ডিপেনডেন্ট পরিচালক হতে। রেগুলেটরী অ্যাফেয়ার্স কমিটিতে শুধুমাত্র ইন্ডিপেনডেন্ট পরিচালক ও এক্স-অফিসিও



সদস্য থাকবেন, যেখানে সিআরও এক্স-অফিসিও সদস্য হিসাবে থাকবেন তবে তাঁর ভোটিং রাইট থাকবে না। রেগুলেটরী অ্যাফেয়ার্স কমিটির চেয়ারম্যান অন্য কোন কমিটির সদস্য হতে পারবেন না। অডিট এন্ড রিস্ক ম্যানেজম্যান্ট কমিটির সদস্যগণ ফাইনেন্সিয়াল লিটারেট হওয়া উচিত এবং সেখানে অন্ততঃ ১ জন সদস্য হতে হবে একাউন্টিং বা ফাইনেন্সিয়াল ম্যানেজম্যান্ট বিষয়ে অভিজ্ঞ। অডিট এন্ড রিস্ক ম্যানেজম্যান্ট কমিটির চেয়ারম্যান বা তাঁর মনোনীত উক্ত কমিটির একজন সদস্য বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকবেন। এক্সচেঞ্জ এর ব্যবস্থাপনা পরিচালক রেগুলেটরী অ্যাফেয়ার্স কমিটি ও আপিলস কমিটি ব্যতিত সকল কমিটির এক্স-অফিসিও সদস্য হিসাবে থাকবেন তবে তাঁর ভোটিং রাইট থাকবে না।

রেগুলেটরী অ্যাফেয়ার্স কমিটি ডিমিউচ্যুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ এর ব্যবসায়িক কার্যক্রমকে এর রেগুলেটরী কার্যক্রম থেকে পৃথক করার ভেহিকল হিসাবে কাজ করবে এবং রেগুলেটরী অ্যাফেয়ার্স ডিভিশনের যথার্থ কার্যক্রম নিশ্চিত করবে যাতে কার্যকর রেগুলেটরী পরিবেশ সৃষ্টি হয়, বিনিয়োগকারীদের আত্মবিশ্বাস বৃদ্ধি পায় ও বাজার শৃঙ্খলা বজায় থাকে।

যদি কোন কমিটি কোন বিষয় এক্সচেঞ্জ এর কার্যক্রমে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারে বিবেচনা করে তা সংশোধন কল্পে বোর্ডের নিকট উপস্থাপন করে এবং বোর্ড যদি তা অধৌক্তিকভাবে অগ্রাহ্য করে বা পরপর ২টি বোর্ড সভায় তা আলোচনা করতে ব্যর্থ হয়, তাহলে এক্সচেঞ্জ এর ব্যবস্থাপনা পরিচালক তা কমিশনের নিকট উপস্থাপন করবে।

ডিমিউচ্যুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ বিষয়ে বিস্তারিত জানতে সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এর ডিমিউচ্যুয়ালাইজেশন স্কীম দেখা যেতে পারে।



কমিশনে আধুনিক সার্ভিল্যান্স সিস্টেম স্থাপন

১৭ ডিসেম্বর ২০১২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিত, এমপি, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এ আধুনিক সার্ভিল্যান্স সিস্টেম InstantWatch Market উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সিস্টেমটির আনুষ্ঠানিক কার্যক্রম উদ্বোধন করেন।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে এক অনুষ্ঠানে কিন্ডা কেটে আধুনিক সার্ভিল্যান্স সিস্টেম InstantWatch Market উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, এমপি





আধুনিক সার্ভিসেস সিস্টেম InstantWatch Market এ লগ-ইন করছেন মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, এমপি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব এ, এম, এ, মুহিত, এমপি,
আধুনিক সার্ভিসেস সিস্টেম উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সচিব ড. আললাম আলম। কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন, কমিশনারবৃন্দ অধ্যাপক মো. হেলাল উদ্দিন নিজামী, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব অরিক খান, জনাব মোঃ আঃ সালাম সিকদার ও সিনিয়র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। বাজার মনিটরিং জোরদার করার লক্ষ্যে এডিবি এর সহায়তায় Improvement of Capital Market and Insurance Governance Project: Sub Project 3: Improvement of Capital Markets Governance Project শীর্ষক প্রকল্পের আওতায় কমিশনে সার্ভিসেস সিস্টেমটি স্থাপিত হয়।



মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত, এমপি সার্ভিসেস সিস্টেম উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন

শেয়ারবাজারে কারচুপি ও অনিয়ম দ্রুত চিহ্নিত করার মাধ্যমে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে এবং বাজার পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান প্রক্রিয়া জোরদার করার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আন্তর্জাতিক মানের সার্ভিসেস সফটওয়্যার স্থাপনের পদক্ষেপ গ্রহণ করে।

Instant Watch Market সার্ভেইল্যান্স সিস্টেমটি Trapets AB, সুইডেন কর্তৃক প্রস্তুতকৃত আন্তর্জাতিক মানের একটি আধুনিক সার্ভিসেস সফটওয়্যার, যা ইউরোপের বাজারে ব্যবহৃত হয়। এর বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে Alert System যা বাজার লেনদেন এ অস্বাভাবিকতা পেলে এলার্ট ট্রিগারিং এর মাধ্যমে মনিটরিংকারীদের সজাগ করে তুলে। এ ছাড়া এ সফটওয়্যার বিভিন্ন ধরনের মার্কেট ম্যানিপুলেশন ডিটেক্ট করতে সক্ষম যা মার্কেট সার্ভেইল্যান্স কাজের জন্য অত্যন্ত সহায়ক। এ সফটওয়্যারটি অন-লাইন ও অফ লাইন দু'ভাবেই কাজ করতে পারে। Instant Watch Market সার্ভেইল্যান্স সিস্টেমটি ডিএসই, সিএসই ও সিডিবিএল এর সাথে অনলাইনে যুক্ত।

Instant Watch Market ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এর ট্রেডিং সিস্টেম থেকে রিয়েল টাইমে প্রাপ্ত ট্রেড, অর্ডার ও নিউজ সংক্রান্ত তথ্য পর্যালোচনা করে এবং উক্ত সিস্টেম এর পূর্ব নির্ধারিত এলার্ট ট্রিগার অনুযায়ী, এলার্ট প্রদান করে। এ সফটওয়্যারটি যুগপৎভাবে ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এ সংঘটিত ট্রেডিং কার্যক্রম মনিটর করতে পারে।



Instant Watch Market সিস্টেমে প্রদত্ত Parameter অনুযায়ী বিভিন্ন ধরনের এলার্ট প্রদান করে থাকে। Instant Watch থেকে প্রাপ্ত এলার্টসমূহ ব্যবস্থাপনার জন্য উক্ত সিস্টেমে কিছু কার্যকরী পদ্ধতি ও রিপোর্টিং টুলস রয়েছে। এ সফটওয়্যারটি সম্ভাব্য মার্কেট ম্যানিপুলেশন, ইনসাইডার ট্রেডিং প্রাথমিক পর্যায়ে সনাক্তকরণে সহায়তা করে থাকে। এছাড়া, উক্ত সফটওয়্যার এর ডাটাবেজ এবং রিপোর্টিং সিস্টেম তদন্ত/অনুসন্ধান কার্যক্রম এ ব্যাপকভাবে সহায়তা করে থাকে।

আধুনিক সার্ভাইল্যান্স সিস্টেম উদ্বোধনী অনুষ্ঠানের বক্তব্যে মাননীয় অর্থমন্ত্রী উল্লেখ করেন যে, কমিশনে এই আধুনিক সার্ভাইল্যান্স সিস্টেম স্থাপনের বিষয়টি পুঁজিবাজারের জন্য একটি গুরুত্বপূর্ণ উন্নয়ন। তিনি সে সময় দুই টক এক্সচেঞ্জের ডিমিউচ্যালাইজেশন এর উপর গুরুত্বারোপ করেন যা তখন প্রক্রিয়াধীন ছিল। পরিশেষে তিনি সাংবাদিকগণের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর চেয়ারম্যান, কমিশনারবৃন্দ, প্রকল্প পরিচালক, এডিবি কনসালটেন্ট, সিস্টেম সরবরাহকারী প্রতিষ্ঠান ট্রাপেটস এবি, সুইডেন ও সিআইবিএল, বাংলাদেশ এর কর্মকর্তাবৃন্দ

IOSCO এর এনফোর্সমেন্ট এন্ড কো-অপারেশন উপদেষ্টা পদে বিএসইসি'র নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ এর মনোনয়ন





IOSCO এর এনফোর্সমেন্ট এন্ড কো-অপারেশন উপদেষ্টা পদে মনোনীত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের
নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন গত ২২ ডিসেম্বর ২০১৩ তারিখে IOSCO 'A' ক্যাটাগরী সদস্যপদে উন্নীত হয় এবং IOSCO 'A' ক্যাটাগরীভুক্ত হওয়ার প্রেক্ষাপটে বাংলাদেশীদের জন্য IOSCO-তে কাজ করার সুযোগ উন্মুক্ত হয়। সম্প্রতি কমিশনের কর্মকর্তা জনাব ফরহাদ আহমেদ, নির্বাহী পরিচালক উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে IOSCO এর এনফোর্সমেন্ট এন্ড কো-অপারেশন উপদেষ্টা পদে মনোনয়ন পান। তিনিই প্রথম বাংলাদেশী যিনি উক্ত সংস্থায় কাজ করার সুযোগ পেলেন। বাংলাদেশ সরকার উক্ত সংস্থায় কাজ করার জন্য ইতিমধ্যেই তাকে অনুমতি প্রদান করেছেন। এর ফলে আন্তর্জাতিক অঙ্গনে সদস্য দেশসমূহের সাথে তাঁর কাজ করার সুযোগ সৃষ্টি হবে। তিনি আগামী জানুয়ারী ২০১৫ এ স্পেনের মাদ্রিদে IOSCO প্রধান কার্যালয়ে যোগদান করবেন।



পুঁজিবাজার বিশ্লেষণ ও পর্যালোচনা

২০০৯-২০১০ সালে পুঁজিবাজারের পরিবর্তন এবং ২০১১ সালে বাজারের অস্বাভাবিক উঠা-নামার ফলে বাজারের বিশেষ সংস্কার সাধন জরুরী হয়ে পড়ে। সরকার কমিশন পুনর্গঠন করে। পুনঃগঠিত কমিশনের ব্যাপক সংস্কার কার্যক্রমের প্রেক্ষিতে ২০১২-২০১৩ থেকে বাজার স্থিতিশীল হয়। বিগত কয়েক বছরে বাজারের আচরন নিম্নের চার্টের সাহায্যে ব্যাখ্যা করা হল।



* চার্টে ২৮ জানুয়ারী ২০১৩ থেকে ডিএসইএক্স সূচক (যা S & P এর কারিগরি সহায়তায় তৈরী) ব্যবহার করা হয়েছে যা চালু হয় ৪০৫৫.৯০ হতে, যা তখনকার সাধারণ সূচক ৪১৭১.৪১ কাছাকাছি। চার্টে ২৮ জানুয়ারী ২০১৩ এর পূর্বে সাধারণ সূচক এবং এর পরে ডিএসইএক্স সূচক ব্যবহার করা হয়েছে।

জানুয়ারি ০১, ২০০৯ তারিখ ডিএসই সাধারণ সূচক ছিল ২৮০৭.৬১। পরবর্তী সময় অর্থনৈতিক সূচকসমূহের যে অগ্রগতি লক্ষ্য করা যায় তারই ধারাবাহিকতা পুঁজিবাজারেও পরিলক্ষিত হয়। সরকারের পুঁজিবাজার বাস্কব বিভিন্ন সিদ্ধান্তের ফলে ২০১০ সালের প্রথম থেকে স্টক এক্সচেঞ্জ এর সাধারণ মূল্য সূচক এবং দৈনিক লেনদেন উভয়ই বৃদ্ধি পায়। বাজারে শেয়ারের মূল্য বৃদ্ধির কারণগুলো ছিল নিম্নরূপ:-

- সঞ্চয় পত্রের সুদের হার ক্রাসের কারণে সঞ্চয়পত্রে বিনিয়োগকৃত অর্থ উত্তোলন করে পুঁজিবাজার বিনিয়োগ;



- পুঁজিবাজারে প্রাতিষ্ঠানিক বিনিয়োগ থেকে ক্যাপিটাল গেইন করমুক্তির কারণে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের উৎসাহ দান;
- পুঁজিবাজারে গ্রামীণ ফোনের অর্জিত্বের কারণে সূচক ৭১৯ পয়েন্ট বৃদ্ধি। যার ফলে পুঁজিবাজার সম্পর্কে ব্যাপক সংখ্যক বিনিয়োগকারী আগ্রহী হয়ে উঠে;
- ব্যবসায়িক ঋণ পুঁজিবাজারে বিনিয়োগের ফলে অতিমাত্রায় চাহিদা সৃষ্টি;
- ব্যাংকিং খাতের অলস মানি পুঁজিবাজারে বিনিয়োগের ফলে তারল্য বৃদ্ধি;
- বিনিয়োগকারীর সক্ষমতা নিরূপণ না করে ব্যাপকভাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান;
- বিভিন্ন জেলা শহরে ব্রোকারেজ হাউজের ব্রাঞ্চ প্রতিষ্ঠার ফলে তৃণমূল পর্যায়ের অর্থ পুঁজিবাজারে বিনিয়োগ;
- বুক বিল্ডিং পদ্ধতির অপব্যহার, ইত্যাদি।

২০১০ সালের শুরু থেকে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক নানামুখী পরামর্শ এবং সতর্কতামূলক বিজ্ঞপ্তি অধ্যাহ করে বিনিয়োগকারীগণ বিপুল সংখ্যায় ও বর্ধিত পরিমাণে শেয়ারবাজারে বিনিয়োগ অব্যাহত রাখে ফলশ্রুতিতে নভেম্বর ২০১০ পর্যন্ত শেয়ারের মূল্য সূচক বৃদ্ধি পেতে থাকে। পাশাপাশি Major Correction এর আশংকা বাড়তে থাকে। সেই সাথে বাজারে বিনিয়োগকারীদের ঝুঁকি বৃদ্ধি পায়। এ সময় নতুন বিনিয়োগকারীগণ অত্যধিক ঝুঁকির মধ্যে গুজব ও জনশ্রুতি তড়িত হয়ে অধিক ঋণ নিয়ে বিনিয়োগে আকৃষ্ট হতে থাকে। এছাড়াও শেয়ারের বিনিয়োগ একটি সুপরিচালিত, সুচিন্তিত, বিশ্লেষণধর্মী, কৌশলদীপ্ত এবং সংযম নির্ভর বিনিয়োগ। কিন্তু অধিকাংশ বিনিয়োগকারী এগুলির তোয়াজা না করেই শেয়ারে বিনিয়োগ করতে শুরু করেন। ফলে শেয়ারের মূল্য সূচক অতি মাত্রায় বৃদ্ধি পায়। পরবর্তীতে শেয়ারের মূল্যসূচক অতিমাত্রায় বৃদ্ধির ফলে জানুয়ারি ২০১১ থেকে মূল্য সংশোধন শুরু হয় এবং মূল্য সূচক অতিমাত্রায় হ্রাস পেতে থাকে। মূল্য সূচক হ্রাসের কারণগুলো নিম্নরূপ:-

- সুদের হার বৃদ্ধি;
- পুঁজিবাজারে তারল্য সংকট;
- কলমানি মার্কেটে সুদের হার বৃদ্ধি;
- অতিমূল্যায়িত শেয়ারের মূল্য সংশোধন;
- প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের বিনিয়োগ তুলে নেওয়া এবং নতুন করে বিনিয়োগ না করা;
- বিনিয়োগকারীদের আস্থা হ্রাস;
- নতুন বিনিয়োগ না হওয়া;
- স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকগুলোর ঋণ প্রদানের ক্ষমতা হ্রাস;
- শেয়ার বাজারে বিনিয়োগকৃত শিল্প ঋণ/বাণিজ্যিক ঋণ পুঁজিবাজার থেকে প্রত্যাহার;
- কতিপয় ক্ষেত্রে অস্বচ্ছ ও ত্রুটিপূর্ণ আর্থিক বিবরণী;
- ব্যাংকিং কোম্পানির শেয়ার বাজারে বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য সীমার অতিরিক্ত বিনিয়োগ সমন্বয়করণ;
- চাহিদার তুলনায় সিকিউরিটিজের যোগানের স্বল্পতার কারণে সিকিউরিটিজের মূল্য অতি মূল্যায়িত হয়ে থাকে। ফলে অতি মূল্যায়িত সিকিউরিটিজের মূল্য সংশোধন হয়ে থাকে; ইত্যাদি।



পুঁজিবাজারের সংস্কার কার্যক্রম (মে ২০১১ - ডিসেম্বর ২০১৪)

আইন সম্পর্কিত

১.	এক্সচেঞ্জ ডিমিউচ্যালাইজেশন আইন, ২০১৩ প্রণয়ন: ডিমিউচ্যালাইজেশন এর মাধ্যমে এক্সচেঞ্জ সমূহে কার্যকর প্রাতিষ্ঠানিক সু-শাসন প্রতিষ্ঠা তথা মালিকানা ও ব্যবস্থাপনা থেকে লেনদেনের অধিকার পৃথক করার লক্ষ্যে এক্সচেঞ্জ ডিমিউচ্যালাইজেশন আইন, ২০১৩ মহান জাতীয় সংসদে পাশ হয়েছে, যা মে ০২, ২০১৩ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
২.	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ সংশোধন: পুঁজিবাজারের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনকে অধিকতর ক্ষমতায়ন ও যুগোপযোগী করার উদ্দেশ্যে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর শিরোনাম সংশোধন করে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ করা হয়েছে, যা ডিসেম্বর ১০, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এ সংশোধনীতে- - বাংলাদেশ ব্যাংককে অবহিত করে, কোন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, সর্ববিধিদ্ধ সংস্থা বা অন্যান্য কর্তৃপক্ষ হতে সিকিউরিটিজ লেনদেন সম্পর্কিত তদন্তাধীন ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্য ও রেকর্ড তলব করা যাবে; - সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশি ও বিদেশি কর্তৃপক্ষ বা সংস্থার সহিত সিকিউরিটিজ সম্পর্কিত সহযোগিতা ও তথ্য বিনিময় চুক্তি সম্পাদন করা যাবে; - ডেরিভেটিভ সহ সিকিউরিটিজ লেনদেন সংক্রান্ত সেটেলমেন্টের জন্য স্থাপিত ক্লিয়ারিং কর্পোরেশনের কার্য নিয়ন্ত্রণ করা যাবে; - বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রদেয় বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদির সাথে সামঞ্জস্যপূর্ণ করে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ করা যাবে; - সরকারি, স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত অনুদান ব্যতীত কমিশন কর্তৃক প্রাপ্ত অর্থ কমিশন স্বীয় প্রয়োজনে ব্যয় করতে পারবে; - কমিশন কর্তৃক আরোপিত অর্থদন্ডের ১৫ (পনের) শতাংশ অর্থ কমিশন কর্তৃক নির্ধারিত ব্যাংক হিসাবে জমা প্রদান না করে উক্তরূপ দন্ডদেশের বিরুদ্ধে পুনর্বিবেচনা বা কোন আদালতে মামলা বা আইনগত কার্যধারা দায়ের করা যাবে না।
৩.	Securities and Exchange Ordinance, 1969 সংশোধন: Securities and Exchange Ordinance, 1969 সংশোধন করা হয়েছে, যা ডিসেম্বর ১০, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এর ফলে- - কমোডিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠার মাধ্যমে কমোডিটি ফিউচারস কন্ট্রাস্ট লেনদেন করা যাবে; - ডেরিভেটিভের বাজার সৃষ্টি করা যাবে; - বিএসইসি'র বর্তমান এবং সাবেক চেয়ারম্যান, কমিশনার এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ কমিশনের গোপন তথ্য প্রকাশ করতে পারবেন না, অন্যথায় শাস্তির বিধান রাখা হয়েছে; - বিএসইসি উহার তদন্ত কার্যের স্বার্থে বাংলাদেশ ব্যাংককে অবহিত রেখে কোন প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্য তলব করতে পারবে; - কমিশন কর্তৃক আরোপিত জরিমানার বিরুদ্ধে আদালতের শরণাপন্ন হতে হলে, আরোপিত জরিমানার ১৫% কমিশনে জমা দিয়ে আদালতে মামলা দায়ের করা যাবে; - পুঁজিবাজার সম্পর্কিত মামলা নিষ্পত্তির জন্য স্পেশাল ট্রাইবুনাল গঠন করা যাবে।



বিধি ও প্রবিধান সম্পর্কিত

৪.	Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 প্রণয়ন: Private placement debt issue প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে Securities and Exchange Commission (Private Placement of Debt Securities) Rules, 2012 প্রণয়ন করা হয়েছে, যা ৩০ জানুয়ারি ২০১৩ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
৫.	Bangladesh Securities and Exchange Commission (Research Analysis) Rules, 2013 প্রণয়ন: Investors, Academicians ও Policy Maker-দের Access to information নিশ্চিত করার জন্য বিএসইসি কর্তৃক Equity Research Publications উন্মুক্ত করা হয়েছে। সে মোতাবেক Bangladesh Securities and Exchange Commission (Research Analysis) Rules, 2013 প্রণয়ন করা হয়েছে, যা আগস্ট ২২, ২০১৩ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
৬.	Securities and Exchange Commission (Public Issue) Rules, 2006 সংশোধন: বুক বিক্রি পদ্ধতির সংস্কার পূর্বক Securities and Exchange Commission (Public Issue) Rules, 2006 এর সংশোধন করা হয়েছে, যা অক্টোবর ২৭, ২০১১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে।
৭.	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ সংশোধন: অক্টোবর ১৩, ২০১১, জানুয়ারি ০৮, ২০১৩ এবং জুলাই ২৪, ২০১৩ তারিখে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ সংশোধন করা হয়েছে। এতে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ: • বিনিয়োগকারীগণ কর্তৃক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সহায়তার জন্য কোন মিউচুয়াল ফান্ড উহার স্বীমে প্রতি সপ্তাহে উহার নীট সম্পদ মূল্য নির্ধারণ করবে; • ইউনিট মালিকগণের অনুমোদন সাপেক্ষে মেয়াদি স্বীমকে বে-মেয়াদি স্বীমে রূপান্তর করা যাবে; • মিউচুয়াল ফান্ডের (স্বীমের) কমপক্ষে ২৫% পাবলিক অফারের মাধ্যমে উত্তোলন করতে হবে; • মিউচুয়াল ফান্ডে (স্বীমে) প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে বিনিয়োগকারীদের বিনিয়োগের উপর (অ) মেয়াদি ফান্ডের ইউনিটের ক্ষেত্রে, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির তারিখ হইতে, এবং (আ) বে-মেয়াদি ফান্ডের ক্ষেত্রে, ফান্ড গঠনের তারিখ হইতে, উভয় ক্ষেত্রে ৬ (ছয়) মাস পর্যন্ত লক-ইন (Lock-in) বলবৎ থাকিবে; • স্বীমের সর্বশেষ NAV (Net Asset Value) এর ভিত্তিতে নতুন ইউনিট ইস্যুর মাধ্যমে ফান্ডের মুনাফা বন্টন, বা পুনঃ বিনিয়োগ করা যাবে।
৮.	Securities and Exchange Rules, 1987 সংশোধন: তালিকাভুক্ত কোম্পানিসমূহে Special Audit এর নীতিমালা সংযোজন করে Securities and Exchange Rules, 1987 সংশোধন করা হয়েছে, যার প্রজ্ঞাপন মে ২২, ২০১৪ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়েছে। বিএসইসি প্রয়োজন মনে করলে নিরীক্ষক নিয়োগ করে নিজ খরচে কোন তালিকাভুক্ত কোম্পানির হিসাব নিরীক্ষণ করতে পারে। ইহা তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষা কার্যকমে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করবে।
৯.	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ সংশোধন: মার্চেন্ট ব্যাংকার এর ব্যবস্থাপনা পরিচালকের/সিইও'র নিয়োগ, বরখাস্ত, ক্ষমতা ইত্যাদি বিষয়াদি অন্তর্ভুক্ত করে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর সংশোধন করা হয়েছে, যা জানুয়ারি ১১, ২০১২ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এছাড়া মার্চেন্ট ব্যাংকার এর পরিশোধিত মূলধন ১০ কোটি টাকা হতে ২৫ কোটি টাকা পর্যন্ত বৃদ্ধি করে (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর সংশোধন করা হয়েছে, যা এপ্রিল ১৬, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
১০.	Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006 সংশোধন: Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006 এর সংশোধন করা হয়েছে, যা নভেম্বর ২৪, ২০১১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এর ফলে কোন কোম্পানি প্রিমিয়ামসহ রাইট শেয়ার ইস্যু করতে হলে উহাকে বিগত তিন বছর বাণিজ্যিক কর্মকাণ্ড পরিচালনা এবং মুনাফা করতে হবে।



১১.	Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 সংশোধন: Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 সংশোধন করা হয়েছে, যা সেপ্টেম্বর ২৯, ২০১১ এবং ডিসেম্বর ১৪, ২০১১ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। মূলধন উত্তোলনের জন্য কোন কোম্পানি কর্তৃক দাখিলকৃত দরখাস্তের সংগে অন্যান্য কাগজ পত্রের সংগে Banker's certificate অথবা Bank statement দাখিল করতে পারবে। এ সংশোধনের পূর্বে শুধুমাত্র Banker's certificate দাখিল করার বিধান ছিল।
১২.	সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ সংশোধন: সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ সংশোধন করা হয়েছে, যা এপ্রিল ০১, ২০১২ এবং মার্চ ০৫, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এতে স্টক ব্রোকার/ ডিলারের পরিচালনা পর্ষদ গঠন, অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদ নবায়ন সম্পর্কিত নতুন বিধান সংযোজিত হয়েছে।
১৩.	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৪ প্রণয়ন: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি বিধিমালা, ২০১৪ প্রণয়ন করা হয়েছে, যা ফেব্রুয়ারি ১০, ২০১৪ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। যার ফলে কমিশনের কর্মকর্তা ও কর্মচারীরা বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীগণের সহিত সমতুল্যপূর্ণ সুযোগ সুবিধা লাভ করবেন।

সাধারণ সংস্কারসমূহ

১৪.	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ১৯৯৫ সাল থেকে IOSCO এর সাধারণ সদস্য। IOSCO এর সকল শর্তাদি পরিপালন করে গত ডিসেম্বর ২২, ২০১৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন IOSCO এর সহিত MMoU স্বাক্ষরের মাধ্যমে Appendix 'B' হতে Appendix 'A' তে উন্নীত হয়েছে। এতে বিএসইসি এর স্ট্যাটাস বৈশ্বিক মানে উন্নীত হয়েছে এবং আন্তর্জাতিক নিয়ন্ত্রণকারী সংস্থার বিভিন্ন ওয়ার্কিং কমিটিতে কাজ করার যোগ্যতা অর্জন করেছে।
১৫.	দেশের পুঁজিবাজারের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন নভেম্বর ২৬, ২০১২ তারিখে ১০ বছরের (২০১২-২০২২) একটি Master Plan প্রণয়ন করেছে। এতে বিভিন্ন স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে। এ মাষ্টার প্লানে মূলত: পুঁজিবাজার সম্পর্কিত আইনগত সংস্কার, বড মার্কেটের উন্নয়ন, বাজারের অবকাঠামোগত ও প্রাতিষ্ঠানিক সংস্কার, তেরিভেটিভ মার্কেট প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
১৬.	শেয়ার বাজারে কারচুপি ও অনিয়ম দ্রুত চিহ্নিত করার মাধ্যমে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে এবং বাজার পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান প্রক্রিয়া জোরদার করার লক্ষ্যে ডিসেম্বর ১৭, ২০১২ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে আন্তর্জাতিক মানের সার্ভেইল্যান্স সফটওয়্যার (Surveillance Software) স্থাপন করা হয়েছে।
১৭.	পুঁজিবাজার সংক্রান্ত মামলাসমূহ দ্রুততার সাথে নিষ্পত্তির লক্ষ্যে Securities and Exchange Ordinance, 1969 এর Section 25B(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার একটি Special Tribunal প্রতিষ্ঠা করেছে, যার প্রজ্ঞাপন জানুয়ারি ০৭, ২০১৪ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
১৮.	কর্পোরেট গভর্নেন্স গাইড লাইনস যুগোপযোগী করে সংশোধন করত এর প্রজ্ঞাপন ০৭ আগস্ট ২০১২ তারিখে প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, পূর্বে তালিকাভুক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে মোট পরিচালক সংখ্যার ১০% Independent Director রাখার বিধান ছিল, যা বর্তমানে ২০% এ উন্নীত করা হয়েছে। ইহা তালিকাভুক্ত কোম্পানিসমূহের পরিচালনায় অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করতে সহায়ক হয়েছে।
১৯.	Non-Discretionary Portfolio Management-এর ক্ষেত্রে অমনিবাস হিসাব থেকে গ্রাহকের পৃথক বিও হিসাব-এ রূপান্তর এর নিমিত্ত ডিসেম্বর ৩০, ২০১২ তারিখে একটি নির্দেশনা জারি করা হইয়াছে। উক্ত রূপান্তর যথাসময়ে সম্পন্ন হয়েছে।
২০.	সেপ্টেম্বর ১৫, ২০১১ তারিখে জারিকৃত বিএসইসি'র এক আদেশের মাধ্যমে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সকল কোম্পানির শেয়ার ও মিউচুয়াল ফান্ডের অভিজিত মূল্য ১০.০০ (দশ) টাকায় রূপান্তর করা হয়েছে।



২১.	পাবলিক অফারের পূর্বে শেয়ারের প্রাইভেট প্রেসমেন্টের শর্তাবলী সম্পর্কিত প্রজ্ঞাপন অক্টোবর ০২, ২০১১ তারিখে জারি করা হয়েছে। এর ফলে কোন কোম্পানি ১০০ জনের বেশী ব্যক্তিকে প্রেসমেন্ট প্রদান করতে পারবে না।
২২.	বিএসইসি কর্তৃক ২৭ জুলাই ২০১১ তারিখে জারিকৃত আদেশ অনুযায়ী কোন ইস্যুয়ার কোম্পানি কোন নিরীক্ষা প্রতিষ্ঠানকে পর পর ৩ (তিন) বছরের বেশি নিরীক্ষক হিসাবে নিয়োগ করতে পারবে না। তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষা কার্যক্রমে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার জন্য ইহা সহায়ক হয়েছে।
২৩.	Coordinated Surveillance and Supervision এর লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, বিএসইসি, বীমা উন্নয়ন নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি সেপ্টেম্বর ২৩, ২০১২ তারিখে একটি MoU স্বাক্ষর করেছে।
২৪.	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নধীন “Construction of 10-storied Building with One Basement for Bangladesh Securities and Exchange Commission (BSEC) at Sher-e-Bangla Nagar, Dhaka” শীর্ষক প্রকল্পের আওতায় শের-ই-বাংলা নগরে কমিশনের নিজস্ব ভবনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী নভেম্বর ২৪, ২০১৩ তারিখে উক্ত ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন করেছেন।
২৫.	আইপিও-তে আবেদনকৃত কোম্পানির সম্পদ মূল্যায়নের নীতিমালা প্রণয়ন করা হয়েছে, যা আগস্ট ১৮, ২০১৪ইং তারিখে জারি করা হয়েছে।
২৬.	বিএসইসি'র নির্দেশনায় স্টক এক্সচেঞ্জসমূহ জুলাই ২০১১-তে Corporate Finance বিভাগ প্রতিষ্ঠা করেছে, যা বিনিয়োগকারীর স্বার্থে সহায়ক জুমিকা পালন করছে।
২৭.	ডিএসই জানুয়ারি ২৮, ২০১৩ তারিখে এবং সিএসই অক্টোবর ১২, ২০১৪ তারিখে নতুন ইনডেক্স প্রবর্তন করেছে।
২৮.	নিরীক্ষকদের প্যানেলভুক্তির লক্ষ্যে অক্টোবর ১৪, ২০১৪ তারিখে কমিশন একটি গাইডলাইনস্ অনুমোদন করেছে।
২৯.	গত অক্টোবর ১০, ২০১৩ইং তারিখে মেয়াদি মিউচুয়াল ফান্ড হতে বে-মেয়াদি মিউচুয়াল ফান্ডে রূপান্তরের নীতিমালা সম্বলিত নির্দেশনা জারি করা হয়েছে।
৩০.	কোন তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা ও পরিচালকগণ সকল সময়ে সম্মিলিতভাবে কোম্পানির পরিশোধিত মূলধনের কমপক্ষে ৩০% শেয়ার ধারণ করিবেন এবং প্রত্যেক পরিচালক পরিশোধিত মূলধনের কমপক্ষে ২% শেয়ার ধারণ করবেন, এ মর্মে ২২ নভেম্বর ২০১১ তারিখে বিএসইসি কর্তৃক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।
৩১.	বৈদেশিক প্রাতিষ্ঠানিক এবং অ-নিবাসী বাংলাদেশীদের পুঁজিবাজারে বিনিয়োগ থেকে অর্জিত লাভের উপর আরোপিত ১০% Capital Gain ট্যাক্স প্রত্যাহার।
৩২.	স্টক এক্সচেঞ্জে ট্রেক হোল্ডারদের লেনদেনের উপর উৎসে কর ০.১০% হতে হ্রাস করে ০.০৫% নির্ধারণ করা হয়েছে। আভ্যন্তরীণ সম্পদ বিভাগ অক্টোবর ২৭, ২০১১ তারিখে এ সম্পর্কিত প্রজ্ঞাপন জারি করেছে।
৩৩.	পুঁজিবাজারে মার্চেন্ট ব্যাংক ও সাবসিডিয়ারীসমূহের তহবিল সর্বনিম্ন ৫১% প্যারেন্ট কোম্পানি থেকে এবং অবশিষ্ট অংশ অন্য যে কোন তহবিল থেকে সংগ্রহ করতে পারবে। এতে মার্চেন্ট ব্যাংক ও সাবসিডিয়ারীসমূহের মূলধন বৃদ্ধি পাবে এবং তারল্য সংকট দীর্ঘ মেয়াদে অবসান হবে। এ সম্পর্কিত বিধান সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ অন্তর্ভুক্ত করা হয়েছে, যা এপ্রিল ০১, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।
৩৪.	পুঁজিবাজারকে চাপা তথা বিনিয়োগকারীদের বিনিয়োগে উৎসাহিত করার লক্ষ্যে পুঁজিবাজারের একটি vulnerability assessment করণ, Risk-based Capital Market ব্যবস্থা চালু এবং বাজার মধ্যস্থতাকারীদের Risk-based সুপারভিশনের আওতায় আনা হবে; এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।
৩৫.	রাইট ইস্যুর ক্ষেত্রে কর্পোরেট গভার্নেন্স গাইড লাইনস পরিপালন বাধ্যতামূলক করে আগস্ট ১৮, ২০১৩ তারিখে নোটিফিকেশন জারি করা হয়েছে।



পুঁজিবাজার তদন্ত কমিটি-২০১১ এর সুপারিশ বাস্তবায়ন

জনাব বোন্দকার ইব্রাহীম খালেদ এর নেতৃত্বে পুঁজিবাজার তদন্ত কমিটি-২০১১ এর সুপারিশ/পর্যবেক্ষণ অনুযায়ী বিএসইসি কর্তৃক অধিকতর তদন্ত অনুষ্ঠান ও অগ্রগতি নিম্নরূপঃ

ক্রমিক নং	বিষয়/বিবরণ	বাস্তবায়ন/অগ্রগতি
০১.	অমনিবাস একাউন্টের শ্যাডো হিসাবে কারসাজি।	পুঁজিবাজার তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী কমিশন কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে তথ্যের অপরিপূর্ণতার কারণে পুনঃতদন্ত কমিটি গঠন করা হয়। তদন্তের ভিত্তিতে এনফোর্সমেন্ট কার্যক্রম সম্পন্ন হয়েছে।
০২.	পুঁজিবাজারে মূল্য উল্লেখন	ইতোমধ্যে কারণ বিশ্লেষণ করা হয়েছে। যে সকল কারণে মূল্য উল্লেখন হয়েছিল রিপোর্টে তার অধিকাংশই অনুপস্থিত।
০৩.	সিরিয়াল ট্রেডিং ও কারসাজি	তদন্ত সম্পন্ন হয়েছে এবং ৫ জনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের হয়েছে।
০৪.	শীর্ষ প্রেয়ারদের সন্দেহজনক সেনসেন	তদন্ত সম্পন্ন হয়েছে। তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে এনফোর্সমেন্ট কার্যক্রম শেষে কমিশন কর্তৃক অভিযুক্তদের বিরুদ্ধে উল্লেখযোগ্য হারে জরিমানা ধার্য করা হয়েছে।
০৫.	অমনিবাস একাউন্টের শ্যাডো হিসাব পরীক্ষা	পুঁজিবাজার তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী কমিশন কর্তৃক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদনে তথ্যের অপরিপূর্ণতার কারণে পুনঃতদন্ত কমিটি গঠন করা হয়। তদন্তের ভিত্তিতে এনফোর্সমেন্ট কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।
০৬.	ব্লক প্রেসমেন্ট (মাত্র দুটি ঠিকানায় ১৯ জন ব্যক্তিকে ১৯ কোটি টাকার শেয়ার বরাদ্দ)।	তদন্ত সম্পন্ন হয়েছে। রিপোর্টে ভুল তথ্য দেয়া হয়েছে। ১৯ ব্যক্তি ১৯ কোটির বদলে মাত্র ১ কোটি ৯০ লক্ষ টাকার প্রেসমেন্ট নিয়েছেন। তখনকার বিদ্যমান আইনে কোন অনিয়ম হয়নি।
০৭.	ডিসেম্বর-২০১০ এবং জানুয়ারী-২০১১ সময়কালে কয়েকটি/জন শীর্ষ বিক্রেতাদের KYC পরীক্ষা।	তদন্ত সম্পন্ন হয়েছে কোন অনিয়ম পাওয়া যায়নি। কোন সিকিউরিটিজ আইন লঙ্ঘিত হয়নি।
০৮.	শেয়ার অতিমূল্যায়নের ২০০৯ ও ২০১০ সালে শীর্ষ ৫০টি কোম্পানি।	৫০টি কোম্পানীর মধ্যে ১টির তদন্ত সম্পন্ন করা হয়েছে। এই তদন্ত প্রক্রিয়া অত্যন্ত সময় সাপেক্ষ। পর্যালোচনায় দেখা যায় যে, তৎসময়ে যে সমস্ত কারণে বাজারে মূল্য উল্লেখন হয়েছিল সেই সমস্ত কারণগুলিই উল্লেখিত কোম্পানিগুলির মূল্য উল্লেখনের জন্য দায়ী। সার্বিক বিবেচনায় বর্তমান কমিশন সংশ্লিষ্ট আইনের সংশোধন ও নতুন আইন প্রণয়নের মাধ্যমে এই অবস্থা পরিবর্তনের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে।
০৯.	সম্পদ অধিক মূল্যায়নের টেস্ট কেস-(৫ সদস্য বিশিষ্ট চার্টার্ড একাউন্ট্যান্ট কমিটি দ্বারা পুনঃ পরীক্ষা)।	এখনও সম্পন্ন করা হয়নি। অগ্রাধিকার কার্যক্রম হিসেবে বিষয়টিকে গণ্য করা হয়নি।
১০.	রাইট শেয়ার/প্রেক্ষারেল শেয়ার ইস্যুতে অনৈতিকতা	প্রক্রিয়াধীন রয়েছে। রাইটস ও প্রেসমেন্ট শেয়ার সংক্রান্ত নীতিমালা পরিবর্তন করা হচ্ছে।
১১.	১৭টি কেস স্টাডিপর্বে চিহ্নিত সমস্যা	তদন্ত সম্পন্ন হয়েছে। তদন্ত রিপোর্টে বর্ণিত সুপারিশ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেয়ার জন্য এনফোর্সমেন্ট বিভাগ কাজ শুরু করেছে।



ক্রমিক নং	বিষয়/বিবরণ	বাস্তবায়ন/অগ্রগতি
১২.	মোঃ আব্দুস সালামের শেয়ার ব্যবসা	তদন্তে কোন অনিয়ম পাওয়া যায় নাই। পুঁজিবাজার তদন্ত কমিটির সুপারিশ অনুসারে এক্ষেত্রে মানি লন্ডারিং হয়েছে কি না তা পরীক্ষা করার জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হলে বাংলাদেশ ব্যাংক অবহিত করে যে এক্ষেত্রে কোন মানি লন্ডারিং হয় নাই।
১৩.	শামীমা শরীফ এর শেয়ার ব্যবসা।	তদন্তে কোন অনিয়ম পাওয়া যায় নাই। পুঁজিবাজার তদন্ত কমিটির সুপারিশ অনুসারে এক্ষেত্রে মানি লন্ডারিং হয়েছে কি না তা পরীক্ষা করার জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হলে বাংলাদেশ ব্যাংক অবহিত করে যে এক্ষেত্রে কোন মানি লন্ডারিং হয় নাই।
১৪.	পাবলিক ইস্যু রুলস, ২০০৬	প্রয়োজনীয় সংশোধনপূর্বক গেজেট আকারে প্রকাশিত হয়েছে।
১৫.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(১)-৩২১; তাং ০২/০৮/২০১১ খ্রিঃ এবং নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬.২০১১(অংশ-১)- ১৭৪, তাং ২২/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে “সার্বক্ষণিক যৌথ ইন্সপেকশন দল” গঠন করার নির্দেশনা দেয়া হয়েছে।	“সার্বক্ষণিক যৌথ ইন্সপেকশন দল” গঠন করা হয়েছে।
১৬.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০১.০০.০০১. ২০১২-৩০; তাং ৩০/০৬/২০১২ খ্রিঃ এর মাধ্যমে পুঁজিবাজারে প্রভাব বিস্তার করার মত বিষয়ের একটি তালিকা প্রণয়ন করার নির্দেশনা দেয়া হয়েছে।	পুঁজিবাজারে প্রভাব বিস্তার করার মত বিষয়ের একটি তালিকা প্রণয়ন করা হয়েছে।
১৭.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৯১; তাং ২৬/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে বুক বিন্ডিং পদ্ধতির জন্য “বিধান” প্রণয়ন করার নির্দেশনা দেয়া হয়েছে।	বুক বিন্ডিং পদ্ধতির জন্য “বিধান” প্রণয়ন করা হয়েছে।
১৮.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৮৯; তাং ২৬/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে স্থিরমূল্য পদ্ধতিতে শেয়ার মূল্য নির্ধারণ এর লক্ষ্যে একটি “মূল্য নির্ধারণ কমিটি” গঠনের সুপারিশ করা হয়।	যেহেতু আইনে BSEC এর মূল্য নির্ধারণের সুযোগ নাই, সেহেতু কমিশন মূল্য নির্ধারণ করে না। তাই এ ধরনের কমিটি গঠন যথাযথ নয় বলে কমিশন মনে করে।
১৯.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৮৬; তাং ২৬/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে অগ্রাধিকার শেয়ার ইস্যুর নীতিমালা প্রণয়ন এর সুপারিশ করা হয়।	অগ্রাধিকার শেয়ার ইস্যুর নীতিমালা প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে। এ ব্যাপারে অন্যান্য দেশে বিদ্যমান বিধি-বিধান পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।



ক্রমিক নং	বিষয়/বিবরণ	বাস্তবায়ন/অগ্রগতি
২০.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৭৫; তাং ২২/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে ইস্টার্ন হাউজিং লিঃ এর শেয়ার সিরিয়াল ট্রেডিং এ জড়িত জনাব আবু সাদাত মোঃ সায়েম এবং আব্দুল মোবিন মোস্তা এর বিষয়ে তদন্ত করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(E)(ii) এবং (v) ধারা লঙ্ঘন করার মামলা দায়ের করা হয়েছে।	ইস্টার্ন হাউজিং লিঃ এর শেয়ার সিরিয়াল ট্রেডিং এ জড়িত জনাব আবু সাদাত মোঃ সায়েম এবং আব্দুল মোবিন মোস্তা এর বিষয়ে তদন্ত করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(E)(ii) এবং (v) ধারা লঙ্ঘন করার মামলা দায়ের করা হয়েছে।
২১.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৭৩; তাং ২২/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে শেয়ারের মূল্য বিভাজনে কারসাজি করে এসইসি অর্ডিন্যান্স, ১৯৬৯ এর ১৭ (ই) ধারা লঙ্ঘন করায় জনাব সৈয়দ সিরাজউদ্দৌলা গং এর বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে।	শেয়ারের মূল্য বিভাজনে কারসাজি করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(E) ধারা লঙ্ঘন করায় জনাব সৈয়দ সিরাজউদ্দৌলা গং এর বিষয়ে আদালতে মামলা করা হয়েছে।
২২.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৭১; তাং ২২/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক, স্টক এক্সচেঞ্জ ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর কর্মসম্বন্ধ করার জন্য সুপারিশ করা হয়।	বাংলাদেশ ব্যাংক, উভয় স্টক এক্সচেঞ্জ ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর কর্মসম্বন্ধ এর লক্ষ্যে কমিটি গঠন করা হয়েছে।
২৩.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৭০; তাং ২২/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে স্টক এক্সচেঞ্জ ডিমিউচুয়ালাইজেশন এর জন্য সুপারিশ করা হয়।	উভয় স্টক এক্সচেঞ্জ এর ডিমিউচুয়ালাইজেশন সমাপ্ত হয়েছে।
২৪.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৬৯; তাং ২২/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে বিভিন্ন বিভাগ গঠন/পুনর্গঠন করার নির্দেশনা দেয়া হয়েছে।	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে বিভিন্ন বিভাগ গঠন/পুনর্গঠন করা হয়েছে। নতুন ১০ বছর মেয়াদী Organogram প্রস্তুত করা হয়েছে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।



ক্রমিক নং	বিষয়/বিবরণ	বাস্তবায়ন/অগ্রগতি
২৫.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(অংশ-১)- ১৬৮; তাং ২২/০৫/২০১১ খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক জনাব আনোয়ারুল কবীর জুইয়া এবং জনাব এটিএম তারিকুজ্জামান এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়েছে।	বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক জনাব মোঃ আনোয়ারুল কবীর জুইয়া এর বিরুদ্ধে সংশ্লিষ্ট চাকুরীবিধি অনুযায়ী বিভাগীয় তদন্ত শেষে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হয়েছে। তাঁকে কমিশনের চাকুরী থেকে অব্যাহতি দেয়া হয়েছে। এছাড়াও জনাব এটিএম তারিকুজ্জামান, নির্বাহী পরিচালক এর বিরুদ্ধে বিভাগীয় তদন্ত পরিচালনা করা হয়েছিল এবং অভিযোগ প্রমানিত না হওয়ায় তিনি অভিযোগ থেকে অব্যাহতি পেয়েছেন।
২৬.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পত্র সূত্র নং- ৫৩.০১৪.০৩১.০০.০০.০০৬. ২০১১(১)-৪৩৪; তাং ২৩/১১/২০১১ খ্রিঃ এর মাধ্যমে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর প্রাক্তন সদস্য জনাব মনসুর আলমের বিরুদ্ধে নিবিড় তদন্তের জন্য কমিশনের কমিশনার জনাব মোঃ হেলাল উদ্দিন নিজামী এবং পরে জনাব আঃ সালাম সিকদার কে অন্তর্ভুক্ত করে দুই সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।	কমিটির তদন্ত কার্যক্রম সমাপ্ত হয়েছে।
২৭.	শেয়ার Split নিয়ে কিছু কিছু ক্ষেত্রে মূল্য সংবেদনশীল তথ্যের ভিত্তিতে কারসাজির অভিযোগের প্রেক্ষিতে ১০ টাকা ফেস ভ্যালু নয় এমন লিস্টেড কোম্পানীগুলোকে ২০১১ সালের মধ্যে শেয়ারের ফেস ভ্যালু ১০ টাকায় কনভার্ট করার উদ্যোগ নেওয়া সংক্রান্ত পুঁজিবাজার তদন্ত কমিটির সুপারিশ যা একটি নির্দিষ্ট সময়সীমা বেধে দেয়ার সুপারিশ করা হয়।	২০১১ সালের ০৪/১২/২০১১ ইং তারিখ হতে বাস্তবায়ন করা হয়েছে। প্রতিষ্ঠানটি একদিনে এমনভাবে সংঘটিত করা হয়েছে যাতে মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করে বিভিন্ন কোম্পানি অনৈতিক সুবিধা না নিতে পারে।
২৮.	অমনিবাস হিসাবকে একক বিও হিসাবে রূপান্তর করার জন্য পুঁজিবাজার তদন্ত কমিটি সুপারিশ।	পুঁজিবাজার তদন্ত কমিটি এর সুপারিশ অনুযায়ী ইতোমধ্যে মার্চেন্ট ব্যাংকসমূহের non-discretionary অমনিবাস হিসাব থেকে গ্রাহকের একক/পৃথক বিও হিসাবে রূপান্তর করা হয়েছে।



সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণ

সিকিউরিটিজ সংক্রান্ত আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার/স্টক ডিলার এবং অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক জুলাই ২০০৯ - ডিসেম্বর ২০১৪ সময়কালে নিম্নরূপ বহরগুয়ারী এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ইস্যুয়ার কোম্পানি এর বিরুদ্ধে:

আইনগত ব্যবস্থার ধরন	ইস্যুয়ার কোম্পানি এর সংখ্যা	ইস্যুয়ার কোম্পানি এর সংখ্যা	ইস্যুয়ার কোম্পানি এর সংখ্যা	ইস্যুয়ার কোম্পানি এর সংখ্যা	ইস্যুয়ার কোম্পানি এর সংখ্যা	ইস্যুয়ার কোম্পানি এর সংখ্যা
	২০০৯-২০১০	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	ডিসেম্বর'১৪ পর্যন্ত
জরিমানা	৮৫	৪৫	৫৬	১৪	১৭	১৩
সতর্কীকরণ	৬১	৩৩	৫০	১৬	৪৩	৪
মোট	১৪৬	৭৮	১০৬	৩০	৬০	১৭
সর্বমোট	৪০৭					

স্টক ব্রোকার/স্টক ডিলার এর বিরুদ্ধে:

আইনগত ব্যবস্থার ধরন	স্টক ব্রোকার/স্টক ডিলার এর সংখ্যা	স্টক ব্রোকার/স্টক ডিলার এর সংখ্যা	স্টক ব্রোকার/স্টক ডিলার এর সংখ্যা	স্টক ব্রোকার/স্টক ডিলার এর সংখ্যা	স্টক ব্রোকার/স্টক ডিলার এর সংখ্যা	স্টক ব্রোকার/স্টক ডিলার এর সংখ্যা
	২০০৯-২০১০	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	ডিসেম্বর'১৪ পর্যন্ত
জরিমানা	৫	৪৮	৪৭	২৬	২৮	৩৪
সতর্কীকরণ	৫০	৭	২৯	১৫	৩৫	১৬
মোট	৫৫	৫৫	৭৬	৪১	৬৩	৫০
সর্বমোট	৩৪০					

ইস্যু ম্যানেজার এর বিরুদ্ধে:

আইনগত ব্যবস্থার ধরন	ইস্যু ম্যানেজার এর সংখ্যা	ইস্যু ম্যানেজার এর সংখ্যা	ইস্যু ম্যানেজার এর সংখ্যা	ইস্যু ম্যানেজার এর সংখ্যা	ইস্যু ম্যানেজার এর সংখ্যা	ইস্যু ম্যানেজার এর সংখ্যা
	২০০৯-২০১০	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	ডিসেম্বর'১৪ পর্যন্ত
জরিমানা	১	০	১	১	১	৪
সতর্কীকরণ	০	০	০	১	০	০
মোট	১	০	১	২	১	৪
সর্বমোট	৯					

চাউল একাউন্টেন্ট ফর্ম এর বিরুদ্ধে:

আইনগত ব্যবস্থার ধরন	চাউল একাউন্টেন্ট ফর্ম এর সংখ্যা	চাউল একাউন্টেন্ট ফর্ম এর সংখ্যা	চাউল একাউন্টেন্ট ফর্ম এর সংখ্যা	চাউল একাউন্টেন্ট ফর্ম এর সংখ্যা	চাউল একাউন্টেন্ট ফর্ম এর সংখ্যা	চাউল একাউন্টেন্ট ফর্ম এর সংখ্যা
	২০০৯-২০১০	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	ডিসেম্বর'১৪ পর্যন্ত
জরিমানা	১	০	০	০	০	১
সতর্কীকরণ	৪	২	১	০	০	০
মোট	৫	২	১	০	০	১
সর্বমোট	৯					



ক্রেডিট রেটিং কোম্পানি এর বিরুদ্ধে:

আইনগত ব্যবস্থার ধরন	ক্রেডিট রেটিং কোম্পানি এর সংখ্যা	ক্রেডিট রেটিং কোম্পানি এর সংখ্যা	ক্রেডিট রেটিং কোম্পানি এর সংখ্যা	ক্রেডিট রেটিং কোম্পানি এর সংখ্যা	ক্রেডিট রেটিং কোম্পানি এর সংখ্যা	ক্রেডিট রেটিং কোম্পানি এর সংখ্যা
	২০০৯-২০১০	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	ডিসেম্বর'১৪ পর্যন্ত
জরিমানা	০	০	০	০	০	০
সতর্কীকরণ	০	১	১	০	০	০
মোট	০	১	১	০	০	০
সর্বমোট	২					

অনুমোদিত প্রতিনিধি এর বিরুদ্ধে:

আইনগত ব্যবস্থার ধরন	অনুমোদিত প্রতিনিধি এর সংখ্যা	অনুমোদিত প্রতিনিধি এর সংখ্যা	অনুমোদিত প্রতিনিধি এর সংখ্যা	অনুমোদিত প্রতিনিধি এর সংখ্যা	অনুমোদিত প্রতিনিধি এর সংখ্যা	অনুমোদিত প্রতিনিধি এর সংখ্যা
	২০০৯-২০১০	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	ডিসেম্বর'১৪ পর্যন্ত
জরিমানা	১	০	০	১	০	০
সতর্কীকরণ	০	০	০	০	০	০
মোট	১	০	০	১	০	০
সর্বমোট	২					

অন্যান্য:

আইনগত ব্যবস্থার ধরন	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা	সংখ্যা
	২০০৯-২০১০	২০১০-২০১১	২০১১-২০১২	২০১২-২০১৩	২০১৩-২০১৪	ডিসেম্বর'১৪ পর্যন্ত
জরিমানা	১	০	৭	৬	২১	৮
সতর্কীকরণ	৬	৮	৯	১১	৭	৯
মোট	৭	৮	১৬	১৭	২৮	৩৭
সর্বমোট	১১৩					



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর মামলা সংক্রান্ত তথ্যাদি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর বিরুদ্ধে মোট ৫৪১টি মামলা বিভিন্ন আদালতে বর্তমানে বিচারাধীন রয়েছে। মামলাসমূহের আদালত ভিত্তিক অবস্থান নিম্নরূপ :


ক্রমিক নং	আদালতের নাম		মামলার সংখ্যা
০১.	বাংলাদেশ সুপ্রীমকোর্ট	আপীল বিভাগ	১৮টি
		হাইকোর্ট বিভাগ	২২৬টি
০২.	বিশেষ জজ আদালত ও পরিবেশ আপীল আদালত, ঢাকা		০১টি
০৩.	৩য় অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালত, ঢাকা		০৬টি
০৪.	মহানগর দায়রা জজ আদালত, ঢাকা		০৯টি
০৫.	মহানগর দায়রা জজ ১ম অতিরিক্ত আদালত, ঢাকা		০৩টি
০৬.	মহানগর দায়রা জজ ২য় অতিরিক্ত আদালত, ঢাকা		০২টি
০৭.	মহানগর দায়রা জজ ৫ম অতিরিক্ত আদালত, ঢাকা		০২টি
০৮.	মহানগর সহকারী দায়রা জজ ১ম অতিরিক্ত আদালত, ঢাকা		০১টি
০৯.	৪র্থ যুগ্ম জেলা জজ আদালত, ঢাকা		০২টি
১০.	৫ম যুগ্ম জেলা জজ আদালত, ঢাকা		০৯টি
১১.	নবাবগঞ্জ সহকারী জজ আদালত, ঢাকা		০১টি
১২.	চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা		০৬টি
১৩.	শ্রম আদালত, ঢাকা		০২টি
১৪.	জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা		২৫৩টি
মোট মামলার সংখ্যা :			৫৪১টি



২০০৯-২০১৪ সালে পুঁজিবাজার থেকে ব্যবসা ও শিল্প-কারখানায় পুঁজির জোগান

কমিশন বিগত কয়েক বছরে আইপিও, আরপিও, রাইট ইস্যু, মূলধন উত্তোলন (পাবলিক অফার ব্যাভীত), ডাইরেক্ট লিস্টিং এর মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য পরিমাণে বিনিয়োগ তথা পুঁজির জোগান অনুমোদন করেছে যা নীচের সারণিতে প্রদর্শন করা হয়েছে।

আইপিও, আরপিও, রাইট ইস্যু, মূলধন উত্তোলন (পাবলিক অফার ব্যাভীত), ডাইরেক্ট লিস্টিং এর মাধ্যমে বিনিয়োগ (টাকা মিলিয়ন)												
অর্থ বছর	২০০৯-২০১০		২০১০-২০১১		২০১১-২০১২		২০১২-২০১৩		২০১৩-২০১৪		ডিসেম্বর ২০১৪	
	সংখ্যা	টাকা মিলিয়ন	সংখ্যা	টাকা মিলিয়ন	সংখ্যা	টাকা মিলিয়ন	সংখ্যা	টাকা মিলিয়ন	সংখ্যা	টাকা মিলিয়ন	সংখ্যা	টাকা মিলিয়ন
আইপিও	১০	১৩৯৮৯.২	৬	১১২২.৪	১১	১০৪৭০.৩৮	১৩	৮৩৩৪		৬,৫২৫.৯	৮	৩,৪৪২.৫০
আরপিও	-	-	১	২০০	১	৩১৩৭	-	-		-		
রাইট ইস্যু	৭	৯৯৩০.৭	২৯	২৫৫০৭.৩	১৫	২০৪০২.৭	৬	১৬৬৭.২		১,৬৬৭.২০	৪	১৩,৫৪১.০১
মূলধন উত্তোলন (নন-পাবলিক)	১৭২	১১২৮৫২.৬	১৫৮	৯৪৮১০	১৯০	১০০৮৯৭.১	১৯৭	১১৫২২৫.৩		১,৬৪,৩৯৮.৫০	৮৩	৫৩,০৩২.৯১
ডাইরেক্ট লিস্টিং	৩	৮২২	-	-	-	-	-	-		-		
মোট		১৩৭৫৯৪.৫		১২১৬৩৯.৭		১৩৪৯০৭.২		১২৫২২৬.৫		১,৭২,৫৯১.৬		৭০,০১৬.৪২



এছাড়া মিউচুয়াল ফান্ড খাতে কমিশন ২০১৩ সালে ২টি ফান্ডে টাকা ২০০০ মিলিয়ন, ২০১২ সালে ২টি ফান্ডে টাকা ২০০০ মিলিয়ন, ২০১১ সালে ১১টি ফান্ডে টাকা ৬০৪৫০ মিলিয়ন, ২০১০ সালে ১৩টি ফান্ডে টাকা ১৪৪৫০ মিলিয়ন এবং ২০০৯ সালে ৩টি ফান্ডে টাকা ১৭০০ মিলিয়ন বিনিয়োগ অনুমোদন করেছে। এ গুলি ছাড়া আরও ৮টি ফান্ড কমিশনের নিবন্ধন প্রাপ্ত হয়েছে যা এখনও আইপিও তে আসে নাই।



পুঁজিবাজার উন্নয়নে দীর্ঘমেয়াদি পরিকল্পনা

বাংলাদেশের পুঁজিবাজার দ্রুত বর্ধনশীল একটি পুঁজিবাজার। ১৯৫৬ সাল থেকে পুঁজিবাজারের শুরু হলেও এর দ্রুত বৃদ্ধি ঘটতে থাকে ১৯৯৩ সালে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন প্রতিষ্ঠার পর থেকে। ২০০০ সালে যেখানে বাজার মূলধন ছিল দেশের জিডিপি'র ২.২৪% সেখানে জুন ২০১৪ শেষে সেটি দাঁড়িয়েছে ২৪.৭৭%। দেশের প্রধান পুঁজিবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে ২০০০ সালের দিকে যেখানে দৈনিক লেনদেন হতো ১০/১৫ কোটি টাকা সেখানে তা এখন প্রায় ৩৬৫ কোটি টাকা। লেনদেনের নেটওয়ার্কে পরিধি ঢাকা ও চট্টগ্রাম ছাড়াই দেশের ৭টি বিভাগেই বিস্তৃত হয়েছে। শুধু তাই নয়, বিভিন্ন জেলা শহরে ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানেও ক্রমাগত সম্প্রসারিত হচ্ছে। ২০১০ সালের তিসেঘরে পুঁজিবাজারের অস্বাভাবিক উত্থান-পতনের প্রেক্ষাপটে বাজারের বিভিন্ন দুর্বল দিকগুলিকে চিহ্নিত ও সেগুলির সংস্কার সাধন এবং পুনর্গঠন করার প্রয়োজনীয়তা দেখা দিলে সরকার মে, ২০১১ এ নতুনভাবে কমিশন গঠন করে এবং পুঁজিবাজারের বিভিন্ন সংস্কার ও পুনর্গঠনের তাগিদ দেয়। পুনর্গঠিত কমিশন সরকারের প্রত্যক্ষ সহযোগীতায় পুঁজিবাজারের বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্কার সাধন করেছে যার মধ্যে কমিশন এর সক্ষমতা বৃদ্ধি এবং এটিকে শক্তিশালীকরণ, স্টক এক্সচেঞ্জসমূহের ডিমিউচায়ালাইজেশন, পুঁজিবাজারের জন্য বিশেষ ট্রাইবুনাল গঠন, পুঁজিবাজার বিষয়ক বিভিন্ন আইনের সংস্কার ও নতুন বিধান প্রণয়ন এবং আন্তর্জাতিক অঙ্গনে দেশের সুনাম বৃদ্ধি ইত্যাদি বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়া আরও কিছু গুরুত্বপূর্ণ ও অবকাঠামোগত উন্নয়নমূলক কাজের ১০-সাল পরিকল্পনা এবং অগ্রাধিকারমূলক কাজের ৫-সাল পরিকল্পনা প্রণয়ন করেছে, যেগুলির বাস্তবায়ন ইতোমধ্যেই শুরু হয়েছে।

অগ্রাধিকারমূলক কাজের ৫-সাল পরিকল্পনা এবং দীর্ঘমেয়াদি ১০-সাল পরিকল্পনা নিম্নে উপস্থাপিত হল:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ২০১৪-২০১৮ সালের পাঁচ বছরের অগ্রাধিকার কর্ম পরিকল্পনা ও ২০১৪ পর্যন্ত বাস্তবায়ন পরিস্থিতি নিম্নরূপ:

ক্রমিক নং	সময়বদ্ধ কর্মপরিকল্পনার আওতায় গৃহীত কার্যক্রম	বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন পরিস্থিতি
১।	আপারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর নিজস্ব ভবন নির্মাণ।	২০১৫	গণপূর্ত বিভাগ কর্তৃক বিএসইসি ভবন নির্মাণের দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, সরকারের অনুমোদন এবং কার্যাদেশ প্রদান সম্পন্ন হয়েছে এবং ঠিকাদারকে সাইট বুঝিয়ে দেয়া হয়েছে। কাজ শুরু করার জন্য ঠিকাদার সাইট অফিস নির্মাণ করেছে। তর পাইলিং এর কাজ সম্পন্ন হয়েছে। মূল ভবনের বেইজমেন্ট এবং গ্রাউন্ড ফ্লোরের ঢালাই সম্পন্ন হয়েছে। দ্বিতীয় তলার ফ্লোরের ঢালাই এর কাজ চলছে।
২।	পুঁজিবাজারের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য গঠিত স্পেশাল ট্রাইবুনালের স্থান সংকুলান এবং বিচারিক কার্যক্রম শুরুকরণ প্রক্রিয়ায় প্রয়োজনীয় সহায়তা প্রদান।	২০১৫	বিচারকের অফিস কক্ষ তৈরী হয়েছে এবং ট্রাইবুনালের দাপ্তরিক কাজ চালু রয়েছে। এজলাস এবং সফটওয়্যার কাজের জন্য গণপূর্ত অধিদপ্তরে প্রেরিত প্রাক্কলন অনুমোদন এবং অর্থ ছাড়ের অনুমোদন দেয়া হয়েছে। অনুমোদনের প্রেক্ষিতে অর্থ ছাড় করা হয়েছে এবং গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধানে কাজ চলছে।
৩।	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অধ্যাদেশ, ১৯৬৯ বাংলা ভাষায় রূপান্তর।	২০১৬	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ অধ্যাদেশ, ১৯৬৯ বাংলা ভাষায় রূপান্তর করার জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে।



ক্রমিক নং	সময়বদ্ধ কর্মপরিকল্পনার আওতায় গৃহীত কার্যক্রম	বাস্তবায়নের মেয়াদ	বাস্তবায়ন পরিস্থিতি
৪।	কমোডিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠার জন্য আইনী কাঠামো তৈরী	২০১৮	কমোডিটি এক্সচেঞ্জ প্রতিষ্ঠা বিষয়ে কাজ করার জন্য কমিশন ইতোমধ্যে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছে। কমিটি ইতোমধ্যে প্রাথমিক প্রতিবেদন কমিশনে দাখিল করেছে এবং পার্শ্ববর্তী দেশ ভারত এর কমোডিটি মার্কেট সংক্রান্ত ব্যবহারিক ও তাত্ত্বিক জ্ঞান আহরণের জন্য ভারত সফর করেছে। সফর শেষে চূড়ান্ত প্রতিবেদন পরবর্তী সিদ্ধান্তের জন্য কমিশনে দাখিল করা হয়েছে।
৫।	ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ট্রেড পরবর্তী ক্রিয়ারিং ফাংশনের জন্য একটি পৃথক ক্রিয়ারিং কর্পোরেশন প্রতিষ্ঠা।	২০১৬	পৃথক Clearing Corporation প্রতিষ্ঠা বিষয়ে কাজ করার জন্য কমিশন ইতোমধ্যে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছে। কমিটি ইতোমধ্যে প্রাথমিক প্রতিবেদন কমিশনে দাখিল করেছে। ১৯/৫/২০১৪ তারিখে কমিটি উল্লিখিত বিষয়ের উপর কমিশনের নিকট একটি Power Point presentation সম্পন্ন করেছে। কমিটি এই বিষয়ে বাস্তব জ্ঞান লাভের জন্য জুলাই মাসের ২য় সপ্তাহে ভারত ভ্রমণ করেছে। উল্লিখিত শিক্ষা সফরের উপর ভিত্তি করে চূড়ান্ত প্রতিবেদন গত ৩১/১২/২০১৪ইং তারিখে কমিটি কর্তৃক দাখিল করা হয়েছে। এ ব্যাপারে সেন্ট্রাল ক্রিয়ারিং কোম্পানী রয়েছে এধরনের দেশ ভ্রমণ পূর্বক বাস্তব অভিজ্ঞতার প্রেক্ষিতে উক্ত বিষয়ে পর্যালোচনা করে আগামী ৩০/৪/২০১৫ইং তারিখের মধ্যে রোডম্যাপ এবং এবিষয়ে সংশ্লিষ্ট খসড়া বিধি প্রণয়ন করার জন্য কমিটিকে নির্দেশ প্রদান করা হয়েছে।
৬।	পুঁজি বাজারে ডেরিভেটিভ ব্যবস্থা চালু করার জন্য আইনী কাঠামো তৈরী	২০১৭	ডেরিভেটিভ বিষয়ে কাজ করার জন্য কমিশন ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছে। কমিটি ইতোমধ্যে প্রাথমিক প্রতিবেদন কমিশনে দাখিল করেছে। এই কমিটি সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব জ্ঞান লাভের জন্য জুলাই মাসের ২য় সপ্তাহে ভারত ভ্রমণ করেছে। ভারত ভ্রমণের বাস্তব অভিজ্ঞতা সঞ্চলিত দ্বিতীয় প্রতিবেদন ২১.০৮.২০১৪ তারিখে পরবর্তী নির্দেশ এর জন্য কমিশনের নিকট দাখিল করা হয়েছে। কমিটি ইতিমধ্যে এ বিষয়ে বিগত ২৪.০৯.২০১৪ইং তারিখে কমিশনে একটি প্রেজেন্টেশন প্রদান করেছে এবং প্রতিবেদনের সাথে ডেরিভেটিভ সংক্রান্ত একটি খসড়া বিধিমালাও দাখিল করেছে। আগামী ২০ শে জুন ২০১৫ইং তারিখের মধ্যে এ ব্যাপারে একটি ধারণা পত্র (concept paper) প্রস্তুত করার জন্য কমিশন পরিকল্পনা গ্রহণ করেছে।
৭।	ইটিএফ ফান্ড চালুকরণের উদ্দেশ্যে অন্তর্বর্তীকালীন রিপোর্ট দাখিল	৩১.০৫.২০১ ৫	কার্যক্রম প্রক্রিয়াধীন
৮।	Bangladesh Securities and Exchange Com- mission (Alternative Investment) Rules, 2015 প্রণয়ন	২০১৫	কার্যক্রম প্রক্রিয়াধীন
৯।	স্টক এক্সচেঞ্জ Separate Small Cap Trading Board গঠন	২০১৫	কার্যক্রম প্রক্রিয়াধীন
১০।	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ ইংরেজি ভাষায় অনুবাদকরণ	২০১৫	কার্যক্রম প্রক্রিয়াধীন



কমিশনের দীর্ঘ মেয়াদী ১০-সাল পরিকল্পনা

Appendix 1 –Capital Market Development Master Plan Matrices

Matrix 1: Implementation Arrangements

I #	Working Plan of SEC	Imme- diate	Short Term		Medium Term			Long Term
		2012	2013	2014	2015	2016	2017	2018-2022
01	Implement structure to include authorization, accountability, staffing and resource allocations	✓	✓					
02	Implement processes to include monitoring, evaluation (M&E), reporting of progress, and amending implementation plan to account for evolving circumstances	✓	✓	✓	✓	✓	✓	✓
03	Appoint/engage and authorize Implementation Leader and Team		✓					
04	Appoint Specialized/Expert Working Committees with considerable private sector/industry participation		✓					
05	Develop and launch implementation (public accountability) website		✓					
06	Monitor, evaluate and report on progress		✓	✓	✓	✓	✓	✓
07	Re-evaluate master plan/road map and modify based on lessons learned from M&E			✓	✓	✓	✓	✓

Matrix 2: Legal and Regulatory Initiatives

I #	Working Plan of SEC	Imme- diate	Short Term		Medium Term			Long Term
		2012	2013	2014	2015	2016	2017	2018-2022
08	Develop and implement (SEC) an awareness-raising program to sensitize key MOF officials to the crucial importance of SEC independence	✓	✓					
09	Amend (Parliament) Sections 3 of the SEC Act to Enhance SEC independence	✓						
10	Amend (Parliament) Sections 5 of the SEC Act to Enhance SEC independence	✓						
11	Amend (Parliament) Sections 9 of the SEC Act to Empower SEC to appoint requisite number of staffs	✓						



I #	Working Plan of SEC	Imme- diate	Short Term		Medium Term			Long Term
		2012	2013	2014	2015	2016	2017	2018-2022
12	Amend (Parliament) Sections 13 of the SEC Act to Empower SEC to prepare their own budget without Ministry's approval	✓						
- (৬) clause (1) এর sub-clause (iii) এ উল্লিখিত “investment contract” শব্দগুলির পর একটি কমা বসিবে এবং অতঃপর “derivative, commodity futures contract, options contract, exchange-traded fund” শব্দগুলি, কমাগুলি ও হাইফেন সন্নিবেশিত হইবে।

৪। Ordinance No. XVII of 1969 এর section 2A এর সংশোধন।—উক্ত Ordinance এর section 2A এর—

- (ক) sub-section (1) এ উল্লিখিত “No company” শব্দগুলির পরিবর্তে “No issuer, or no company” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) sub-section (2) এ উল্লিখিত “No company” শব্দগুলির পরিবর্তে “No issuer, or no company” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

৫। Ordinance No. XVII of 1969 এর section 8 এর সংশোধন।—উক্ত Ordinance এর section 8 এর—

- (ক) sub-section (2) এর প্রান্তস্থিত ফুলস্টপের পরিবর্তে কোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ শর্তাংশ সন্নিবেশিত হইবে, যথা :—
- “Provided that business of security which is de-listed or not listed may be transacted in such manner as the Commission may direct.”;
- (খ) sub-section (3) এ উল্লিখিত “dealer” শব্দটির পরিবর্তে “Jobber or dealer” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) sub-section (4) এ উল্লিখিত “jobber” শব্দটির পরিবর্তে “Jobber or dealer” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। Ordinance No. XVII of 1969 এর section 9 এর সংশোধন।—উক্ত Ordinance এর section 9 এর sub-section (8) এর দ্বিতীয় লাইনে উল্লিখিত “fourteen” শব্দটির পরিবর্তে “thirty” শব্দ এবং শেষ লাইনে উল্লিখিত “fourteen” শব্দটির পরিবর্তে “fifteen” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৭। Ordinance No. XVII of 1969 এ নতুন section 19A ও 19B এর সংযোজন।—উক্ত Ordinance এর section 19 এর পর নিম্নরূপ দুইটি নতুন sections যথাক্রমে 19A ও 19B সংযোজিত হইবে, যথা :—

“19A. Maintenance of secrecy by the Commission, etc.—The existing and former Chairman, Member and employee of the Commission shall not disclose or communicate to any person not legally entitled thereto any information which has been entrusted to him or which he has obtained or to which he had access in the course of the performance of any functions under this Ordinance.”।



"19B. Penalty for disclosure of information.—(1) The disclosure of any information in contravention of section 19 or 19A for the purpose of making profit through insider trading shall be an offence.

(2) Whoever contravene sub-section (1) shall be punishable with imprisonment for a term which may extend to five years, or with fine not less than taka five lakh, or with both"।

৮। **Ordinance No. XVII of 1969 এর section 20A এর সংশোধন।—**উক্ত Ordinance এর section 20A এ উল্লিখিত "Where" শব্দটির পরিবর্তে "Notwithstanding anything contained in any other law for the time being in force, where" শব্দগুলি ও কমাটি প্রতিস্থাপিত হইবে।

৯। **Ordinance No. XVII of 1969 এর section 21 এর সংশোধন।—**উক্ত Ordinance এর section 21 এর—

- (ক) sub-section (1) এর clause (b) এ উল্লিখিত "Who is directly or indirectly the beneficial owner of not less than ten per cent of a listed security" শব্দগুলি বিলুপ্ত হইবে;
- (খ) sub-section (2) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (2) ও (2a) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(2) where an enquiry under sub-section (1) has been undertaken, every member, director, manager or other officers of the Stock Exchange or the issuer to which or to whose member, director, auditor or officer of the enquiry relates, an insurance company as defined in the Insurance Act, 2010, a bank, a financial institution as defined in the Financial Institutions Act, 1993, and every other person considered by the person conducting the enquiry to be capable of providing information which is, or may be relevant to that enquiry, shall furnish such information as the person conducting the enquiry may require.

(2a) Notwithstanding anything contained in any other law for the time being in force in conducting enquiry under sub-section (1), the Commission, Keeping the Bangladesh Bank informed, may seek information regarding bank account from any bank, or any financial institution or organization, as the case may be, so far as it relates to the transaction of security."।



১০। **Ordinance No. XVII of 1969 এ নতুন section 22A এর সংযোজন।**—উক্ত Ordinance এর section 22 এর পর নিম্নরূপ নতুন section 22A সংযোজিত হইবে, যথা :—

"22A. Restriction in respect of filing of suit.—Notwithstanding anything contained in any other law for the time being in force, no legal proceeding before any Court can be brought challenging an order of penalty imposed by the Commission unless an amount of 15% (fifteen percent) of such penalty is deposited in the Commission."

১১। **Ordinance No. XVII of 1969 এ নতুন section 25B এর সংযোজন।**—উক্ত Ordinance এর section 25A এর পর নিম্নরূপ নতুন section 25B সংযোজিত হইবে, যথা :—

"25B. Power to establish Special Tribunal.—(1) For the purpose of this Ordinance, the Government may, by notification in the official gazette, establish one or more Special Tribunal.

(2) A Special Tribunal shall consist of a Sessions Judge or Additional Sessions Judge, who shall be appointed by the Government and shall have all the powers conferred by the Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898), on a Court of Sessions exercising original jurisdiction.

(3) The Court of Sessions may, of its own, or upon an application made by the Commission, transfer at any stage of the trial, any case from his Court to another Special Tribunal.

(4) The Special Tribunal shall try the case from such stage wherefrom the case was so transferred."

১২। **Ordinance No. XVII of 1969 এ নতুন section 32A এর সংযোজন।**—উক্ত Ordinance এর section 32 এর পর নিম্নরূপ নতুন section 32A সংযোজিত হইবে, যথা :—

"32A. Regulation of business of Commodity Futures Contract, etc.—The business of Commodity Futures Contract or Options Contract, in the Commodity Exchange, shall be regulated in such manner and on payment of such fees and charges as may be prescribed.



Explanation : For the purpose of this section, "Commodity Exchange" means a company that provides or, proposes to provide, the physical facilities necessary for trading in Commodity Futures Contract or Options Contract."

১৩। **Ordinance No. XVII of 1969 এর section 34 এর সংশোধন।**—উক্ত Ordinance এর section 34 এর sub-section (2) এর clause (xviii) এ উল্লিখিত "jobber" শব্দটির পরিবর্তে "jobber or dealer" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

মোঃ মাহফুজুর রহমান
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আব্দুল বারিক (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd





এক্সচেঞ্জ ডিমিউচ্যালাইজেশন আইন, ২০১৩



রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০২ মে, ২০১৩/১৯ বৈশাখ, ১৪২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০২ মে, ২০১৩ (১৯ বৈশাখ, ১৪২০) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১৩ সনের ১৫ নং আইন

বাংলাদেশের পূজিবাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রণ, এক্সচেঞ্জসমূহে কার্যকর প্রাতিষ্ঠানিক সু-শাসন প্রতিষ্ঠা, সিকিউরিটিজ এ বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ এবং এতদসংক্রান্ত বিষয়াবলী নিশ্চিত করিবার জন্য বিধান প্রণয়নের লক্ষ্যে প্রণীত আইন

যেহেতু, বাংলাদেশের পূজিবাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রণ, এক্সচেঞ্জসমূহে কার্যকর প্রাতিষ্ঠানিক সু-শাসন প্রতিষ্ঠা, সিকিউরিটিজ এ বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ এবং এতদসংক্রান্ত বিষয়াবলী নিশ্চিতকরণ সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

- ১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন এক্সচেঞ্জস তিমিউচ্যালাইজেশন আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।
- (২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(২৭৯৫)

মূল্য : টাকা ২০.০০



২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে —

- (১) “অর্ডিন্যান্স” অর্থ Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969);
- (২) “অনুমোদিত স্কীম” অর্থ কমিশন কর্তৃক অনুমোদিত কোন ডিমিউচুরালাইজেশন স্কীম;
- (৩) “এক্সচেঞ্জ” অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে নিগমিত একটি শেয়ার দ্বারা সীমিত দায় পাবলিক লিমিটেড কোম্পানী দ্বারা সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের জন্য একটি বাজার অথবা সিকিউরিটিজ এর ক্রেতা-বিক্রেতাদের কার্যক্রম পরিচালনায় সুবিধা প্রদান করে অথবা প্রয়োজনীয় সুবিধাদিসহ এমন একটি প্রতিষ্ঠান যাহা সাধারণভাবে একটি এক্সচেঞ্জ এর সর্বপ্রকার কার্যক্রম পরিচালনা করে;
- (৪) “কমিটি” অর্থ এক্সচেঞ্জ কর্তৃক গঠিত কোন কমিটি;
- (৫) “কমিশন” অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;
- (৬) “কোম্পানী” অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে গঠিত এবং নিবন্ধিত কোন কোম্পানী বা কোন বিদ্যমান কোম্পানী;
- (৭) “কৌশলগত বিনিয়োগকারী” অর্থ কমিশন কর্তৃক অনুমোদিত দেশী বা বিদেশী কোন প্রতিষ্ঠান;
- (৮) “ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট (ট্রেক)” অর্থ এই আইন কার্যকর হইবার পর কোন এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজ অনুমোদিত স্কীম অনুযায়ী ব্রোকার বা ডিলার হিসাবে লেনদেন করিবার যোগ্যতা অর্জন সাপেক্ষে উক্ত এক্সচেঞ্জ কর্তৃক ইস্যুকৃত সিকিউরিটিজ লেনদেনের অধিকার সম্বলিত সনদ;
- (৯) “ডিপজিটরি” অর্থ ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন) এর অধীনে প্রতিষ্ঠিত কোন ডিপজিটরি;
- (১০) “ডিমিউচুরালাইজেশন” অর্থ অনুমোদিত স্কীম অনুযায়ী যেকোন এক্সচেঞ্জ এর সিকিউরিটিজ লেনদেনের অধিকার (Trading Right) হইতে উহার মালিকানা ও ব্যবস্থাপনা পৃথকীকরণ;



- (১১) “নির্বাহী” অর্থ বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;
- (১২) “পরিচালনা পরিষদ” অর্থ কোন এক্সচেঞ্জ এর পরিচালনা পরিষদ;
- (১৩) “প্রাথমিক শেয়ারহোল্ডার” অর্থ ডিমিউচুয়ালাইজেশন এর তারিখে কোন এক্সচেঞ্জ এর শেয়ারের আইনগত মালিক;
- (১৪) “বিদ্যমান এক্সচেঞ্জ” অর্থ কোন স্টক এক্সচেঞ্জ যাহা Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর অধীনে নিবন্ধিত অথবা নিবন্ধিত বলিয়া গণ্য এবং এই আইন কার্যকর হওয়ার তারিখে বাংলাদেশে কার্যরত;
- (১৫) “ব্যক্তি” অর্থ স্বাভাবিক ব্যক্তিসহ (natural person) যে কোন কোম্পানী, অংশীদারী কারবার বা ফার্ম বা একাধিক ব্যক্তির সমিতি বা সংঘ তাহা নিবন্ধিত হউক বা না হউক;
- (১৬) “ব্লকড হিসাব (blocked account)” অর্থ ধারা ৮ এর দফা (গ) অনুযায়ী কোন এক্সচেঞ্জ কর্তৃক ডিপোজিটরিতে খোলা হিসাব;
- (১৭) “রেজিস্ট্রার” অর্থ কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে কোম্পানীসমূহ নিবন্ধনের দায়িত্ব পালনকারী রেজিস্ট্রার বা অন্য যে কোন কর্মকর্তা, তিনি যে নামেই অভিহিত হউন না কেন;
- (১৮) “সদস্য” অর্থ বিদ্যমান এক্সচেঞ্জ এর কোন সদস্য;
- (১৯) “সম্পর্কিত ব্যক্তি” অর্থ প্রাকৃতিক ব্যক্তিসত্ত্বার (Natural Person) ক্ষেত্রে তাহার স্বামী বা স্ত্রী, অথবা তাহার উপর নির্ভরশীল কোন ব্যক্তি, অথবা তাহার কোন অংশীদারী প্রতিষ্ঠানের অংশীদার, অথবা তাহার উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার রহিয়াছে বা তিনি উহার একজন পরিচালক এমন কোন কোম্পানী বা নিগমিত সংস্থা, এবং আইনানুগ ব্যক্তিসত্ত্বার ক্ষেত্রে উহার সহিত সম্পর্কিত কোন আভারটেকিং, কোম্পানী বা নিগমিত সংস্থা যাহা উক্ত আইনানুগ ব্যক্তিসত্ত্বার একটি নিয়ন্ত্রণকারী (holding), অধীনস্থ (subsidiary) বা সহযোগী (associate) কোম্পানী;
- (২০) “সিকিউরিটিজ” অর্থ Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 2 এর clause (1) এ সংজ্ঞায়িত “securities”;
- (২১) “স্বতন্ত্র পরিচালক” অর্থ এক্সচেঞ্জ এর কোন পরিচালক, যিনি উহার ব্যবস্থাপনা, ব্যবসা, সেবা, লেনদেন এবং উহার উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার ধারকের সহিত সম্পর্কিত নহে।



(২) প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে, এই আইনে ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969), ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন), বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন), কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন), ডিপজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬ নং আইন), বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে উক্ত শব্দ বা অভিব্যক্তি সেই অর্থ বহন করিবে।

৩। আইনের প্রাধান্য।—আপাততঃ বলবৎ অন্য কোন আইন, চুক্তি বা আইনপত্র দলিলে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

দ্বিতীয় অধ্যায়

ভিমিউচ্যুয়লাইজেশন

৪। এক্সচেঞ্জ এর ভিমিউচ্যুয়লাইজেশন।—(১) এই আইন কার্যকর হইবার পর ধারা ৫ অনুযায়ী স্কীম দাখিল এবং এই আইনের অন্যান্য বিধানাবলী অনুসরণ ও কমিশন কর্তৃক নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করিয়া বিদ্যমান এক্সচেঞ্জ এর সিকিউরিটিজ লেনদেনের অধিকার (Trading Right) উহার মালিকানা ও ব্যবস্থাপনা হইতে পৃথকীকরণের মাধ্যমে ভিমিউচ্যুয়লাইজ করিতে হইবে।

(২) এই আইন কার্যকর হইবার পর নিম্নলিখিত শর্তাবলী পরিপালন না করিয়া কোন এক্সচেঞ্জ অথবা কোন ব্যক্তি সিকিউরিটিজ লেনদেনের উদ্দেশ্যে এক্সচেঞ্জ কর্তৃক পরিচালিত কোন কার্যক্রম পরিচালনা বা সেবা প্রদান করিতে পারিবে না, যদি না,—

- (ক) উক্ত এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নিবন্ধিত হয়;
- (খ) উহা শেয়ার দ্বারা সীমাবদ্ধ একটি পাবলিক কোম্পানী হিসাবে নিবন্ধিত হয়;
- (গ) উহা ভিমিউচ্যুয়লাইজড হয়।

৫। ভিমিউচ্যুয়লাইজেশন এর জন্য স্কীম দাখিল।—এই আইন কার্যকর হইবার তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে বিদ্যমান এক্সচেঞ্জ ভিমিউচ্যুয়লাইজেশন স্কীমসহ নিম্নলিখিত তথ্যাদি কমিশন এর নিকট দাখিল করিবে, যথা :—

- (ক) উহার সংশ্লিষ্ট সংস্কার ও সংঘবিধি পরিবর্তন সংক্রান্ত প্রস্তাব যাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে পরিচালনা পরিষদের সদস্য হইবার জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ থাকিতে হইবে;



- (খ) উহার প্রাথমিক শেয়ারহোল্ডারদের নামের তালিকা এবং তাহাদের প্রত্যেকের নামে নগদ অর্থের বিনিময় ব্যতিরেকে (For consideration other than cash) বরাদ্দকৃত শেয়ারের পরিমাণ;
- (গ) ডিমিউচ্যুয়ালাইজেশন এর জন্য প্রাতিষ্ঠানিক পরিচালনা কাঠামো (Governance Structure) সংক্রান্ত Board and Administration Regulations, অথবা অনুরূপ বিধানাবলীর খসড়া;
- (ঘ) প্রস্তাবিত প্রথম পরিচালনা পরিষদের পরিচালকদের তালিকা;
- (ঙ) কমিটিসমূহের কাঠামো এবং উক্ত কমিটিসমূহে স্বতন্ত্র পরিচালকদের ভূমিকার বিস্তারিত বিবরণ;
- (চ) কমিশন কর্তৃক নির্ধারিত যে কোন তারিখে এক্সচেঞ্জ এর আর্থিক মূল্যায়ন প্রতিবেদন যাহা ডিসকাউন্টেড ক্যাশ ফ্লো, ডিভিডেন্ড ডিসকাউন্ট, এন্টারপ্রাইজ ভ্যালু, সদস্যদের সম্মিলিত মূলধনের নীট সম্পদ মূল্য এবং ভবিষ্যৎ আয়ের বর্তমান মূল্য এর সংমিশ্রনে, অথবা কমিশনের নিকট গ্রহণযোগ্য যে কোন আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি অনুসরণে, কমিশন কর্তৃক নিবন্ধিত কোন মার্চেন্ট ব্যাংকার অথবা বিদেশী ইনভেস্টমেন্ট ব্যাংক কর্তৃক প্রস্তুত করিতে হইবে;
- (ছ) কমিশন কর্তৃক নির্ধারিত যে কোন তারিখে তৎকর্তৃক অনুমোদিত কোন নিরীক্ষক কর্তৃক প্রস্তুতকৃত এক্সচেঞ্জ এর দায় ও সম্পদের পুনঃমূল্যনির্ধারণ (Re-valuation) এবং উহার ভিত্তিতে ১০ (দশ) টাকা অভিহিত মূল্য (Face Value) শেয়ারের সংখ্যা নির্ধারণ;
- (জ) উহার ইস্যুকৃত শেয়ারসংখ্যাসহ অনুমোদিত এবং পরিশোধিত মূলধন সংক্রান্ত প্রস্তাব;
- (ঝ) সংশ্লিষ্ট যে সকল বিধানাবলীর পরিবর্তন করিতে হইবে সেইগুলির খসড়া সংশোধনী প্রস্তাব;
- (ঞ) স্বার্থ-সংঘাত নিয়ন্ত্রণ এবং বিনিয়োগকারীর স্বার্থ সংরক্ষণ পদ্ধতি;
- (ট) স্ব-নিয়ন্ত্রক এর দায়িত্ব হইতে ব্যবসা কার্যক্রম পৃথকীকরণের পদ্ধতি;
- (ঠ) শেয়ার মালিকানা বিতৃপ্তকরণ পদ্ধতি এবং উহা অর্জনের জন্য সময়সীমা;
- (ড) নতুন ট্রেক-হোল্ডারদের অন্তর্ভুক্তির ক্ষেত্রে এক্সচেঞ্জ কর্তৃক যোগ্যতা, ফি নির্ধারণ, এবং অন্যান্য আনুষ্ঠানিকতা প্রতিপালনের জন্য সময়সীমা নির্দিষ্টকরণ;



- (৮) অন্যান্য ও (তিন) বৎসরের ব্যবসায় পরিকল্পনাসহ উহার লভ্যাংশ সংক্রান্ত নীতিমালা (policy on dividend), সঞ্চায্য মূলধনী ব্যয় (Capital expenditure) এবং অর্থায়নের উৎস সংক্রান্ত বিবরণী;
- (৭) ডিমিউচ্যালাইজেশন এর জন্য প্রয়োজনীয় অথবা উহার সহিত সম্পর্কিত অন্য যে কোন বিষয়।

৬। স্বীকৃত অনুমোদন।—(১) ধারা ৫ অনুযায়ী দাখিলকৃত স্বীকৃত প্রাপ্তির পর অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে কমিশন তৎকর্তৃক প্রয়োজনীয় বলিয়া বিবেচিত সংশোধনসহ বা সংশোধন ব্যতিরেকেই উক্ত স্বীকৃত অনুমোদন করিবে।

(২) উপ-ধারা (১) অনুযায়ী কোন সংশোধন বা পরিবর্তন করিবার ক্ষেত্রে বিদ্যমান এক্সচেঞ্জকে সুনামীর সুযোগ প্রদান করিতে হইবে।

(৩) দাখিলকৃত স্বীকৃত ও তথ্যাদির মধ্যে অসম্পূর্ণতা থাকিলে উহা দূরীকরণের জন্য কমিশন সময় নির্দিষ্ট করিয়া বিদ্যমান এক্সচেঞ্জকে নির্দেশনা প্রদান করিতে পারিবে।

(৪) বিদ্যমান এক্সচেঞ্জ কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে ব্যর্থতার ক্ষেত্রে, কমিশন, সংশ্লিষ্ট দলিলাদি প্রস্তুত করিয়া উহার সিদ্ধান্ত বিদ্যমান এক্সচেঞ্জকে প্রতিপালনের জন্য জানাইয়া দিতে পারিবে এবং উক্ত দলিলাদি প্রস্তুতের জন্য কোন মার্চেন্ট ব্যাংকার বা কোন নিরীক্ষক নিয়োগের প্রয়োজন হইলে, উহার যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট বিদ্যমান এক্সচেঞ্জ বহন করিবে।

(৫) উপ-ধারা (৪) এর অধীন কমিশন কর্তৃক প্রস্তুতকৃত দলিলাদি বা গৃহীত কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উহা সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এবং উহার সদস্যবৃন্দের জন্য বাধ্যকর হইবে।

৭। অনুমোদিত স্বীকৃত প্রকাশনা।—বিদ্যমান এক্সচেঞ্জ স্বীকৃত অনুমোদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে অনুমোদিত স্বীকৃত —

- (ক) সকল সদস্যের নিকট বন্টন করিবে;
- (খ) সংশ্লিষ্ট এক্সচেঞ্জের ওয়েব সাইটে প্রকাশ করিবে;
- (গ) দুইটি বাংলা এবং দুইটি ইংরেজীতে প্রকাশিত বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিবে; এবং
- (ঘ) সরকারি গেজেটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে।



৮। সংঘস্মারক ও সংঘবিধি পরিবর্তন, শেয়ার বরাদ্দ, ইত্যাদি।—স্বীকৃত অনুমোদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, বিদ্যমান এক্সচেঞ্জ —

- (ক) উহার শেয়ারহোল্ডারদের সাধারণ সভায় অনুমোদিত স্বীকৃত, সংঘস্মারক ও সংঘবিধি পরিবর্তন এবং ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর প্রথম পরিচালনা পরিষদ এর পরিচালকগণের তালিকা বিশেষ সিদ্ধান্ত হিসাবে গ্রহণ (adopt) করিবে;
- (খ) প্রাথমিক শেয়ারহোল্ডারগণের অনুকূলে অজড় (Dematerialized) অবস্থায় শেয়ার বরাদ্দ করিবে, যাহা কোন সময় বা কোন কারণেই জড় (Rematerialized) অবস্থায় রূপান্তর করা যাইবে না;
- (গ) প্রাথমিক শেয়ারহোল্ডারগণের অনুকূলে বরাদ্দকৃত শেয়ারের অন্যান্য ৬০ (ষাট) শতাংশ শেয়ার একটি ব্লক হিসাবে ধারা ১৪ অনুযায়ী হস্তান্তরের সময় পর্যন্ত জমা রাখিবে;
- (ঘ) প্রাথমিক শেয়ারহোল্ডারকে ব্লক হিসাবে জমাকৃত উহার শেয়ারের সংখ্যা উল্লেখপূর্বক একটি করিয়া সনদ প্রদান করিবে; এবং
- (ঙ) প্রাথমিক শেয়ারহোল্ডারকে একটি করিয়া ট্রেডিং রাইট এনটাইটেলমেন্ট সার্টিফিকেট (ট্রেক) প্রদান করিবে।

৯। সংঘস্মারক ও সংঘবিধি দাখিল, ইত্যাদি।—(১) বিদ্যমান এক্সচেঞ্জ ধারা ৮ এর দফা (ক) অনুযায়ী সংঘস্মারক ও সংঘবিধি পরিবর্তনের বিশেষ সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে উহা কমিশন এবং রেজিস্ট্রারের নিকট নিম্নলিখিত কাগজাদি দাখিল করিবে, যথাঃ—

- (ক) গৃহীত সংঘস্মারক ও সংঘবিধি একটি অনুলিপি;
- (খ) সংঘস্মারক ও সংঘবিধি পরিবর্তন সংক্রান্ত বিশেষ সিদ্ধান্তের অনুলিপি;
- (গ) উহার প্রথম পরিচালনা পরিষদ এর পরিচালকদের বিবরণ (Particulars of Directors);
- (ঘ) উহার শেয়ার বরাদ্দ সংক্রান্ত প্রতিবেদনের (Return of allotment of shares) অনুলিপি;
- (ঙ) প্রাথমিক শেয়ারহোল্ডারের অনুকূলে অজড় অবস্থায় শেয়ার বরাদ্দ করা হইয়াছে মর্মে উহার নিরীক্ষক কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র; এবং
- (চ) প্রাথমিক শেয়ারহোল্ডারের অনুকূলে বরাদ্দকৃত শেয়ারের অন্যান্য ৬০ (ষাট) শতাংশ ব্লক হিসাবে জমা করা হইয়াছে মর্মে ডিপজিটরির প্রত্যয়নপত্র।



(২) উপ-ধারা (১) এ উল্লিখিত কাগজাদি দাখিল হওয়ার পর উক্ত কাগজাদি সম্পর্কে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণের বিষয়ে সন্তুষ্ট হইলে, রেজিস্ট্রার, দাখিল হওয়ার অনধিক ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে —

(ক) গৃহীত সংঘস্কারক ও সংঘবিধি নিবন্ধিত করিয়া নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করিবেন; এবং

(খ) গ্যারান্টি দ্বারা সীমাবদ্ধ পাবলিক কোম্পানী হইতে শেয়ার দ্বারা সীমাবদ্ধ পাবলিক কোম্পানীতে রূপান্তরের প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট এক্সচেঞ্জ এর অনুকূলে একটি পুনঃনিবন্ধন সনদ প্রদান করিবেন।

(৩) এই আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব হস্তান্তরের সময় পর্যন্ত এক্সচেঞ্জের প্রথম পরিচালনা পরিষদ উহার উপর অর্পিত দায়িত্ব পালন করিবে।

১০। ডিমিউচ্যুয়ালাইজেশনের তারিখ।—ধারা ৮ এর দফা (ক)-তে বর্ণিত সভা অনুষ্ঠানের তারিখ অথবা প্রযোজ্য ক্ষেত্রে, ধারা ৯ এর উপ-ধারা (২) এ বর্ণিত নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদানের তারিখ, এই দুইয়ের মধ্যে যেই তারিখ পরে হয়, ক্ষেত্র বিশেষে সেই তারিখ হইতে সংশ্লিষ্ট বিদ্যমান এক্সচেঞ্জ ডিমিউচ্যুয়ালাইজড বলিয়া গণ্য হইবে।

১১। ডিমিউচ্যুয়ালাইজেশন পরবর্তী পালনীয় শর্তাদি।—(১) বিদ্যমান অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ, নিম্নলিখিত শর্তাদি আবশ্যিকভাবে পালন করিবে, যথাঃ—

(ক) ডিমিউচ্যুয়ালাইজেশন এর তারিখ হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে সংঘবিধি অনুযায়ী নির্বাচন সম্পন্ন করিয়া পরিচালনা পরিষদের প্রথম সভা অনুষ্ঠান করিবে;

(খ) দেনদেনের অধিকার হইতে উহার মালিকানা ও ব্যবস্থাপনা পৃথক করিবে;

(গ) অনুমোদিত স্কীম-এ বর্ণিত যোগ্যতা ও শর্তাদি অনুযায়ী ট্রেডিং রাইট এন্টাইটেলমেন্ট সার্টিফিকেট প্রদান করিবে;

(ঘ) কমিশনের লিখিত পূর্বানুমোদন সাপেক্ষে, বিশেষ সিদ্ধান্তবলে, নতুন শেয়ার ইস্যু করিবে।

(২) ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর পরিচালনা পরিষদের চেয়ারম্যানসহ সংখ্যাগরিষ্ঠ সদস্য স্বতন্ত্র পরিচালক হইবেন।

(৩) ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর পরিচালনা পরিষদ স্বতন্ত্র পরিচালকদের মধ্য হইতে চেয়ারম্যান নির্বাচন করিবে।



তৃতীয় অধ্যায়

শেয়ার হোল্ডিং এর সীমা, ব্লকড (blocked) শেয়ার, ট্রেক লেনদেন, ইত্যাদি

১২। শেয়ারহোল্ডিং এর সীমা, ইত্যাদি।—(১) ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর ক্ষেত্রে—

(ক) ব্লকড হিসাবে প্রাথমিক শেয়ারহোল্ডারগণ কর্তৃক সাময়িকভাবে ধারণকৃত শেয়ার ব্যতীত, ট্রেক হোল্ডারগণ এবং তাহাদের সহিত সম্পর্কিত ব্যক্তি কর্তৃক সাময়িকভাবে ধারণকৃত শেয়ার উহার মোট ইস্যুকৃত শেয়ারের শতকরা ৪০ (চল্লিশ) ভাগের অধিক হইবে না;

(খ) কোন কৌশলগত বিনিয়োগকারী, কমিশনের অনুমোদন সাপেক্ষে, উহার মোট ইস্যুকৃত শেয়ারের শতকরা ২৫ (পঁচিশ) ভাগ পর্যন্ত ধারণ করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কমিশন, জনস্বার্থে, এই সীমার অধিক শেয়ার ধারণ করিবার জন্য কোন কৌশলগত বিনিয়োগকারীকে অনুমোদন প্রদান করিতে পারিবে :

(গ) কোন ব্যক্তি, কৌশলগত বিনিয়োগকারী ব্যতীত, এককভাবে এবং তাহার সহিত সম্পর্কিত ব্যক্তির সহিত যৌথভাবে উহার মোট ইস্যুকৃত শেয়ারের শতকরা ৫ (পাঁচ) ভাগের অধিক শেয়ার ধারণ করিতে পারিবে না।

(২) যদি কোন এক্সচেঞ্জ এর এমন ধারণা পোষণ করিবার কারণ ঘটে যে, কোন ব্যক্তি উপ-ধারা (১) এর দফা (ক) বা (খ) বা (গ) লঙ্ঘন করিয়াছে, তাহা হইলে উক্ত এক্সচেঞ্জ সংশ্লিষ্ট ব্যক্তিকে শেয়ারের প্রকৃত মালিকের পরিচয় প্রকাশের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে এবং এইরূপ নির্দেশ অমান্য করিলে, এক্সচেঞ্জ উক্ত নির্দেশ অমান্যকারী শেয়ারহোল্ডার কর্তৃক ধারণকৃত শেয়ার জব্দ করিতে পারিবে এবং বিষয়টি ৭ (সাত) দিনের মধ্যে কমিশনকে অবহিত করিবে।

(৩) কোন ব্যক্তি উপ-ধারা (১) এর দফা (ক) বা (খ) বা (গ) এ বর্ণিত শেয়ার হোল্ডিং সীমা লঙ্ঘন করিলে, কমিশন উক্ত ব্যক্তিকে তাহার ধারণ সীমার অতিরিক্ত শেয়ারসমূহ তদকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এবং সময়ে হস্তান্তর করিবার নির্দেশনা প্রদান করিতে পারিবে।

১৩। ব্লকড হিসাবে ধারণকৃত শেয়ারের প্রাপ্যতা ও রক্ষণাবেক্ষণ।—(১) ব্লকড হিসাবে সংরক্ষিত শেয়ারের প্রাপ্যতা হইবে নিম্নরূপ, যথা:—

(ক) উহাদের বিপরীতে অর্জিত লভ্যাংশ, বোনাস শেয়ার, রাইটস শেয়ার এবং বিক্রয়ের ফলে অর্জিত বিনিময়মূল্য প্রাথমিক শেয়ারহোল্ডারগণ প্রাপ্য হইবেন;

(খ) উহাদের বিপরীতে অর্জিত বোনাস শেয়ার বা রাইটস শেয়ার ব্লকড হিসাবে ধারণকৃত শেয়ারের সহিত ষোপ হইবে এবং ধারা ১৪ এ উল্লিখিত উপায়ে ব্লকড হিসাবে সংরক্ষিত শেয়ারের সহিত হস্তান্তরিত হইবে।



(২) ব্লকড হিসাবে সংরক্ষিত শেয়ার রক্ষণাবেক্ষণ এবং হস্তান্তরের অধিকার পরিচালনা পরিষদের উপর বর্তাইবে।

১৪। ব্লকড হিসাবে (blocked account) সংরক্ষিত শেয়ার হস্তান্তর।—(১) ডিমিউচ্যালাইজেশন পরবর্তী অনধিক তিন বৎসরের মধ্যে যে কোন সময়, কমিশন, কোন এক্সচেঞ্জকে নিম্নলিখিত কার্যাদি নির্দেশনা প্রদানের ১ (এক) বৎসরের মধ্যে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করিতে পারিবে, যথা:—

- (ক) ব্লকড হিসাবে সংরক্ষিত শেয়ার হইতে মোট ইস্যুকৃত শেয়ারের অনধিক শতকরা ২৫ (পঁচিশ) ভাগ শেয়ার বিক্রয়ের জন্য কোন কৌশলগত বিনিয়োগকারীর সহিত ১ (এক) বৎসর মেয়াদী বা কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের জন্য চুক্তি সম্পাদন;
- (খ) কৌশলগত বিনিয়োগকারীদের অনুকূলে বরাদ্দকৃত শেয়ার ব্যতিরেকে ব্লকড হিসাবে সংরক্ষিত অবশিষ্ট শেয়ার জনগণ বা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের নিকট বিক্রয়ের প্রস্তাব প্রদান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট এক্সচেঞ্জ উল্লিখিত সময়ের মধ্যে উক্ত নির্দেশনা প্রতিপালন করিতে না পারিবার যুক্তিসংগত কারণ উল্লেখ করিয়া আবেদন করিলে, কমিশন, উক্তরূপ প্রতিপালনের সময়সীমা বর্ধিত করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত ১(এক) বৎসর অথবা কমিশন কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে কোন এক্সচেঞ্জ যদি বর্ণিত শেয়ার বিক্রয়ের উদ্দেশ্যে কোন কৌশলগত বিনিয়োগকারীর সহিত চুক্তি সম্পাদনে ব্যর্থ হয়, সেক্ষেত্রে উক্ত এক্সচেঞ্জ, কমিশনের অনুমোদনক্রমে, কৌশলগত বিনিয়োগকারী ব্যতীত অন্য কাহারও নিকট উহার পরিচালনা পরিষদ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত শেয়ারসমূহ হস্তান্তর করিতে পারিবে।

(৩) ব্লকড হিসাবে সংরক্ষিত শেয়ারের হস্তান্তর সম্পন্ন না হওয়া পর্যন্ত উহার বিপরীতে ভোটদানের ক্ষমতা রহিত থাকিবে।

১৫। কৌশলগত বিনিয়োগকারী কর্তৃক শেয়ার ক্রয়-বিক্রয়।—(১) ধারা ১৪ অনুসারে কোন কৌশলগত বিনিয়োগকারী শেয়ার অর্জন করিলে, কমিশনের অনুমোদন সাপেক্ষে, উহা কেবলমাত্র অন্য কোন কৌশলগত বিনিয়োগকারীর নিকট বিক্রয় করিতে পারিবে।

(২) কমিশন, লিখিত আদেশ দ্বারা, কৌশলগত বিনিয়োগকারীর শেয়ার ক্রয়, বিক্রয়, অর্জন, অধিগ্রহণ বা কর্তৃত্ব গ্রহণের ক্ষেত্রে এতদসংক্রান্ত বিদ্যমান বিধানাবলীর প্রযোজ্যতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।



১৬। ট্রেডিং রাইট এন্টাইটেলমেন্ট সার্টিফিকেট বা ট্রেক গ্রহণ, হস্তান্তর, ইত্যাদি।—(১) অনির্দিষ্ট কোন প্রাথমিক শেয়ারহোল্ডার, যাহার অনুকূলে ট্রেক ইস্যু করা হইয়াছে, তিনি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) বা তদধীন প্রণীত কোন বিধিমালার বিধান অনুসারে নিবন্ধিত না হইয়া থাকিলে, তাহাকে ভিমিউচ্যুয়ালাইজেশনের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মধ্যে উক্ত আইন বা বিধিমালার বিধান অনুসারে নিবন্ধন সনদ গ্রহণ করিতে হইবে এবং উক্ত সনদ প্রাপ্তির ৬ (ছয়) মাসের মধ্যে ব্যবসা শুরু করিতে হইবে।

(২) ভিমিউচ্যুয়ালাইজেশনের তারিখ হইতে ৫(পাঁচ) বৎসরের মধ্যে ইস্যুকৃত ট্রেক একবার হস্তান্তর করা যাইবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন কোন কোম্পানী হস্তান্তরিত ট্রেক গ্রহণ করিলে, উক্তরূপ গ্রহণের ১২ (বার) মাসের মধ্যে উহাতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) বা তদধীন প্রণীত কোন বিধিমালার বিধান অনুসারে নিবন্ধন সনদ গ্রহণ করিতে হইবে এবং উক্ত সনদ গ্রহণের ৬(ছয়) মাসের মধ্যে ব্যবসা পরিচালনা শুরু করিতে হইবে।

(৪) ভিমিউচ্যুয়ালাইজেশনের ৫(পাঁচ) বৎসরের মধ্যে, কোন এক্সচেঞ্জ শেয়ারহোল্ডারদের সভায় বিশেষ সিদ্ধান্ত গ্রহণ পূর্বক ট্রেকের সংখ্যা বৃদ্ধি করিতে পারিবে।

(৫) ভিমিউচ্যুয়ালাইজেশনের তারিখ হইতে ৫(পাঁচ) বৎসর অতিক্রান্ত হইবার পর কোন এক্সচেঞ্জ কর্তৃক, ধারা ১১ এর দফা (গ) পরিপালন সাপেক্ষে, নির্ধারিত পদ্ধতিতে কোন আবেদনকারীর অনুকূলে ট্রেক ইস্যু করা যাইবে।

(৬) ধারা ১১ এর দফা (গ) এর অধীনে কোন কোম্পানী ট্রেক গ্রহণ করিলে, উহার ১২ (বার) মাসের মধ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) বা তদধীন প্রণীত কোন বিধিমালার বিধান অনুসারে নিবন্ধন সনদ গ্রহণ করিতে হইবে এবং নিবন্ধন সনদ গ্রহণের ৬ (ছয়) মাসের মধ্যে ব্যবসা শুরু করিতে হইবে।

(৭) ভিমিউচ্যুয়ালাইজেশনের তারিখ হইতে ৫(পাঁচ) বৎসর অতিক্রান্ত হইলে সকল ট্রেক অ-হস্তান্তরযোগ্য হইবে।

(৮) কোন কোম্পানী বা প্রাথমিক শেয়ারহোল্ডার উপ-ধারা (১) ও (৩) এর বিধান অনুযায়ী নিবন্ধন সনদ গ্রহণ এবং নির্দিষ্ট সময়ের মধ্যে ব্যবসা শুরু করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট ট্রেক বাতিল হইয়া যাইবে।

(৯) ট্রেডিং রাইট এন্টাইটেলমেন্ট সার্টিফিকেট ধারকগণের জন্য উহার শেয়ার ধারক হইবার বাধ্যবাধকতা থাকিবে না।



(১০) ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ট্রেক ইস্যু, স্থগিত ও বাতিল করিতে পারিবে।

১৭। **তালিকাভুক্তি।**—কোন এক্সচেঞ্জের শেয়ার উহার সিদ্ধান্ত ও সময় অনুযায়ী প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে যে কোন এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইতে পারিবে।

চতুর্থ অধ্যায়

ডিমিউচ্যুয়ালাইজেশন এর ফলাফল

১৮। **চলমান কার্যধারা, ইত্যাদি।**— ডিমিউচ্যুয়ালাইজেশন এর ফলে বিদ্যমান এক্সচেঞ্জ এর—

- (ক) সকল সিকিউরিটিজ ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত সিকিউরিটিজ হিসাবে গণ্য হইবে;
- (খ) প্রবিধান বা বিধি-বিধান অনুসারে প্রদত্ত কোন আদেশ বা নির্দেশ, অনুমোদিত স্টীম এর সহিত সাংঘর্ষিক না হওয়া সাপেক্ষে, ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর ক্ষেত্রে প্রযোজ্য হইবে;
- (গ) অর্জিত কোন অধিকার, সুবিধা, দায়-দায়িত্ব, সম্পাদিত কোন চুক্তি বা দেনা-পাওনার কোন পরিবর্তন হইবে না, বা উহার বিরুদ্ধে সূচিত কোন আইনানুগ কার্যধারা ঋণটিপূর্ণ বলিয়া গণ্য হইবে না, এবং উহার বিরুদ্ধে কোন আইনানুগ কার্যধারা অব্যাহত থাকিলে বা উহা দ্বারা সূচিত হইয়া থাকিলে উহা চলমান ও অব্যাহত থাকিবে;
- (ঘ) কোন বিধি-বিধান লংঘনের কারণে কাহারও বিরুদ্ধে সূচিত হইতে পারে, এমন কোন আইনানুগ কার্যধারা গ্রহণে বাধা হইবে না;
- (ঙ) নতুন কোন আইনগত সত্তা প্রতিষ্ঠিত হইবে না বা উহার পরিচিতি বা ধারাবাহিকতায় কোন প্রকার বাধা সৃষ্টি হইবে না;
- (চ) সকল সম্পদ সংশ্লিষ্ট ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর সম্পদ হিসাবে গণ্য হইবে;
- (ছ) সকল কর্মকর্তা-কর্মচারী ডিমিউচ্যুয়ালাইজড এক্সচেঞ্জ এর কর্মকর্তা-কর্মচারী হিসাবে গণ্য হইবেন এবং তাহাদের বেতন-ভাতা, প্রভিডেন্ট ফাণ্ড, ছুটি, অবসর ও চাকুরীর অন্যান্য শর্তাদি একইরূপে বহাল থাকিবে;
- (জ) কোন অনুমোদন, দায়িত্ব ঘোষণা, দায়মুক্তি ঘোষণা, প্রদত্ত ছাড়পত্র, অব্যাহতি, গৃহীত সিদ্ধান্ত, ব্যবস্থা, প্রদত্ত ফিস, কৃত বন্ধক, হস্তান্তর, বহি বা অন্যবিধ দলিল বা কৃত কার্যাদি বা উহাদের অনুবলে সম্পাদিত কার্যাদি পূর্বের ন্যায় বহাল ও কার্যকর থাকিবে।



১৯। এক্সচেঞ্জ এর কার্যক্রম পরিচালনায় বাধ্যবাধকতা।—এক্সচেঞ্জ সকল সময়,—

- (ক) জনস্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য কাজ করিবে; এবং
- (খ) উহার স্বার্থের সহিত সাংঘর্ষিক হইলে জনস্বার্থ তথা বিনিয়োগকারীদের স্বার্থকে প্রাধান্য প্রদান করিবে।

পঞ্চম অধ্যায়

অপরাধ ও দণ্ড

২০। অপরাধ ও দণ্ড।—(১) কমিশনের নিকট প্রাথমিকভাবে (Prima facie) যদি প্রতীয়মান হয় যে, কোন এক্সচেঞ্জ বা বিদ্যমান এক্সচেঞ্জ বা উহার কোন পরিচালক, সদস্য, প্রধান নির্বাহী কর্মকর্তা, কর্মকর্তা-কর্মচারী, কমিটির কোন সদস্য, শেয়ারহোল্ডার বা কোন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে ও জ্ঞাতসারে এই আইনের কোন বিধান পালনে ব্যর্থ হইয়াছে বা লংঘন করিয়াছে, তাহা হইলে কারণ প্রদর্শনের যুক্তিসংগত সুযোগ প্রদান করিয়া উক্তরূপ ব্যর্থতা বা লংঘনের জন্য কমিশন—

- (ক) সংশ্লিষ্ট এক্সচেঞ্জকে অন্যান্য ১০ (দশ) লক্ষ টাকা অর্থদণ্ডে দণ্ডিত করিতে পারিবে, অথবা উক্ত এক্সচেঞ্জের নিবন্ধন সনদ স্থগিত করিতে পারিবে;
- (খ) উহার কোন পরিচালক, সদস্য, প্রধান নির্বাহী কর্মকর্তা, কর্মকর্তা-কর্মচারী, কমিটির কোন সদস্য, শেয়ারহোল্ডার বা ব্যক্তিকে অন্যান্য ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত করিতে পারিবে, যাহা তাহার ব্যক্তিগত তহবিল হইতে পরিশোধ করিতে হইবে।

(২) এই আইনের অধীন কমিশন কর্তৃক আরোপিত অর্থদণ্ড অনাদায়ী হইলে উহা বকেয়া ভূমি রাজস্ব হিসাবে আদায়যোগ্য হইবে।

(৩) উপ-ধারা (১) এর বিধানের সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করিয়া, কমিশন—

- (ক) এক্সচেঞ্জ বা বিদ্যমান এক্সচেঞ্জ এর পরিচালনা পরিষদ অথবা কোন পরিচালক বা কর্মকর্তা-কর্মচারী ইচ্ছাকৃতভাবে ও জ্ঞাতসারে এই আইনের বিধান পালনে ব্যর্থ হইলে বা লংঘন করিলে, উক্ত পরিচালনা পরিষদ বাতিল অথবা পরিচালনা পরিষদের সংশ্লিষ্ট সিদ্ধান্ত পরিবর্তন করিতে পারিবে, অথবা সংশ্লিষ্ট পরিচালককে পরিচালনা পরিষদ হইতে অপসারণ বা তাহার সদস্যপদ সাময়িকভাবে স্থগিত, অথবা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত বা অপসারণ করিতে পারিবে;



- (ব) এক্সচেঞ্জ বা বিদ্যমান এক্সচেঞ্জ এর প্রধান নির্বাহী কর্মকর্তা ইচ্ছাকৃতভাবে ও জ্ঞাতসারে এই আইনের বিধান পালনে ব্যর্থ হইলে বা লংঘন করিলে, কমিশন তাকে সাময়িকভাবে বরখাস্ত বা অপসারণ করিতে পারিবে;
- (গ) কোন কমিটি বা কোন কমিটির সদস্য ইচ্ছাকৃতভাবে ও জ্ঞাতসারে এই আইনের বিধান পালনে ব্যর্থ হইলে বা লংঘন করিলে, কমিশন উক্ত কমিটির সদস্যকে সাময়িকভাবে বরখাস্ত বা অপসারণ, বা উক্ত কমিটি বাতিল করিতে পারিবে;
- (ঘ) কোন সদস্য, শেয়ারহোল্ডার হউক বা না হউক, ইচ্ছাকৃতভাবে ও জ্ঞাতসারে এই আইনের বিধান পালনে ব্যর্থ হইলে বা লংঘন করিলে, কমিশন উক্ত সদস্যের নিবন্ধন সনদ সাময়িকভাবে স্থগিত বা বাতিল করিতে পারিবে;
- (ঙ) কোন এক্সচেঞ্জ বা বিদ্যমান এক্সচেঞ্জ এর পরিচালনা পরিষদ বাতিল অথবা উহার কোন পরিচালক বা কমিটির সদস্য বা কর্মকর্তা-কর্মচারীকে অপসারণ করিলে, লিখিত আদেশ দ্বারা অন্য কোন ব্যক্তি অথবা কর্তৃপক্ষকে, প্রযোজ্য ক্ষেত্রে, তাহাদের স্থলাভিষিক্ত করিতে পারিবে।

২১। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন।—এই আইনের কোন বিধান লংঘনকারী ব্যক্তি যদি কোম্পানী হয়, তাহা হইলে উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা এজেন্ট বিধানটি লংঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লংঘন তাহার অজ্ঞাতসারে হইয়াছে বা উক্ত লংঘন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ষষ্ঠ অধ্যায়

বিবিধ

২২। বিধি প্রণয়নের ক্ষমতা।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কমিশন, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উপ-ধারা (৪) এর বিধান সাপেক্ষে, বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) অনুযায়ী বিধি প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ এবং প্রাক-প্রকাশনা করিতে হইবে।

(৩) প্রাক-প্রকাশনার ক্ষেত্রে প্রস্তাবিত বিধি, বা সংশোধনের নিমিত্ত উহার খসড়া অন্যান্য ৩ (তিন) সপ্তাহের সময় প্রদানপূর্বক জনমত আহ্বান করিয়া সরকারি গেজেটের পাশাপাশি কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে এবং কমপক্ষে ৩ (তিন) টি দৈনিক পত্রিকাতে উল্লিখিত ওয়েবসাইটের ঠিকানাসহ ওয়েবসাইটে প্রকাশিত বিধির প্রাক-প্রকাশনা সংক্রান্ত নোটিশ প্রকাশ করিতে হইবে।



(৪) উপ-ধারা (৩) অনুযায়ী প্রাক-প্রকাশনার পর নির্ধারিত সময়ের মধ্যে কোন মতামত, পরামর্শ বা আপত্তি, যদি কোন, পাওয়া গেলে উহা বিবেচনা করিয়া, কমিশন, খসড়া বিধি সংশোধনপূর্বক উপ-ধারা (১) এর বিধান অনুসারে চূড়ান্তভাবে সরকারি গেজেটে প্রকাশের ব্যবস্থা করিবে।

২৩। প্রবিধান প্রণয়নের ক্ষমতা।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এক্সচেঞ্জ, কমিশনের পূর্বানুমতিক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা উহার অধীন প্রণীত বিধির সহিত সংগতিপূর্ণ হওয়া সাপেক্ষে প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

(২) যদি কমিশনের নিকট এই মর্মে প্রতীয়মান হয় যে কোন এক্সচেঞ্জ সংক্রান্ত কোন প্রবিধান প্রণয়ন অথবা বিদ্যমান কোন প্রবিধানের সংশোধন বা বাতিল করা প্রয়োজন তাহা হইলে কমিশন উক্ত কার্য সম্পাদনের জন্য এক্সচেঞ্জকে সুনির্দিষ্ট সময় উল্লেখপূর্বক লিখিত আদেশ প্রদান করিতে পারিবে।

(৩) যদি কোন এক্সচেঞ্জ উপ-ধারা (২) এ প্রদত্ত আদেশ নির্দিষ্ট সময়ের মধ্যে পালনে ব্যর্থ হয় তাহা হইলে কমিশন উক্ত প্রবিধান প্রণয়ন, সংশোধন বা বাতিল করিতে পারিবে এবং উক্তরূপে প্রণীত, সংশোধিত বা বাতিলকৃত প্রবিধান এই ধারার অধীন এক্সচেঞ্জ কর্তৃক প্রণীত, সংশোধিত বা বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২৪। আদেশ বা নির্দেশ প্রদানে কমিশনের ক্ষমতা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কোন আদেশ বা নির্দেশ প্রদান করিবার প্রয়োজন হইলে, কমিশন, কোন এক্সচেঞ্জ অথবা এক্সচেঞ্জের শেয়ারহোল্ডার অথবা ট্রেডারহোল্ডার অথবা কোন কমিটি বা কমিটির সদস্যকে যথোপযুক্ত আদেশ বা নির্দেশ প্রদান করিতে পারিবে।

২৫। গোপনীয়তা সংরক্ষণ।—এক্সচেঞ্জ বা বিদ্যমান এক্সচেঞ্জ এর কোন পরিচালক, সদস্য, প্রধান নির্বাহী কর্মকর্তা, কর্মকর্তা-কর্মচারী, কমিটির কোন সদস্য, শেয়ারহোল্ডার বা কোন ব্যক্তি এই আইনের বিধান অনুযায়ী কোন দায়িত্ব পালনকালে অথবা অন্য কোনভাবে কোন মূল্য সংবেদনশীল তথ্য, তদন্তাধীন কোন বিষয়ের তথ্য বা বাজার নজরদারি (Market Surveillance) হইতে প্রাপ্ত কোন তথ্য অবগত হইলে উহা কমিশনের সম্মতি ব্যতীত অন্য কাহারও নিকট প্রকাশ করিতে পারিবেন না।

২৬। জটিলতা নিরসন।—এই আইনের বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে এই আইনের কোন বিধানের অস্পষ্টতার কারণে কোন জটিলতা বা অসুবিধা দেখা দিলে সরকার, বিদ্যমান আইন ও বিধি-বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া, স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক উক্ত বিষয়ে করণীয় সম্পর্কে সংশ্লিষ্টদের দিক-নির্দেশনা প্রদান করিতে পারিবে।



২৭। ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।—এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে :

তবে শর্ত থাকে যে, এই আইন ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে এই আইন প্রাধান্য পাইবে।

মোঃ মাহবুবুর রহমান
সচিব।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd





ডিএসই ডিমিউচ্যালাইজেশন স্কীম



রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৮, ২০১৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

DHAKA STOCK EXCHANGE LIMITED

Notification

Dated: October 03, 2013

In accordance with the provision of section 7(gha) of the এক্সচেঞ্জেস ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ (Exchanges Demutualization Act, 2013), Dhaka Stock Exchange Limited hereby publishes the following Demutualization Scheme of Dhaka Stock Exchange Limited approved by the Bangladesh Securities and Exchange Commission in exercise of the power conferred by section 6 of the এক্সচেঞ্জেস ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ (Exchanges Demutualization Act, 2013).

(৮৬২১)

মূল্য : টাকা ৪৮.০০



বিশেষ সাময়িকী ২০১৪

১৩২

Demutualization Scheme of Dhaka Stock Exchange Limited**DISCLAIMER**

APPROVAL OF THE BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION HAS BEEN OBTAINED TO THE ATTACHED DEMUTUALIZATION SCHEME OF DHAKA STOCK EXCHANGE LIMITED UNDER SECTION 6 OF THE এক্সচেঞ্জস ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ (EXCHANGES DEMUTUALIZATION ACT, 2013). IT MUST BE DISTINCTLY UNDERSTOOD THAT IN GIVING APPROVAL THE COMMISSION DOES NOT TAKE ANY RESPONSIBILITY FOR THE FINANCIAL SOUNDNESS OF THE DHAKA STOCK EXCHANGE LIMITED, VALUE OF ANY OF ITS ASSETS, NUMBER OF SHARES TO BE ISSUED, PRICE OF THE SHARE OR FOR THE CORRECTNESS OF ANY OF THE STATEMENTS MADE OR OPINION EXPRESSED WITH REGARD TO THE SCHEME. SUCH RESPONSIBILITY LIES WITH THE DHAKA STOCK EXCHANGE LIMITED, ITS DIRECTORS, CHIEF EXECUTIVE OFFICER/CHIEF FINANCIAL OFFICERS, VALUER AND/OR AUDITORS.

Declaration by Dhaka Stock Exchange Limited

It is hereby declared that the assets including land and building as shown in the Demutualization Scheme are currently unencumbered and owned by Dhaka Stock Exchange Ltd. No shareholder of Dhaka Stock Exchange Ltd. or any other person has any right in terms of ownership, permanent possession or otherwise except tenancy. Dhaka Stock Exchange Ltd. has absolute legal right to terminate or modify the tenancy agreement whenever they desire.

The new board of Dhaka Stock Exchange Ltd. after demutualization may review the conditions of its tenancy agreement including current rent structure.

On behalf of the Board of Directors

President
Dhaka Stock Exchange Ltd.



1. Introduction

1.1. Overview of Bangladesh Capital Market:

The capital market of Bangladesh, being the third largest in South Asia, has immense potentials to contribute to the country's industrialization, development of infrastructure and overall economic growth. At present, it has two full-fledged automated stock exchanges namely Dhaka Stock Exchange Limited ("DSE") and Chittagong Stock Exchange Ltd. ("CSE"); both the exchanges also operate over the counter ("OTC") markets.

After the independence of Bangladesh in 1971, Dhaka Stock Exchange Ltd., formerly known as East Pakistan Stock Exchange, initiated the pathway for capital market intermediation in the country. During the last two decades, capital markets witnessed number of institutional and regulatory developments which have resulted in diversified capital market intermediation.

Bangladesh Securities and Exchange Commission ("BSEC") was established in 1993 in pursuance of the Bangladesh Securities and Exchange Commission Act, 1993, as the capital markets regulator.

Bangladesh capital market broadly consists of equity (i.e. ordinary stock, preference stock), mutual fund, debenture, bond, other debt securities and treasury bills with dominance of equity based products.

1.2. Dhaka Stock Exchange Ltd. ("DSE"):

The necessity of establishing a stock exchange in the then East Pakistan was first felt by the Pakistan government in 1952. As a result, the East Pakistan Stock Exchange Association Ltd. was formed on April 28, 1954 as a public company limited by shares, the name was amended to East Pakistan Stock Exchange Ltd. on June 23, 1962. Again on 14 May 1964, the name of East Pakistan Stock Exchange Limited was changed to "Dhaka Stock Exchange Ltd."

Although DSE was incorporated in 1954, it started its formal trading in 1956 from the then office situated at Narayanganj. Later on, in 1958, DSE shifted its trading floor to Dhaka. DSE started automated screen based trading in 1998.



1.3. Key Statistics for Dhaka Stock Exchange Ltd:

The equity markets of Bangladesh have grown rapidly over the years and constituted about 25% of the country's gross domestic product ("GDP") in 2013 *vis a vis* only meager 6% of GDP in 2004.

Table 1: Key Statistics over the years (DSE)

Year	Market PE	Average Turnover BDT million	Average Market- Cap BDT million	Market- Cap to GDP Ratio
2004	18.40	199.60	141,702.83	6.05%
2005	13.85	251.41	218,813.18	5.50%
2006	14.51	285.43	245,919.95	6.68%
2007	23.58	1,362.31	506,609.94	13.60%
2008	18.42	2,818.42	899,870.95	16.97%
2009	25.65	6,046.32	1,247,062.35	27.41%
2010	29.16	16,434.07	2,746,722.80	44.03%
2011	13.68	6,642.18	2,799,631.94	28.60%
2012	12.07	4,206.24	2,461,739.93	26.27%
2013*	10.79	2,406.34	2,475,126.64	24.18%

* up to 31 march 2013

1.4. Background of Demutualization - Dhaka Stock Exchange Ltd:

Historically, most exchanges globally were not-for-profit organizations owned by their members. Over the past few years, there has been a trend among exchanges to consider alternative governance structures to these traditional mutual or cooperative models. In most cases, the exchange is transformed into a for-profit shareholder-owned enterprise, which is known as Demutualization. The key objective of demutualization is the separation of trading right from ownership and management to bring in better corporate governance.

In line with the global trend and keeping the advantages of demutualization in mind, the Exchanges Demutualization Bill was passed by the Parliament on April 29, 2013 and the same received the assent of the Honourable President on May 02, 2013 and the এক্সচেঞ্জ ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ (Exchanges Demutualization Act, 2013) was published in the Bangladesh Gazette on the same date and came into effect immediately. According to the Act, the two stock exchanges in Bangladesh are under an obligation to prepare and submit a Demutualization Scheme along with all relevant documents and information to BSEC within 90 days from the date of effect of the Act.



In line with the requirements of the Act, DSE prepares and adopts this Demutualization Scheme with approval of BSEC.

2. Concept of Demutualization

2.1. Definition and Significance:

Demutualization in its strictest term means the process of segregation of ownership and management from the trading rights of any exchange and transforming a non-profit-distributing, mutually owned organization to a for-profit entity owned by the shareholders through corporatization.

2.2. Objectives and Motivations of Demutualization:

The growing competitive pressure in line with globalization has triggered a wave of restructuring of the stock exchanges. Technology improvements, increasing economic competition and the associated costs led stock exchanges to revise their entrepreneurial strategies. As a result, a large number of stock exchanges have been demutualized all over the world.

The key objectives of the demutualization of stock exchanges include-

1. Decoupling of ownership and trading rights;
2. Shareholders are entitled to profits, which exerts pressure for greater efficiency and maximization of the value of the exchange, not members; and
3. Superior governance.

2.3. Changes in Status and Roles of a Demutualized Exchange:

The transformation of exchanges from mutual to demutualized structure involves two key features: (i) a change in the ownership structure, and (ii) a change in legal as well as organizational form. Both need to be accompanied by adequate safeguards to ensure appropriate governance.



3. Demutualization of Dhaka Stock Exchange Ltd.

3.1. Capital Structure:

3.1.1. Proposed Authorized & Paid-up Capital

The post-demutualization paid up capital of the Exchange shall be BDT 18,037,765,000 (Eighteen Billion Thirty Seven Million Seven Hundred and Sixty Five thousand) to be divided in 1,803,776,500 (One Billion Eight Hundred and Three Million Seven Hundred Seventy Six Thousand and Five Hundred) ordinary shares of BDT 10/- (Ten) each and authorized capital shall be BDT 25,000,000,000 (Twenty five billion) to be divided in 2,500,000,000 (Two Billion and Five Hundred Million) shares of BDT 10/- (Ten) each.

3.1.2 Valuation Methodologies

Under the provisions of the এক্সচেঞ্জস ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ (Exchanges Demutualization Act, 2013) a re-valuation of the Assets and Liabilities of Dhaka Stock Exchange as at 31st March, 2013 was to be prepared by a firm of Chartered Accountants approved by the Commission.

This re-valuation was undertaken by Rahman Rahman Huq, Chartered Accountants under the Net Assets Methodology applying going concern assumptions.

A re-valuation using the asset based method on a going concern basis requires the determination of the market value of net assets. The market value of net asset is estimated by determining the market value of assets, and then deducing the market value of liabilities. In the absence of any information to the contrary (e.g. a property or a plant and equipment re-valuation), the carrying or book value of assets is usually taken to be representative of market value.

The going concern assumption assumes that the business will continue to trade and that no realization of assets will occur. Accordingly, no allowance for realization costs is assumed.

3.1.3 Valuation of DSE:**. Asset-Liability Valuation of DSE**

To fulfill the requirement of Section 5(chha) of the এক্সচেঞ্জের ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ (Exchanges Demutualization Act 2013), DSE has performed an asset-liability revaluation. The revaluation exercise has been performed by KPMG Rahman Rahman Huq.

The revalued Net Asset Value of the Exchange has been derived from the exercise, which shall be fully capitalized as paid-up capital of the demutualized exchange. Shares shall be allocated to the 250 initial shareholders, number of which shall be determined on the basis of BDT 10 face value.

The Net Asset Value, pre and post revaluation, are as follows:

Table 2: Net Asset Value of DSE – Pre & Post Valuation

Particulars as on March 31, 2013 (BDT)	Pre- Revaluation	Revaluation Amount	Post- Revaluation
Net Asset Value	11,173,516,825	6,864,248,175	18,037,765,000

Table 3: Valuation Results and Interpretation – Net Assets Method**(done by KPMG Rahman Rahman Huq)**

Assets and Liabilities As at 31 March 2013	Book Value BDT '000	Valuation Adjustments BDT '000	Restated Book Value BDT '000
Property, plant and equipment	153,892	4,133,578	4,287,470
Intangible assets	2,467	26,793	29,260
Biological asset	64	-64	-
Capital work-in-progress	1,245,923	2,287,850	3,533,773
Investment in CDBL	384,300	432,453	816,753
Total Non-current Assets	1,786,646	6,880,610	8,667,256



Accounts receivables	36,306	-11,441	24,865
Interest receivables	406,762	2,916	409,678
Advance, deposit & prepayments	61,659	-4,700	56,959
Home loan for official	73,178	-	73,178
Car loan for official	9,230	-	9,230
Sundry advance	13,921	-80	13,841
Cash & cash equivalents	898,033	1,299	899,332
Short-term investments	9,110,676	-12	9,110,664
Total Current Assets	10,609,765	-12,018	10,597,747
Total assets	12,396,411	6,868,592	19,265,003
Liabilities for expenses	40,334	229	40,563
Liabilities for other finance	822,144	506	822,650
Current portion of term loan	7,300	-	7,300
Total Current Liabilities	869,778	735	870,513
Net Current Assets	9,739,987	-12,753	9,727,234
Total Assets less Current Liabilities	11,526,633	6,867,857	18,394,490
Non-current portion of term loan	7,300	-	7,300
Liability for gratuity	83,311	3,609	86,920
Liabilities for long term finance	262,505	-	262,505
